আনন্দলহরী।

পরমহংসপরিব্রাজকাচার্য্য-ভগবচ্ছঙ্করাচার্য্যবিরচিতা

শ্রীপূর্ণানন্দঘোষ রায়েণ
পাইকপাড়া-রাজবাটীতঃ

অচ্যুতানন্দপ্রণীতটীকয়া বঙ্গানুবাদেন চ সহ

প্রকাশিতা।

দ্বিতীয়সংস্করণম্।

কলিকাতা-রাজধান্যাং
পাথুরিয়াঘাটা ষ্ট্রিট্, ৭১ নং রামনারায়ণ-যন্ত্রে
শ্রীকালীপ্রসন্ন বসুদ্বারা
মুদ্রিতা।

শকাব্দাঃ ১৮০৯, বঙ্গাব্দ ১২৯৪।

বিজ্ঞাপন

অদ্বিতীয়দার্শনিক ও অসাধারণ কবি, পরমহংসপরিব্রাজকাচার্য্য ভগবান্ শঙ্করাচার্য্য প্রণীত শক্তিস্তোত্রময়ী আনন্দলহরী বিদ্বদ্বৃন্দের অপরিচিত নহে। গ্রন্থখানি পাঠ করিলে সহৃদয় গণের হৃদয়কন্দর এরূপ অপরিমেয় আনন্দরসে উচ্ছলিত হয় যে, পাঠসমকালে প্রতিপদে উহার "আনন্দলহরী" এই সংজ্ঞা সার্থক বলিয়া বোধ হয়। কিন্তু মন্দাকিনীর পবিত্র অমৃতধারা যেমন স্বরগণেরই অসাধারণরূপে ভোগ্যবস্তু, তেমনি এই অনুপম আনন্দলহরী কেবল সুপণ্ডিতমণ্ডলীর আস্বাদ্য হওয়ায় আমি উহা সাধারণের সুখাস্বাদ্য করিবার নিমিত্ত বহুকালাবধি চেষ্টা করিয়া আসিতেছি। ঐকান্তিকী চেষ্টা বিফলা হয় না। বহু অন্বেষণের পর আমার জন্মভূমি পাঁচতোপীর বাটীতে মহাত্মা অচ্যুতানন্দপ্রণীত একখানি প্রাঞ্জলটীকার সহিত একত্র লিখিত আনন্দলহরী পুস্তক প্রাপ্ত হই। স্বর্গগত সাধকপদবাচ্য মদীয় পূর্ব্বপুরুষগণ জগদম্বার চরণারবিন্দে নিরতিশয় ভক্তি বশতঃ স্তোত্রপাঠাদিরূপে সতত তদীয় গুণগানে তৎপর ছিলেন বলিয়া প্রযত্নসহকারে উক্ত পুস্তক সংগ্রহ করিয়া যান। সংগৃহীত মূল তিন খানির মধ্যে প্রথম খানির প্রাপ্তি বিবরণ প্রদত্ত হইল। উহা ১৭২১ অব্দে পৌষ মাসের দ্বিতীয় দিবসে লিখিত বলিয়া উল্লিখিত আছে। দ্বিতীয় পুস্তক পূজনীয় শ্রীযুক্ত পূর্ণানন্দ ব্রহ্মচারী মহাশয়ের নিকট হইতে প্রাপ্ত। উহা ১৭৫৫ অব্দে লিখিত। তৃতীয় পুস্তক স্থানান্তর হইতে ক্রীত ও উহা ১৭০২ অব্দে লিখিত। ঐ তিন খানি মূল ও দুই খানি টীকা অবলম্বন করিয়া উক্ত পূজনীয় ব্রহ্মচারীদ্বারা সংস্কৃত অংশের যথামতি সংশোধনপূর্ব্বক গৌড়ীয় ভাষায় মূলের যথাযথ অনুবাদ সংযোজন করিয়া এই সটীক সানুবাদ ও তাৎপর্য্যসমেত আনন্দলহরী গ্রন্থ প্রকাশ করা হইল।

এস্থলে উল্লেখকরা আবশ্যক যে, আদর্শ পুস্তকগুলির অসংলগ্ন অংশ সংলগ্ন করিবার নিমিত্ত কোন স্থলে স্বকপোলকল্পিত একটী পদও প্রয়োগ না করিয়া সমুচিত প্রয়াসসহকারে তত্তৎস্থলের উদ্ধারপূর্ব্বক সন্নিবেশ করা হইয়াছে। বঙ্গানুবাদও অবিকল ও সরল করিবার চেষ্টা করা গিয়াছে। মন্ত্রপক্ষে ব্যাখ্যা ও তাৎপর্য্যপ্রকাশার্থ স্বতন্ত্র টিপ্পনীও প্রদত্ত হইয়াছে। এক্ষণে এই পুস্তক সনাতন ধর্ম্মানুরক্ত শক্তিভক্তিপরায়ণ পাঠক-সাধারণের আনন্দলহরীর মর্ম্মার্থপরিজ্ঞানে কিঞ্চিৎ সাহায্য করিলেই আমি চরিতার্থতা লাভ করি। অলমতিপল্লবিতেন। ইতি।

১২৯৩ বঙ্গাব্দ।
২৫ শে পৌষ।
পাইকপাড়া-রাজবাটী
কলিকাতা।

শ্রীপূর্ণানন্দ ঘোষরায়।

দ্বিতীয়বারের বিজ্ঞাপন।

হিন্দুধর্ম্মপরায়ণ মহাত্মাগণ মধ্যে কেহ কেহ এই পুস্তক প্রাপ্ত হন নাই, তাঁহাদিগকে প্রদান নিমিত্ত ইহা সংশোধিত হইয়া পুনর্ব্বার বিতরণার্থ মুদ্রিত হইল। ইতি।

১২৯৪ বঙ্গাব্দ।
২৭ শে ফাল্গুন।
পাইকপাড়া-রাজবাটী।
কলিকাতা।

শ্রীপূর্ণানন্দ ঘোষরায়।

উপহারপত্র।

নিত্যারাধ্যচরণসরোজ তান্ত্রিকচূড়ামণি

শ্রীযুক্ত পণ্ডিত কালীকুমার বিদ্যারত্ন ভট্টাচার্য্য

ঠাকুর মহাশয়ের শ্রীচরণকমলে

ঐকান্তিকী ভক্তির নিদর্শনস্বরূপ

এই আনন্দলহরী

পরমানন্দে

উপহার

অর্পিত হইল।

আনন্দলহরী

শিবঃ শক্ত্যা যুক্তো যদি ভবতি শক্তঃ প্রভবিতুং
নচেদেবং দেবো ন খলু কুশলঃ স্পন্দিতুমপি।
অতস্ত্বামারাধ্যাং হরিহরবিরিঞ্চ্যাদিভিরপি
প্রণন্তুং স্তোতুং বা কথমকৃতপুণ্যঃ প্রভবতি॥ ১॥

ওঁ নমঃ শিবায়।

নত্বা পিত্রোঃ পদাম্ভোজং ব্যাখ্যানং ক্রিয়তে ময়া।
আনন্দলহরীস্তোত্র স্যাচ্যুতানন্দশর্ম্মণা॥

কদাচিদ্ভগবতা শঙ্করাচার্য্যেণ শঙ্করমূর্ত্তিনাপি বিবিধশাস্ত্রানুশীলনভয়া সর্ব্বং বৈ পরং ব্রহ্মেতি মতমাশ্রিত্য হরেরন্যদেবং ন জান ইত্যনুশাসতা প্রত্যক্ষীভূতয়া শক্ত্যানুগৃহীতেন তস্যা এব প্রাধান্যমনুভবতা স্তোত্রমারব্ধম্॥ শিব ইতি॥ শিবো ব্রহ্মস্বরূপঃ যদি ইচ্ছাজ্ঞানক্রিয়াদিশক্ত্যা যুক্তো ভবতি তদা প্রভবিতুমধিকর্ত্তুং শক্তঃ; ন চেদেবং স্পন্দিতুং চলিতুমপি ন সমর্থঃ। অতো হেতোস্ত্বাং প্রণন্তুং স্তোতুং বা অকৃতপুণ্যো জনঃ কথং প্রভবতি। প্রাক্তনপুণ্যং বিনা স্তুতিনত্যাদিকং ন সম্পদ্যত ইত্যর্থঃ। ত্বাং কিম্ভূতাং? হরিহরবিরিঞ্চ্যাদিভিঃ সেব্যাম্। বস্তুতস্তু সৃষ্ট্যাদীনাং শক্তিঃ কারণম্। তদুক্তং গীতায়াম্; অজোঽপি সন্নব্যয়াত্মা দেবানামীশ্বরোঽপি সন্। প্রকৃতিং স্বামধিষ্ঠায় সম্ভবাম্যাত্মমায়য়া। শারদায়ামপি। সচ্চিদানন্দবিভবাৎ সকলাৎ পরমেশ্বরাৎ।' আসীচ্ছক্তিস্ততো নাদো নাদাদ্বিন্দুসমুদ্ভবঃ॥ তত্র সকলাদিতি কলাযুক্তশক্তিমত ইত্যর্থঃ। বামকেশ্বরতন্ত্রেঽপি। পরোঽপি

শক্তিরহিতঃ শক্তঃ কর্ত্তুং ন কিঞ্চন। শক্তস্তু পরমেশানি শক্ত্যা যুক্তো ভবেদ্‌যদি ॥ অত্র মন্ত্রমপ্যুদ্ধরন্তি। শিবো হঙ্কারঃ যদি শক্ত্যা সঃ কারেণ যুক্তো ভবতি তদা প্রভবিতুং সমস্ততন্ত্রাণামাদির্ভবিতুং শক্তঃ। হংসমন্ত্রঃ সোহঞ্চ। গোরক্ষসংহিতায়াম্। অকারো হরিরিত্যাহুরুকারো হর উচ্যতে। মকারো ব্রহ্মণঃ সংজ্ঞা জায়তে প্রণবস্তু তৈঃ ॥ অথবা কাদিক্ষকারপর্য্যন্তবর্ণ-সমূহঃ। শক্তিঃ ষোড়শস্বরঃ। তয়া যুক্তো যদি ভবতি তদা বেদাদিকং স্পষ্টীকর্ত্তুং শক্তো ভবতি; ন চেৎ স্পন্দিতুমুচ্চারণবিষয়ীভবিতুমপি ন কুশলঃ। তদুক্তং শারদায়াম্। বিনা স্বরৈস্তু নান্যেষাং জায়তাং ব্যক্তি-রঞ্জসা। শিবশক্তিময়াস্তস্মাদ্বর্ণাঃ প্রোক্তা মনীষিভিঃ ॥ ব্যাখ্যানঞ্চ শিবশব্দ

মাতঃ! শিব যদি শক্তিযুক্ত থাকেন, তাহা হইলেই তিনি প্রভাবশালী হইয়া সৃষ্টি স্থিতি প্রলয় প্রভৃতি সমুদায় কার্য্য সাধন করিতে পারেন; নচেৎ তিনি স্বয়ং স্পন্দিত হইতেও সমর্থ হয়েন না; এই কারণে জগতের সৃষ্টি স্থিতি ও সংহারাদি করিবার

টিপ্পনী।—পরমহংস পবিব্রাজকাচার্য্য ভগবান্ শঙ্করাচার্য্য, প্রথম অবস্থায় একমাত্র ব্রহ্মস্বরূপ শিবের আরাধনা করিতেন, শক্তি মানিতেন না। তাঁহার ঈদৃশ ভ্রমপ্রমাদ দর্শনে ভগবতী কুপিতা হইলেন। একদা শঙ্করাচার্য্য কাশীতে মণিকর্ণিকা-ঘাটে স্নানার্থ গমন করিয়াছেন, এমত সময়, দেবী তাঁহার শক্তি হরণ করিলেন; শঙ্করের অংশ শঙ্করাচার্য্য, শবের ন্যায় গঙ্গাতীরে পড়িয়া থাকিলেন; তৎকালে তাঁহার স্পন্দিত হইবারও শক্তি থাকিল না। কিয়ৎক্ষণ পরে ভগবতী ভবানী, শিবের অনুরোধে কৃপা করিয়া নারীরূপ ধারণপূর্ব্বক সেই স্থানে জল লইবার ছলে গমন করিলেন। শক্তিদেবীর কটাক্ষপাতে আচার্য্যের অল্পমাত্র কথা কহিবার সামর্থ্য হইল। আচার্য্য কহিলেন, মা! আমায় একটু জল দাও; আমার অত্যন্ত পিপাসা হইয়াছে। দেবী কহিলেন, কেন বাছা? তুমি ত এই জলের ধারেই শুইয়া রহিয়াছ। তোমার হাত আছে; আপনি জল লইয়া খাওনা কেন? আচার্য্য কহিলেন, মা। আমার শক্তি নাই! দেবী কহিলেন, কি! তুমি কি শক্তি মানিয়া থাক। দেবী এই কথা বলিয়াই অন্তর্হিতা হইলেন। এতদ্দর্শনে ভগবান্ শঙ্করাচার্য্যের জ্ঞানোদয় হইল। তখন তিনি হৃদয়ঙ্গম করিলেন, শক্তি হইতেই সৃষ্টি স্থিতি প্রলয় বন্ধন

ইকারেণ যুক্তশ্চেৎ ঈশ্বরবাচকঃ অন্যথা শব ইতি শব্দচ্ছলঃ। তন্ত্রে দৃষ্টং যথা সঃকারেণ বহির্যাতি হংকারেণ বিশেৎ পুনঃ। হংসো হংস ইমং মন্ত্রং জীবো জপতি সর্ব্বদা॥ অথবা ত্বাং কিম্ভূতাং? প্রণবাদিবেদমন্ত্রৈরারাধ্যাম্। প্রণবস্তু হরিহরবিরিঞ্চিবাচকৈঃ অকার-উকার-মকারবাচকৈঃ। তথাচ অকারো হরিরিত্যাহুরুকারো হর উচ্যতে। মকারো ব্রহ্মণঃ সংজ্ঞা জায়তে প্রণবস্তু তৈঃ॥ ১॥

নিমিত্ত ব্রহ্মা বিষ্ণু ও মহেশ্বর এবং অন্যান্য দেবতা প্রভৃতি সকলেই তোমার আরাধনা করিয়া থাকেন; ঈদৃশ অবস্থায় মাদৃশ অকৃতপুণ্য সামান্য ব্যক্তি কিরূপে তোমাকে প্রণাম করিতে বা তোমার স্তব করিতে সমর্থ হইবে। ১।

মোক্ষ প্রভৃতি সমুদায় ব্যাপার হইতেছে। শক্তি না থাকিলে শিবও শব হয়েন। অনন্তর আচার্য্য, শক্তিলাভ-প্রত্যাশায় শক্তিকে প্রসন্না করিবার নিমিত্ত এই আনন্দলহরী স্তব করিতে আরম্ভ করিলেন।—

শিবশব্দে ককারাদি ব্যঞ্জনবর্ণ। শক্তিশব্দে অকারাদি স্বরবর্ণ। শিব যদি শক্তিযুক্ত থাকেন, অর্থাৎ ব্যঞ্জনবর্ণ যদি স্বরবর্ণের সহিত যুক্ত হয়, তাহা হইলেই বেদপ্রভৃতি ব্যক্ত করিতে পারে; শক্তি অর্থাৎ স্বরবর্ণ যুক্ত না হইলে শিব অর্থাৎ ব্যঞ্জনবর্ণ স্পন্দিত অর্থাৎ উচ্চারিতই হয় না। অথবা শিবশব্দে ইকার যুক্ত না থাকিলে শব হয়; শবে ইকার যুক্ত থাকিলে ঈশ্বরবাচক হইয়া থাকে। অথবা শিব শব্দে 'হং' শক্তিশব্দে 'সঃ'। শিব শক্তিযুক্ত হইলে অর্থাৎ হং সঃ এই দুই বর্ণ একত্র হইলে তন্ত্রের প্রধান মন্ত্র হইয়া থাকে। জীব সর্ব্বদা এই মন্ত্র জপ করিতেছেন। নিশ্বাস আকর্ষণে হং, নিশ্বাস পরিত্যাগে সঃ উচ্চারিত হইয়া থাকে। ইহার নাম অজপামন্ত্র। হরি-হর-বিরিঞ্চি শব্দে অকার-উকার মকার। এই তিন বর্ণ যুক্ত হইলে ওঁ হইল। মাতঃ! তুমি ওঁ প্রভৃতি বেদবাক্য দ্বারা আরাধ্য। প্রণবে যেরূপ ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর, এই তিন দেবতা আছেন, সেইরূপ ঐ তিন দেবতাতেও ইচ্ছাশক্তি, ক্রিয়াশক্তি ও জ্ঞানশক্তি, এই তিন শক্তি রহিয়াছে। ক্রিয়াশক্তি ব্রহ্মাতে অধিষ্ঠান পূর্ব্বক সৃষ্টি করিতেছেন; জ্ঞানশক্তি বিষ্ণুতে অধিষ্ঠানপূর্ব্বক পালনে প্রবৃত্ত হইতেছেন, ইচ্ছাশক্তি মহেশ্বরে অধিষ্ঠানপূর্ব্বক সংহার করিতেছেন। ব্রহ্মা বিষ্ণু ও

তনীয়াংসং পাংশুং তব চরণপঙ্কেরুহভবং
বিরিঞ্চিঃ সঞ্চিন্বন্ বিরচয়তি লোকানবিকলম্।

দেব্যাশ্চরণরেণূনাং মহিমানমাহ তনীয়াংসমিতি। হে মাতস্তব পাদ-পদ্মভবমল্পতরং পাংশুং ধূলিং ব্রহ্মা রাশীকুর্ব্বন্ স্বচ্ছন্দং লোকান্ সৃজতি। তব মহিম্না তনীয়সোঽপি বহুলীকরণসামর্থ্যমিতি ভাবঃ। এনং চরণরেণুং জগত্বেন সম্পন্নমপরিমেয়পরাক্রমোঽপি নারায়ণঃ অনন্তরূপেণ কষ্টসৃষ্ট্যা সহস্রেণ শিরসাং বহতি। তনীয়সোঽপি এবম্ভূতং গরীয়স্ত্বমিতি ভাবঃ। হর এনম্ অন্তকালে স্বতেজসা দগ্ধং সংক্ষুভ্য চূর্ণীকৃত্য বিভূতিগ্রহণবিধিং ভস্মলেপনবিধিং ভজতি। তদাত্মকত্বাৎ আত্মনি পুনস্তনীয়স্ত্বমিতি ভাবঃ। তব পাদরেণবঃ সৃষ্টিস্থিতি প্রলয়ানাং হেতব ইতি তাৎপর্য্যার্থঃ। অত্র ভূতশুদ্ধিবীজান্যুদ্ধরন্তি। তনীয়াংসং শব্দাৎ যংকারঃ। চরণশব্দাদ্রেফঃ। পাংশুশব্দাৎ বিন্দুঃ। অবিকলং শব্দাৎ লঙ্কারঃ। ভবং শব্দাৎ বঙ্কারঃ। এতেন যং রং বং লং ইতি ভূতশুদ্ধিবীজচতুষ্টয়ম্ ॥ ২ ॥

জননি! ভগবান্ পিতামহ, তোমার চরণসরোজ-স্থিত অল্প-মাত্র ধূলি সংগ্রহ করিয়া তদ্দ্বারা এই জগৎপ্রপঞ্চ নির্ম্মাণ করিয়াছেন। পরে অপরিমেয়-পরাক্রম বিষ্ণু, অনন্তরূপে কষ্টসৃষ্ট্যা সহস্র মস্তক দ্বারা ত্বদীয় পাদপদ্ম-পরাগ-পরিনির্ম্মিত সেই জগৎ ধারণ করিতেছেন। প্রলয়কালে ভগবান্ ভূতনাথ, নিজ তেজোদ্বারা এই জগৎ দগ্ধ, ভস্মাবশিষ্ট ও চূর্ণ করিয়া নিজ অঙ্গে সেই বিভূতি লেপন করিয়া থাকেন। ২।

মহেশ্বর শিবশব্দের বাচ্য। গোরক্ষসংহিতাতে আছে "ইচ্ছা ক্রিয়া তথা জ্ঞানং গৌরী ব্রাহ্মী চ বৈষ্ণবী। ত্রিধা শক্তিঃ স্থিতা লোকে তৎপরং শক্তিরোমিতি ॥" অস্মৎকৃত ত্রিশক্তিস্তোত্রে "ব্রহ্মণ্যধিষ্ঠায় জগৎ সৃজন্তী বিষ্ণাবধিষ্ঠায় চ পালয়ন্তী। শিবেঽপ্যধিষ্ঠায় চ সংহরন্তী ত্বং কালি তারে ত্রিপুরে প্রসীদ ॥" ইতি। ১।

বহত্যেনং শৌরিঃ কথমপি সহস্রেণ শিরসাং
হরঃ সংক্ষুভ্যৈনং ভজতি ভসিতোদ্ধূলনবিধিম্‌ ॥ ২ ॥
অবিদ্যানামন্তস্তিমিরমিহিরোদ্দীপনকরী
জড়ানাং চৈতন্যস্তবকমকরন্দশ্রুতিশিরা।

ভক্তেষ্বনুকম্পামাহ অবিদ্যা ইতি। অবিদ্যানামজ্ঞানিনাং যদন্তস্তিমির-মহঙ্কাররূপং তত্র রবিপ্রকাশকরী শ্রীভগবতী। ভগবত্যা অনুকম্পা চেৎ মূর্খোঽপি প্রসন্নচেতা ভবতীত্যর্থঃ। মিহিরদ্বীপনগরীতি ক্বচিৎ পাঠঃ। তত্র দ্বাদশাদিত্যস্থানরূপা নগরী ত্বমিত্যর্থঃ। জড়ানাং কর্ত্তব্যাকর্ত্তব্যবিমূঢ়ানাং নানাজাতীয়জ্ঞানরূপং যৎ পুষ্পগুচ্ছং তত্র মকরন্দশ্রুতিশিরা। অন্তঃপ্রবোধ-মধুস্রবাণাং সম্পাদয়িত্রী ত্বং জড়ানামপি বিশিষ্টজ্ঞানদাত্রী ত্বমিত্যর্থঃ। দরিদ্রাণাং চিন্তামণিঃ অভীষ্টফলদো মণিবিশেষঃ। তস্য গুণনিকা গুণ-স্বরূপা ত্বং দরিদ্রাণাং সম্বন্ধে দানশক্তিরূপা ত্বং যয়া দারিদ্র্যভঞ্জনং ভবতি সা ত্বমিত্যর্থঃ। তথা সংসারসমুদ্রে মগ্নানাং পৃথিব্যুদ্ধারকস্য বরাহরূপস্য

মাতঃ! অজ্ঞানতমসাচ্ছন্ন ব্যক্তিদিগের অন্তঃকরণে যে অজ্ঞানরূপ গাঢ় অন্ধকার রহিয়াছে, তুমি তাহা দূর করিবার নিমিত্ত সেই স্থলে জ্ঞানদিবাকর উদিত করিয়া দিতেছ। যাহারা কর্ত্তব্যাকর্ত্তব্য-বিমূঢ়, তাহাদিগের নানাজাতীয়জ্ঞানরূপ যে পুষ্প-স্তবক, তুমি তাহার মকরন্দ-ক্ষরণের শিরাস্বরূপ অর্থাৎ তুমি জড় ব্যক্তিদিগকেও বিশিষ্ট জ্ঞান দান করিয়া থাক। তুমি দরিদ্র

টিপ্পনী।—ইহার তাৎপর্য্য এই যে, তোমার অল্পমাত্র চরণরেণুই সৃষ্টি স্থিতি ও প্রলয়ের কারণ। এস্থলে ভূতশুদ্ধির বীজচতুষ্টয় উদ্ধৃত হইতেছে। তনীয়াসং শব্দে যং। চরণশব্দে র। পাংশুশব্দে বিন্দু। অবিকলং শব্দে লং। ভবং শব্দে বং। ইহাদ্বারা যং রং বং লং এই ভূতশুদ্ধি-বীজচতুষ্টয় উদ্ধৃত হইল। ২।

দরিদ্রাণাং চিন্তামণিগুণনিকা জন্মজলধৌ
নিমগ্নানাং দংষ্ট্রা মুররিপুবরাহস্য ভবতী ॥ ৩ ॥
ত্বদন্যঃ পাণিভ্যামভয়বরদো দৈবতগণ-
স্ত্বমেকা নৈবাসি প্রকটিতবরাভীত্যভিনয়া।

বিষ্ণোর্দ্দন্তরূপা ভবতী। বিষয়ব্যাপারিণামপি মোক্ষদাত্রীত্যর্থঃ। অত্র প্রকাশক-বোধক-দারিদ্র্যবিদারণ-সংসারতারণ-বীজান্যুদ্ধরন্তি। চৈতন্যশব্দাদৈকারঃ। জড়ানাং শব্দাদ্বিন্দুঃ। মিহিরশব্দাৎ হকাররেফৌ। নগরীশব্দাদীকারঃ। অবিদ্যানাং শব্দাদ্বিন্দুঃ। এতেন ঐঁ হ্রীঁ ইতি বীজদ্বয়ং প্রকাশকং বোধকঞ্চ। বরাহশব্দাৎ বকাররেফৌ। জলধৌ শব্দাদৌকারঃ। নিমগ্নানাং শব্দাৎ বিন্দুঃ। অবিদ্যানাং শব্দাৎ বকারঃ। তিমিরশব্দাদ্রেফঃ। ভবতী শব্দাদীকারঃ। দংষ্ট্রাশব্দাদ্বিন্দুঃ। এতেন ব্রৌঁ ব্রীঁ ইতি বীজদ্বয়ং দারিদ্র্যদারণং সংসারতারণঞ্চ ॥ ৩ ॥

জনগণের অভীষ্ট ফলপ্রদ চিন্তামণির গুণস্বরূপা অর্থাৎ তোমাতেই দারিদ্র্য-নাশক চিন্তামণি নিহিত রহিয়াছে। যে সমুদায় মনুষ্য সংসারসাগরে নিমগ্ন রহিয়াছে তুমি তাহাদিগের উদ্ধারের নিমিত্ত বরাহরূপী বিষ্ণুর দংষ্ট্রাস্বরূপা অর্থাৎ যাহারা বিষয়ব্যাপারে নিমগ্ন, তুমি তাহাদিগকেও মুক্তি দান করিয়া থাক। ৩

টিপ্পনী।—এস্থলে প্রকাশক, বোধক, দারিদ্র্যনাশক, সংসারতারক, এই বীজচতুষ্টয় উদ্ধৃত হইতেছে। চৈতন্য শব্দে ঐকার। জড়ানাং শব্দে বিন্দু। মিহির শব্দে হকার ও রেফ। নগরী শব্দে ঈকার। অবিদ্যানাং শব্দে বিন্দু। ইহাদ্বারা ঐং হ্রীঁ এই প্রকাশক ও বোধক বীজদ্বয় উদ্ধৃত হইল। বরাহ শব্দে বকার ও রেফ। জলধৌ শব্দে ঔকার। নিমগ্নানাং শব্দে বিন্দু। অবিদ্যানাং শব্দে বকার। তিমির শব্দে রেফ। ভবতী শব্দে ঈকার। দংষ্ট্রা শব্দে বিন্দু। ইহাদ্বারা ব্রৌঁ ব্রীঁ এই দারিদ্র্যনাশক ও সংসারতারক বীজদ্বয় উদ্ধৃত হইল। ৩।

ভয়াৎ ত্রাতুং দাতুং ফলমপি চ বাঞ্ছাসমধিকং
শরণ্যে ! লোকানাং তব হি চরণাবেব নিপুণৌ ॥ ৪ ॥

ভগবত্যা অন্যদেবতাভ্যোঽসাধারণ্যমাহ ত্বদন্য ইত্যাদি। হে লোকানাং শরণ্যে ! লোকানাং রক্ষিত্রি ! তথাচ শরণং গৃহরক্ষিত্রোরিত্যমরঃ। ত্বদন্যো দৈবতগণঃ দৈবতসমূহঃ পাণিভ্যামেব অভিনয়ং কৃত্বা বরাভয়মুদ্রাং ধৃত্বা বরঞ্চ অভয়ঞ্চ দদাতি। একা ত্বং তথা ন করোষি। কিম্ভূতা ? প্রকটিত-বরাভীত্যভিনয়া প্রকটিতং স্ফুটং বরাভীতিমুদ্রারহিতং বরাভীত্যভিনয়ং বরাভীতিদানং যস্যাঃ। হি যস্মাৎ ভয়াৎ ত্রাতুং বাঞ্ছাসমধিকঞ্চ ইষ্টতোঽপ্য-ধিকং ফলঞ্চ দাতুং তব চরণৌ এব নিপুণৌ। অন্যেষাং হস্তকৃত্যং যত্নসাধ্যং শ্রীমত্যা অযত্নেন চরণাভ্যামেব সম্পাদ্যত ইতি ধ্বনিঃ। অত্র বালামন্ত্র-মপ্যুদ্ধরন্তি। দৈবতশব্দাদৈকারঃ। পাণিভ্যাং শব্দাদ্বিন্দুঃ। এতেন ঐঁ। লোকানাং শব্দাৎ ককারলকারেকারানুস্বারাঃ। এতেন ক্লীঁ। সমধিক-শব্দাৎ সকারঃ। চরণৌ শব্দাদৌকারঃ। ত্বদন্যশব্দাদ্বিসর্গঃ। এতেন সৌঃ ॥ ৪ ॥

মাতঃ ! তুমি সমুদায় লোকেরই আশ্রয়। একমাত্র তুমিই হস্তদ্বারা বর ও অভয় মুদ্রা ধারণ না করিয়া কার্য্য দ্বারাই বর ও অভয় প্রদান করিয়া থাক। অন্যান্য দেবতারা বর ও অভয় মুদ্রা ধারণ করেন বটে, কিন্তু ভয় হইতে রক্ষা বিষয়ে এবং বাঞ্ছাতিরিক্ত ফলদান বিষয়ে তোমার চরণ ভিন্ন আর গত্যন্তর নাই। অন্যান্য দেবতারা একমাত্র তোমার চরণ আশ্রয় করিয়াই বর ও অভয় প্রদান করিয়া থাকেন। ৪।

টিপ্পনী।—এস্থলে বালামন্ত্র উদ্ধৃত হইতেছে। দৈবত শব্দে ঐকার। পাণিভ্যাং শব্দে বিন্দু। ইহাদ্বারা ঐঁ হইল। লোকানাং শব্দে ককার, লকার, ঈকার ও অনুস্বার। ইহাদ্বারা

হরিস্ত্বামারাধ্য প্রণতজনসৌভাগ্যজননীং
পুরা নারী ভূত্বা পুররিপুমপি ক্ষোভমনয়ৎ।

সর্ব্বত্র শ্রীমত্যাশ্চরণারাধনস্য কারণতামাহ। হরিস্ত্বামিত্যাদি। পুরা হরির্নারায়ণঃ প্রণতজনসৌভাগ্যজননীং প্রণতানাং সৌভাগ্যকরীং ত্বামারাধ্য নারী ভূত্বা মোহিনীরূপমাস্থায় পুররিপুমপি যস্য যোগবলেন ত্রিপুরং দগ্ধম্ অর্থাৎ তং মহাযোগীন্দ্রমপি ক্ষোভমনয়ৎ অস্থৈর্য্যং প্রাপয়ৎ। স তু ভবদ্‌-গুণাজ্জাত ইতি তস্মিন্ কদাচিদেতৎ কার্য্যং সম্ভাব্যতে। অপি তু স্মরো যঃ কার্ম্মুকৈঃ স্মরণীয়তাং প্রাপ্তঃ সোঽপি ত্বাং নত্বা রতিনয়নলেহ্যেন বপুষা স্ত্রিয়াশ্চক্ষুঃপ্রীতিকরেণ দেহেন অর্থাৎ স্ত্রীবশ্যেন শরীরেণাপি মহতাং মুনীনাং মননশীলানাং পরাশরপ্রভৃতীনামপি অন্তর্ম্মোহায় মনসোঽস্থৈর্য্যায় প্রভবতি প্রভুর্ভবতি। যদ্বা হে প্রণতজনসৌভাগ্যজননি! ঈমিতি চতুর্থবীজাত্মক-কামকলারূপাং ধ্যাত্বা পুররিপুমপি ক্ষোভমনয়ৎ। শ্রীমত্যাঃ পূজায়াঃ প্রথমত দ্বারদেশে রতিকামদেবৌ পূজ্যাবিতি তাৎপর্য্যার্থঃ। সাধ্যসিদ্ধাসনবিদ্যা-

---

জননি! তুমি প্রণত জনগণকে সৌভাগ্যসম্পৎ প্রদান করিয়া থাক। বিষ্ণু তোমার আরাধনাপূর্ব্বক পূর্ব্বকালে মোহিনী-রূপ ধারণ করিয়া সংযমিপ্রধান দেবদেব মহাদেবকেও বিক্ষো-ভিত করিয়াছিলেন। তোমার চরণরেণুবলে মদন, রতির নয়ন-

---

ক্লীঁ হইল। সমধিক শব্দে সকার। চরণৌ শব্দে ঔকার। ত্বদন্য শব্দে বিসর্গ। ইহাদ্বারা সৌঃ হইল। ঐঁ ক্লীঁ সৌঃ এই বীজত্রয় যোগ করিয়া ষোড়শী বালার বীজ হইতেছে। ৪।

টিপ্পনী।—অথবা হে প্রণত জন-সৌভাগ্যজননি! বিষ্ণু তোমাকে ঈং এই চতুর্থ-বীজা-ত্মিকা কামকলারূপা ধ্যান করিয়া স্বয়ং মোহিনীরূপ ধারণপূর্ব্বক মহাদেবকেও বিক্ষুব্ধ করিয়াছিলেন। এই শ্লোকের তাৎপর্য্য এই যে,ভগবতী ত্রিপুরাদেবীর পূজার সময় প্রথমত দ্বারদেশে রতি ও কামদেবের পূজা করিতে হইবে। এস্থলে সাধ্যসিদ্ধাসন-বিদ্যা উদ্ধৃত

স্মরোঽপি ত্বাং নত্বা রতিনয়নলেহ্যেন বপুষা
মুনীনামপ্যন্তঃ প্রভবতি হি মোহায় মহতাম্ ॥ ৫ ॥
ধনুঃ পৌষ্পং মৌর্ব্বী মধুকরময়ী পঞ্চ বিশিখা
বসন্তঃ সামন্তো মলয়মরুদায়োধনরথঃ।

মপ্যুদ্ধরন্তি। হরিশব্দাৎ হকাররেফৌ। জননীং শব্দাৎ ঈকারানুস্বারৌ। এতেন হ্রীঁ। স্মরঃ কামবীজং। লেহ্যেন শব্দাৎ লেকারঃ। বপুঃ শব্দাৎ বকারঃ। মুনীনাং শব্দাদ্বিন্দুঃ এতেন হ্রীঁ ক্লীঁ ব্লেঁ ॥ ৫ ॥

শ্রীমত্যা অনুকম্পয়া অযোগ্যোঽপি মহৎ কর্ম্ম সাধয়তীত্যাহ ধনুরিত্যাদি। হে হিমগিরিসুতে! তে অপাঙ্গাৎ নয়নকোণাৎ কামপি অনির্ব্বচনীয়াং কৃপাং লব্ধ্বা অনঙ্গোঽপি অঙ্গরহিতোঽপি। অনঙ্গত্বেঽপি কর্ম্মযোগ্যতা সূচিতা। একোঽসহায়ো জগদ্বিজয়তে চরাচরং বশীকরোতি। জগদ্বশীকরণে সামগ্র্যাষাড়্গুণ্যং দর্শয়িতুমাহ। পুষ্পারচিতং ধনুঃ অতি কোমলং, গুণঃ ভ্রমরসমূহঃ চঞ্চলঃ, পঞ্চ বাণা নাধিকাঃ, বসন্ত ঋতুঃ সারথিঃ স অনিয়তঃ, মলয়বায়ুর্যুদ্ধরথঃ স মন্দগামী। এতেন সর্ব্ব এব যুদ্ধাযোগ্যাঃ। অত্র

প্রীতিকর শরীরদ্বারা পরাশরপ্রভৃতি মহাত্মা মুনিদিগেরও অন্তঃকরণ মোহাভিভূত করিতে সমর্থ হইয়া থাকেন। ৫।

হিমগিরিসুতে! মদন স্বয়ং অনঙ্গ, অর্থাৎ অঙ্গবিহীন; তাঁহার শরাসন কুসুমময়; শরাসনের মৌর্ব্বী মধুকরময়ী; বাণ পুষ্পময় পাঁচটীমাত্র; সারথি বসন্তকাল এবং সাংগ্রামিক রথ মলয়পবন;

হইতেছে; যথা হরি শব্দে হকার ও রেফ। জননী শব্দে ঈকার ও অনুস্বার। ইহাদ্বারা হ্রীং হইল। স্মরশব্দে ক্লীং। লেহ্যেন শব্দে লেকার। বপুঃ শব্দে বকার। মুনীনাং শব্দে বিন্দু। ইহাদ্বারা হ্রীং ক্লীং ব্লেং এই মন্ত্র উদ্ধৃত হইল। ৫।

তথাপ্যেকঃ সর্ব্বং হিমগিরিসুতে! কামপি কৃপা-
মপাঙ্গাত্তে লব্ধ্বা জগদিদমনঙ্গো বিজয়তে ॥ ৬ ॥
ক্বণৎকাঞ্চীদামা করিকলভকুম্ভস্তনভরা
পরিক্ষীণা মধ্যে পরিণতশরচ্চন্দ্রবদনা।

কন্দর্পবীজমপ্যুদ্ধরন্তি। কামপি শব্দাৎ ককারঃ। মলয়শব্দাৎ লকারঃ। মৌর্ব্বীশব্দাদীকারঃ। পৌষ্পং শব্দাদ্বিন্দুঃ। এতেন ক্লীঁ ॥ ৬ ॥

অস্যা ধ্যানমাহ ক্বণদিতি। পুরমথিতুঃ শিবস্য আহোপুরুষিকা অহঙ্কার-রূপা নোঽস্মাকং পুরস্তাদগ্রতঃ আস্তাং প্রত্যক্ষীভবতু। সা কিম্ভূতা? ক্বণৎ শব্দায়মানং কাঞ্চীদাম যস্যাঃ। পুনঃ করিকরভকুম্ভস্তনভরা প্রকৃষ্টকরিশাব-কস্য কুম্ভ ইব স্তনয়োর্ভরো যস্যাঃ। করীব করভঃ করিকরভঃ ইতি ব্যুৎ-পত্তিঃ। মধ্যে ক্ষীণা। পূর্ণশরচ্চন্দ্র ইব বদনং যস্যাঃ। করতলৈর্ধনুর্ব্বাণান্ পাশং অঙ্কুশমপি দধানা। অত্র শিনীবীজমুদ্ধরন্তি। বাণশব্দাৎ বকারঃ। করতলশব্দাৎ লকারঃ। পুরমথনশব্দাদূকারঃ। আস্তাং শব্দাদ্বিন্দুঃ। এতেন ব্লূঁ ॥ ৭

অনঙ্গ এতাদৃশ অবস্থাপন্ন হইয়াও তোমার কৃপা-কটাক্ষবলে একা-কীই সমুদায় জগৎ জয়পূর্ব্বক বশীভূত করিতেছেন। ৬।

যাঁহার কটিদেশে অপূর্ব্ব রসনা মধুর স্বরে শব্দায়মানা হই-তেছে, যাঁহার স্তনমণ্ডল তরুণমাতঙ্গ-কুম্ভের ন্যায় শোভা বিস্তার করিতেছে; যাঁহার মধ্যদেশ ক্ষীণতর; যাঁহার বদনমণ্ডল শরৎ-কালীন পূর্ণশশধর-সদৃশ; যিনি করতলচতুষ্টয়ে শর, শরাসন, পাশ ও অঙ্কুশ ধারণ করিয়া আছেন; ঈদৃশ মূর্ত্তি ধারণপূর্ব্বক তুমি ভগ-

---

টিপ্পনী।—এস্থলে কামপি শব্দে ককার। মলয় শব্দে লকার। মৌর্ব্বী শব্দে ঈকার। পৌষ্প শব্দে বিন্দু। ইহাদ্বারা ক্লীং এই কামবীজ উদ্ধৃত হইতেছে। ৬।

ধনুর্ব্বাণান্ পাশং সৃণিমপি দধানা করতলৈঃ
পুরস্তাদাস্তাং নঃ পুরমথিতুরাহোপুরুষিকা ॥ ৭ ॥
সুধাসিন্ধোর্ম্মধ্যে সুরবিটপিবাটীপরিবৃতে
মণিদ্বীপে নীপোপবনবতি চিন্তামণিগৃহে।

শ্রীমত্যাঃ পীঠমাহ। সুধেতি। কতিচন ধন্যা জনাঃ চিদানন্দলহরীং পরাং ব্রহ্মস্বরূপাং তাং ভজন্তি। তথাচ শ্রুতিঃ, নিত্যং বিজ্ঞানমানন্দং ব্রহ্মেতি। কুত্র? শিবাকারে মঞ্চে। ত্বাং কিম্ভূতাং? পরমশিবপর্য্যঙ্কনিলয়াং। তদুক্তং যামলে, ব্রহ্মা বিষ্ণুশ্চ রুদ্রশ্চ ঈশ্বরশ্চ সদাশিবঃ। এতে পঞ্চ মহাপ্রেতাঃ সিংহাসনপরিস্থিতাঃ। এতে দেব্যাসনস্যাধঃ শিবাঃ পঞ্চ ব্যবস্থিতাঃ। তত্র চতুর্ভিঃ শিবৈর্ম্মঞ্চং বিধায় পরমশিবং সদাশিবং প্রচ্ছদীকৃত্য তত্রস্থামিত্যর্থঃ। অথবা শিবো হকারঃ, তদাকার ওকারঃ গজকুম্ভাকৃতিত্বাৎ। এতেন ওকার-রূপে মঞ্চে পরমশিবো বিন্দুঃ বিন্দোঃ পর্য্যঙ্কং আসনস্থানং নাদঃ স এব নিলয়ো যস্যাঃ। এতেন প্রণবস্থাং পরমশিবসংযুক্তামিত্যর্থঃ। অতএব চিদা-নন্দলহরীতি বিশেষণং সম্পাদ্যতে। যতঃ শিবশক্তিসমাযোগাদানন্দোৎপত্তি-

---

বান্ ভূতনাথের আহোপুরুষিকা-স্বরূপা অর্থাৎ অহঙ্কারস্বরূপা হইয়া আমার সম্মুখে আবির্ভূতা হও। ৭।

জননি! তুমি, সুধাসাগর-মধ্যস্থিত কল্পবৃক্ষবাটিকা-পরিবৃত মণিময়দ্বীপে কদম্ববৃক্ষসমূহ-সুশোভিত উপবন মধ্যে চিন্তামণি-গৃহে পঞ্চশিবোপরি স্থাপিত পর্য্যঙ্কের উপরি পরমশিবময় আসন

টিপ্পনী।—এস্থলে শিনীবীজ উদ্ধৃত হইতেছে; যথা বাণশব্দে বকার। করতল শব্দে লকার। পুরমথন শব্দে উকার। আস্তাং শব্দে বিন্দু। ইহাদ্বারা ব্লুঁ এই বীজ উদ্ধৃত হইল। ৭।

শিবাকারে মঞ্চে পরমশিবপর্য্যঙ্কনিলয়াং
ভজন্তি ত্বাং ধন্যাঃ কতিচন চিদানন্দলহরীম্ ॥ ৮ ॥

র্ভবতি। অথবা শিবাকারে হকারাবয়বে হকারার্দ্ধে মঞ্চে ইত্যর্থঃ। পরমশিবপর্য্যঙ্কনিলয়াং বিন্দুস্থানরূপাং কামকলারূপামিত্যর্থঃ। পীঠস্থানমাহ। সুধাসিন্ধোর্ম্মধ্যে অমৃতার্ণবস্যাপ্রসিদ্ধত্বাৎ কুলামৃতং কারণমিতি শিবসঙ্কেতঃ। কল্পবৃক্ষবাটিকাবৃতে মণিময়দ্বীপে কদম্বোপবনযুতে চিন্তামণিরচিতমণ্ডপে। এতেন আধারাধেয়ক্রমেণ ষট্পীঠানন্তরং পরমশিবপর্য্যঙ্কনিলয়াং দেবীং ধ্যায়েৎ। অত্র কামেশ্বরীবীজং প্রেতবীজঞ্চোদ্ধরন্তি। কতিচন শব্দাৎ ককারঃ। লহরীং শব্দাৎ লকার-ঈকারানুস্বারাঃ। এতেন ক্লীঁ ইতি কামেশ্বরী। শিবশব্দেন হকারঃ। সুধাসিন্ধোঃ শব্দাৎ সকার-ঔকারবিসর্গাঃ। এতেন হ্সৌঃ ॥ ৮ ॥

করিয়া তাহাতে উপবেশন করিতেছ। কোন কোন ধন্য ব্যক্তি তোমাকে আনন্দলহরী-স্বরূপা অর্থাৎ সচ্চিদানন্দ-পরমব্রহ্মস্বরূপা জানিয়া তোমার এইরূপ মূর্ত্তি ধ্যান করেন। ৮।

টিপ্পনী।—এস্থলে সুধাসিন্ধু, কল্পবৃক্ষবাটিকা, মণিময়দ্বীপ, নীপোপবন, চিন্তামণিগৃহ ও শিবময় মঞ্চ, এই ষট্ পীঠের ধ্যান হইতেছে। টীকাকার লিখিয়াছেন, চারি শিবের উপরি পর্য্যঙ্ক এবং পর্য্যঙ্কস্থিত পরমশিবের উপরি দেবীর অধিষ্ঠান। ইহা প্রমাণবিরুদ্ধ ও যুক্তিবিরুদ্ধ। ক্ষুদ্রব্রহ্মাণ্ডরূপ শরীরে দৃষ্ট হইতেছে, মূলাধারে ব্রহ্মা, স্বাধিষ্ঠানে বিষ্ণু, মণিপূরে রুদ্র, অনাহত চক্রে নারায়ণ এবং বিশুদ্ধচক্রে সদাশিব, এই পঞ্চ শিবেব উপরি দেবীর পর্য্যঙ্ক কল্পিত হইতেছে। টীকাকার স্বয়ং যামল হইতে উদ্ধৃত করিয়াছেন যে, "এতে দেব্যাসনস্যাধঃ শিবাঃ পঞ্চ ব্যবস্থিতাঃ।" অর্থাৎ এই পঞ্চশিব দেবীর সিংহাসনের নিম্নে আছেন। দেবীর সিংহাসন পঞ্চকোণ, এক এক কোণে এক এক শিব সিংহাসনের পাদস্বরূপ হইয়া অবস্থিতি করিতেছেন। সিংহাসনেব উপরি আজ্ঞাচক্রস্থিত পরশিব শয়ান রহিয়াছেন, তদুপরি প্রণবের উপরিস্থিত নাদরূপা অথবা নির্ব্বাণকলারূপা ভগবতী ত্রিপুরা

মহীং মূলাধারে কমপি মণিপূরে হুতবহং
স্থিতং স্বাধিষ্ঠানে হৃদি মরুতমাকাশমুপরি।

মহীমিত্যাদি। হে দেবি! ত্বং সকলং কুলপথং ভিত্ত্বা অর্থাৎ কুণ্ডলিনী-রূপেণ সহস্রারে পদ্মে রহসি নির্জ্জনে অর্থাৎ অকুলস্থানে নাদেনৈকীভূয় পত্যা বিন্দুরূপেণ সহ বিহরসি আনন্দামৃতমুৎপাদয়সীত্যর্থঃ। অমৃতাপ্লাবনং পরশ্লোকে স্পষ্টীকরিষ্যতি। তৎ কিং কুলপথমিত্যাহ মহীং মূলাধার ইত্যাদি। মহীং পৃথ্বীং কং জলং হুতবহং অগ্নিং মরুতং বায়ুং উপরিশব্দস্য সাপেক্ষত্বাৎ হৃদয়োপরি কণ্ঠচ্ছদে আকাশং ভ্রূমধ্যে মনঃ, এতদেব সকলং কুলপথং ভিত্ত্বেত্যন্বয়ঃ। তথা হি, মূলং স্বাধিষ্ঠানসংজ্ঞং মণিপূরমনাহতম্। বিশুদ্ধমাজ্ঞাচক্রঞ্চ গুদমেঢ্রক্রমাদ্বিদুঃ। অন্যত্র, গুদে লিঙ্গে তথা নাভৌ বক্ষঃ

জননি! তুমি কুলকুণ্ডলিনী-স্বরূপা হইয়া মূলাধারচক্রস্থিত মহীমণ্ডল, স্বাধিষ্ঠানস্থিত জলমণ্ডল, মণিপূরস্থিত বহ্নিমণ্ডল, অনাহতচক্র-স্থিত বায়ুমণ্ডল, বিশুদ্ধচক্র-স্থিত আকাশমণ্ডল, ভ্রূদ্বয়মধ্যস্থ

দেবীর অধিষ্ঠান। অথবা "শিবাকারে মঞ্চে" এস্থলে শিবশব্দে হকার; তদাকার অর্থাৎ গজকুম্ভাকৃতি ওকার। ওকাররূপ পর্য্যঙ্কে বিন্দুরূপ পরমশিবের সহিত নাদরূপা দেবীর অধিষ্ঠান। ইহার তাৎপর্য্য এই যে, দেবী প্রণবস্থিতা ও পরমশিবসংযুক্তা। অথবা শিবাকার অর্থাৎ হকারার্দ্ধরূপ মঞ্চে কামকলাস্বরূপা। এস্থলে কামেশ্বরীবীজ ও প্রেতবীজ উদ্ধৃত হইল। কতিচনশব্দে ককার। লহরীং শব্দে লকার ঈকার ও অনুস্বার। ইহাদ্বারা ক্লীঁ এই কামেশ্বরী বীজ উদ্ধৃত হইল। শিবশব্দে হকার। সুধাসিন্ধোঃ শব্দে সকার ঔকার ও বিসর্গ। ইহাদ্বারা হ্সৌঃ এই প্রেতবীজ উদ্ধৃত হইল। ৮।

টিপ্পনী।—এই শরীররূপ ক্ষুদ্র ব্রহ্মাণ্ডে মূলাধার ভূর্লোক, স্বাধিষ্ঠান ভুবর্লোক, মণিপূর স্বর্লোক, অনাহতচক্র মহর্লোক, বিশুদ্ধচক্র জনলোক, আজ্ঞাচক্র তপোলোক, সহস্রার সত্যলোক বলিয়া কথিত হইয়া থাকে। বৃহদ্ব্রহ্মাণ্ডে যে সমুদায় ঘটনা হইতেছে, ক্ষুদ্রব্রহ্মাণ্ডেও সেই সমুদায় ঘটনা হইয়া থাকে। এতদনুসারে গ্রহনক্ষত্রাদির গতিবিধি দর্শনে জ্যোতিষ

মনোঽপি ভ্রূমধ্যে সকলমপি ভিত্ত্বা কুলপথং
সহস্রারে পদ্মে সহ রহসি পত্যা বিহরসি ॥ ৯ ॥

কণ্ঠে ভ্রুবোরপি। মহী বহ্নির্জ্জলং বায়ুঃ খং মনশ্চ ক্রমাদ্দিশেৎ। এতৎ কুল-পথং বিদ্যাদকুলঞ্চ ততঃ পরম্। ষট্‌চক্রাণ্যেব ভূর্ভুর্বঃ স্বঃ মহঃ জনস্তপঃ সত্যং সংজ্ঞাঃ। তথাচ ব্রহ্মাণ্ডে যে গুণাঃ সন্তি তে তিষ্ঠন্তি' কলেবরে। অত্র স্বাধিষ্ঠান-মণিপূরয়োর্ব্ব্যতিক্রমেণান্বয়ঃ. মহাভূতক্রমানুরোধাৎ। অত্র স্বাধিষ্ঠানানন্তরং মণিপূরমিতি। অত্র মেদিনীবীজমপ্যুদ্ধরন্তি। মহীং শব্দাৎ মকারানুস্বারৌ কুলপথশব্দাদুকারলকারৌ। এতেন ম্লুঁ ॥ ৯ ॥

আজ্ঞাচক্রের অন্তর্গত মনশ্চক্র, এই ষট্‌চক্র ও অন্যান্য গুপ্তচক্র-ভেদ পূর্ব্বক কুলপথদ্বারা সহস্রারে গমন করিয়া পতির সহিত একান্তে বিহার করিয়া থাক। ৯।

শাস্ত্রদ্বারা ব্যক্তিবিশেষেব ভাবী শুভাশুভ ঘটনা নিরূপিত হয়। এস্থলে মহীং শব্দে মকার ও অনুস্বার, কুলপথ শব্দে উকার ও লকার। ইহাদ্বারা ম্লুঁ এই বীজ উদ্ধৃত হইল। এস্থলে কিরূপে ষট্‌চক্র ভেদ করিতে হইবে, তাহা বর্ণন করিবার নিমিত্ত প্রথমত ষট্‌চক্রের বিবরণ কীর্ত্তিত হইতেছে।—

—জীবগণের শরীরে ইড়া পিঙ্গলা ও সুষুম্না, এই তিনটী নাড়ী মূলাধার হইতে ব্রহ্মরন্ধ্র পর্য্যন্ত বিস্তৃত রহিয়াছে। ইড়া নাড়ী চন্দ্র; ইহা মনুষ্যের বামদিকে আছে। পিঙ্গলা নাড়ী সূর্য্য; ইহা দক্ষিণদিকে রহিয়াছে। মধ্যস্থলে অগ্নিস্বরূপা সুষুম্না নাড়ী বিদ্যমান আছে। এই সুষুম্না নাড়ীতেই ষট্‌চক্র সন্নিবেশিত। মূলাধার পদ্মকে মুক্তত্রিবেণী বলা যায়, কারণ ইড়া নাড়ীকে গঙ্গা, পিঙ্গলা নাড়ীকে যমুনা ও সুষুম্না নাড়ীকে সরস্বতী নদী বলা হইয়া থাকে। মূলাধারে এই নদীত্রয় মিলিত থাকিয়া পশ্চাৎ পরস্পর পৃথক্ প্রবাহিত হইয়া পুনর্ব্বার আজ্ঞাচক্রে সংযুক্ত হইয়াছে। এই নিমিত্ত আজ্ঞাচক্রকে যুক্তত্রিবেণী বলা যায়। বামে ইড়া নাড়ী ঈষৎ শুক্লবর্ণা চন্দ্রস্বরূপা ও অমৃতময়ী। দক্ষিণে পিঙ্গলা নাড়ী রক্তবর্ণা সূর্য্যরূপা ও বিষস্রাবিণী। মধ্যস্থলে সুষুম্না নাড়ীর মধ্যে বজ্রিণী নাড়ী; তন্মধ্যে অমৃত-স্রাবিণী চিত্রা নাড়ী রহিয়াছে। ইহাকেই ব্রহ্মনাড়ী বলা যায়। চক্রস্থিত সমুদায় পদ্ম এই

নাড়ীতেই গ্রথিত রহিয়াছে। সমুদায় চক্রই এই নাড়ীর গ্রন্থিস্বরূপ। এই ব্রহ্মনাড়ীর স্থূলতা একগাছি কেশের সহস্রাংশের একাংশ হইবে। পদ্ম সমুদায়ও এইরূপ সূক্ষ্ম, কিন্তু অতিসূক্ষ্ম ভাবনা হয় না বলিয়া চতুরঙ্গুলিপরিমিত কল্পনা করিয়া ভাবনা করিতে হয়। পদ্ম সমুদায় যদিও অধোমুখ ও মুদ্রিত আছে, তথাপি ভাবনার সময় কুণ্ডলিনীর চৈতন্য হইলে তাহারা ঊর্দ্ধমুখ ও প্রস্ফুটিত হইয়া থাকে। এইজন্য যোগীরা পদ্ম সমুদায় ঊর্দ্ধমুখই ভাবনা করেন। অধোমুখ সমুদায় পদ্মের নিম্নে ঊর্দ্ধমুখ একটী করিয়া পদ্ম আছে। মূলাধার পদ্মের নিম্নে তড়িৎপ্রভ শক্তিগণ-সমন্বিত রক্তবর্ণ একটী সহস্রদল কমল রহিয়াছে।

গুহ্য ও মেঢ্রের মধ্যস্থলে মূলাধার পদ্ম আছে। এই পদ্ম চতুর্দ্দল; পদ্মপত্রচতুষ্টয় রক্তবর্ণ, এই পত্রচতুষ্টয়ে ব শ ষ স এই চারিটী মাতৃকাবর্ণ আছে। বর্ণ চারিটী স্বর্ণবর্ণ। এই পত্রচতুষ্টয়ে ক্রমশ বায়ুপত্র হইতে যোগানন্দ, পরমানন্দ, সহজানন্দ ও বীরানন্দ বিদ্যমান রহিয়াছে। এই পদ্মের মধ্যস্থলে পল্লবের ন্যায় বর্ণ স্বয়ম্ভুলিঙ্গ শোভা পাইতেছেন। তড়িদ্বর্ণা মৃণালতন্তুসদৃশ-সূক্ষ্মা কুলকুণ্ডলিনী সার্দ্ধত্রিবলয়াকৃতি হইয়া স্বয়ম্ভুলিঙ্গ বেষ্টন পূর্ব্বক ব্রহ্মদ্বার রোধ করিয়া নিদ্রা যাইতেছেন। পদ্ম ও স্বয়ম্ভুলিঙ্গ অধোমুখ থাকাতে সেই ব্রহ্মবিবরও অধোভাগে আছে। রক্তবর্ণ ত্রিকোণ বহ্নিমণ্ডল, এই স্বয়ম্ভুলিঙ্গের চতুর্দ্দিক্ বেষ্টন করিয়া প্রাচীরের ন্যায় রহিয়াছে। এই ত্রিকোণে রক্তবর্ণ কন্দর্পবায়ু বিদ্যমান আছে। ইহার চতুর্দ্দিকে অষ্টবজ্র-বিভূষিত চতুষ্কোণ পীতবর্ণ পৃথিবীমণ্ডল। ইহাতে লং বীজ ও হস্তিবাহন পৃথিবী আছে। এই পৃথিবীমণ্ডলে প্রথম-শিবস্বরূপ ব্রহ্মা ও সাবিত্রী শোভা বিস্তার কবিতেছেন। ইহাতে চতুর্ভুজা রক্তবর্ণা ডাকিনীশক্তিও আছেন। এই মূলাধার হইতে ইড়া, পিঙ্গলা ও সুষুম্না নাড়ী পৃথক্ হইয়া গিয়াছে।

মূলাধারের উপরিভাগে নাভির নিম্নে স্বাধিষ্ঠানচক্র; ইহা ষড়্দল। পদ্মের কর্ণিকা রক্তবর্ণ ও পত্র সমুদায় বিদ্যুদ্বর্ণ। বং ভং মং যং রং লং এই ছয়টী বর্ণ ষড়্দলে আছে। প্রশ্রয়, অবিশ্বাস, অবজ্ঞা, মূর্চ্ছা, সর্ব্বনাশ, ক্রূরতা, এই ছয়টী বৃত্তিও ছয় দলে রহিয়াছে। ইহার কর্ণিকার মধ্যস্থিত ত্রিকোণমণ্ডল-মধ্যে মহাবিষ্ণু, মহালক্ষ্মী ও সরস্বতী দেবতা আছেন। বিষ্ণু নীলবর্ণ ও চতুর্ভুজ। তাঁহাদিগের সম্মুখে নীলবর্ণা চতুর্ভুজা রাকিণীশক্তি, অর্দ্ধচন্দ্রাকার শুভ্রবর্ণ বরুণমণ্ডল, শুভ্র-মকরবাহন বরুণ এবং বং এই বরুণবীজ রহিয়াছেন।

ইহার উপরিভাগে নাভিমণ্ডলে মণিপূর-নামক মেঘবর্ণ দশদল পদ্ম রহিয়াছে। ডং ঢং ণং তং থং দং ধং নং পং ফং এই দশটী বর্ণ ক্রমশ দশ দলে আছে। এই বর্ণগুলি নীলবর্ণ। এতদ্ব্যতীত লজ্জা, পিশুনতা, ঈর্ষ্যা, তৃষ্ণা, সুষুপ্তি, বিষাদ, কষায় মোহ, ঘৃণা, ভয়,

এই দশটীও দশ দলে আছে। ইহার কর্ণিকান্তর্গত ত্রিকোণমধ্যে রং বীজ, স্বস্তিকত্রয়-বিভূষিত রক্তবর্ণ ত্রিকোণ অগ্নিমণ্ডল এবং মেষবাহন রক্তবর্ণ চতুর্ভুজ অগ্নি বিদ্যমান আছেন। অগ্নির সম্মুখে রুদ্র ও তাঁহার শক্তি ভদ্রকালী শোভা বিস্তার করিতেছেন। এই রুদ্র বরাভয়-মুদ্রাযুক্ত দ্বিভুজ-বিভূষিত, সিন্দুরবর্ণ, ত্রিলোচন, বৃদ্ধাকার ও ভস্মবিভূষিত শরীর। ইহাঁর সন্নিধানে তপ্তকাঞ্চনবর্ণা পীতবিভূষণ-বিভূষিতা, পীতবসনা, চতুর্ভুজা, মদমত্তচিত্তা লাকিনীশক্তি শোভা পাইতেছেন। এই পদ্মের উপরিভাগে ভানুভবন ও সূর্য্যমণ্ডল রহিয়াছে। চন্দ্রমণ্ডল হইতে যে সমুদায় অমৃত ক্ষরণ হয়, এই সূর্য্যমণ্ডলে তাহা গ্রস্ত হইয়া থাকে।

এই মণিপূরের উপরিভাগে হৃদয়মধ্যে ইষ্টদেবতার চিন্তার স্থান অষ্টদল কমল। তাহার উপরি অনাহত চক্রনামে রক্তবর্ণ দ্বাদশদল পদ্ম আছে। কং খং গং ঘং ঙং চং ছং জং ঝং ঞং টং ঠং এই দ্বাদশ সিন্দুরবর্ণ বর্ণ দ্বাদশ দলে রহিয়াছে। এতদ্ব্যতীত আশা, চিন্তা, চেষ্টা, মমতা, দম্ভ, বিকলতা, বিবেক, অহঙ্কার, লোলতা, কপটতা, বিতর্ক, অনুতাপ, এই দ্বাদশ বৃত্তি যথাক্রমে দ্বাদশ দলে আছে। এই পদ্মের কর্ণিকার মধ্যে বিদ্যুতের ন্যায় প্রভাসম্পন্ন যে ত্রিকোণমণ্ডল আছে, তাহাকে ত্রিকোণাশক্তি বলিয়া থাকে। এই ত্রিকোণমণ্ডলের মধ্যস্থলে রক্তবর্ণ বাণলিঙ্গ রহিয়াছেন। তাঁহার, সন্নিধানে নারায়ণ ও তাঁহার শক্তি ভুবনেশ্বরী আছেন। নারায়ণ তপ্তকাঞ্চনবর্ণ; দ্বিভুজ এবং বর ও অভয়মুদ্রা-ধারী। ইহাঁর নিকট কাকিনী শক্তি আছেন। তাঁহার বর্ণ বিদ্যুতের ন্যায় ও চারি হস্তে পাশ, পানপাত্র, বর ও অভয়। তিনি ত্রিনেত্রা, সুধার্দ্রহৃদয়া, মত্তা ও অস্থিমালা-বিভূষিতা। এই স্থানে কালরাত্রি প্রভৃতি অনেকগুলি শক্তি আছেন। এই চক্রে যং এই বায়ুবীজ, ধূম্রবর্ণ ষট্‌কোণমণ্ডল, গোলাকার বায়ুমণ্ডল, ও কৃষ্ণসারবাহন চতুর্ভুজ ধূম্রবর্ণ পবন শোভা পাইতেছেন। এই চক্রের মধ্যে নির্ব্বাত দীপকলিকাকার জীবাত্মা রহিয়াছেন।

ইহার উপরিভাগে কণ্ঠমূলে বিশুদ্ধ চক্র ও ভারতীস্থাননামক ধূম্রবর্ণ ষোড়শদল কমল আছে। ইহার এক এক দলে অং আং ইং ঈং উং ঊং ঋং ৠং ৯ং ৡং এং ঐং ওং ঔং অং অঃ এই ষোড়শ বর্ণের মধ্যে এক এক বর্ণ আছে। এই বর্ণ সমুদায় রক্তবর্ণ। এতদ্ব্যতীত নিষাদ, ঋষভ, গান্ধার, ষড়্‌জ, মধ্যম, ধৈবত ও পঞ্চম, সপ্ত দলে এই সপ্ত স্বর, অবশিষ্ট নবদলে বিষ, হুঁ, ফট্‌, বৌষট্‌, বষট্‌, স্বধা, স্বাহা, নমঃ ও অমৃত, এই নয়টী আছে। ইহার কর্ণিকার অন্তর্গত ত্রিকোণমণ্ডলমধ্যে অর্দ্ধনারীশ্বর শিব আছেন। এই স্থানে সকলের মূলমন্ত্র আছে। বিদ্যুতের ন্যায় বর্ণ প্রণব এবং পূর্ণ শশধরমণ্ডলও এই স্থানে অবস্থান

করিতেছেন। এই চক্রে হং এই আকাশবীজ, স্বচ্ছ গোলাকার আকাশমণ্ডল এবং শ্বেত হস্তীতে আরূঢ় শুক্লবস্ত্র-পরিধান আকাশ আছেন। আকাশের চারি হস্তে পাশ, অঙ্কুশ, বর ও অভয়। আকাশের ক্রোড়ের নিকট অর্দ্ধনারীশ্বর শিব; ইহাঁকেই সদাশিব বলা যায়। ইনি শুক্লবর্ণ, পঞ্চবদন, ত্রিনয়ন, দশভুজ ও ইহাঁর পরিধান ব্যাঘ্রচর্ম্ম। ইহাঁর নিকট শাকিনী শক্তি আছেন। শাকিনী শুক্লবর্ণা ও পীতবসনা। তাঁহার ভুজচতুষ্টয়ে শর, চাপ, পাশ ও অঙ্কুশ।

এই চক্রের উপরি তালুমূলে একটী গুপ্তচক্র আছে। ইহার নাম ললনাচক্র। এই পদ্ম রক্তবর্ণ ও দ্বাদশদল। ইহার এক এক দলে শ্রদ্ধা, সন্তোষ, অপরাধ, দম, মান, স্নেহ, শোক, খেদ, শুদ্ধতা, অরতি, সম্ভ্রম ও উর্ম্মি, এই দ্বাদশটী বৃত্তির মধ্যে এক একটী বৃত্তি আছে।

ইহার উপরি ভ্রূমধ্যে আজ্ঞাচক্র নামক দ্বিদল কমল। ইহার উপরি গমন করিতে গুরুর আজ্ঞামাত্র আছে, বিশেষ উপদেশ নাই। এই চক্রভেদ হইলে সাধক স্বয়ং ব্রহ্ম-স্থানে গমন করিতে সমর্থ হয়েন। এই আজ্ঞাচক্রের দ্বিদলে হং ক্ষং এই দুইটী রক্তবর্ণ বর্ণ আছে। কর্ণিকার মধ্যে লং এই বর্ণও গুপ্ত রহিয়াছে। দুই পত্রে ও কর্ণিকায় সত্ত্ব, রজ, তম এই তিন গুণ আছে। কর্ণিকার অন্তর্গত ত্রিকোণমণ্ডলমধ্যে প্রণবাকৃতি তেজোময় ইতর লিঙ্গ আছেন। এই স্থানে হংসরূপ পরশিব ও তাঁহার শক্তি সিদ্ধকালী আছেন। ইহা যং বীজ ও বায়ুর আলয়। ত্রিকোণ মণ্ডলের তিন কোণে ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর আছেন। এই চক্রে শুক্লবর্ণা, ষণ্মুখ-সুশোভিতা চতুর্ভুজা হাকিনীশক্তি রহিয়াছেন। তাঁহার চারি হস্তে জ্ঞানমুদ্রা কপাল ডমরু ও জপমালা। এই চক্রকে পরমকুল বলা যায়। এই চক্রে মন ও হকারার্দ্ধ আছে। এই চক্রকে যুক্তত্রিবেণী বলা যায় কারণ, এই স্থানে গঙ্গা, যমুনা ও সরস্বতীরূপা ইড়া, পিঙ্গলা ও সুষুম্না নাড়ী একত্র মিলিত হইয়া সহস্রার পর্য্যন্ত গমন করিয়াছে।

ইহার উপরি একটী গুপ্ত চক্র আছে। তাহার নাম মনশ্চক্র। ইহা ষড়্‌দল পদ্ম। ইহার এক এক দলে শব্দজ্ঞান, স্পর্শজ্ঞান, রূপজ্ঞান, আঘ্রাণোপলব্ধি, রসোপযোগ ও স্বপ্ন, এই কয়েকটী বৃত্তি যথাক্রমে আছে।

ইহার উপরিভাগে আর একটী গুপ্তচক্র আছে। তাহার নাম সোমচক্র। এই সোম-চক্র ষোড়শদল। এই ষোড়শ দলকে ষোড়শ কলা বলা যায়। ইহার প্রথম কলার নাম কৃপা, দ্বিতীয় কলার নাম মৃদুতা, তৃতীয় কলা ধৈর্য্য, চতুর্থ কলা বৈরাগ্য, পঞ্চম কলা ধৃতি, ষষ্ঠ কলা সম্পৎ, সপ্তম কলা হাস্য, অষ্টম কলা রোমাঞ্চ, নবম কলা বিনয়, দশম কলা

ধ্যান, একাদশ কলা সুস্থিরতা, দ্বাদশ কলা গাম্ভীর্য্য, ত্রয়োদশ কলা উদ্যম, চতুর্দ্দশ কলা অক্ষোভ, পঞ্চদশ কলা ঔদার্য্য এবং ষোড়শ কলা একাগ্রতা।

ইহার উপরি নিরালম্বপুরী। যোগীরা এই নিরালম্বপুরীতে জ্যোতির্ম্ময় ঈশ্বর সাক্ষাৎকার করেন। এই নিরালম্বপুরীর উপরিভাগে দীপ্তশিখাসদৃশ জ্যোতির্ম্ময় প্রণব রহিয়াছে। ইহার উপরি শ্বেতবর্ণ নাদ, তদুপরি বিন্দু। ইহার উপরি ব্রহ্মরন্ধ্রে অধোমুখ সহস্রদল কমলের নিম্নে একটী ঊর্দ্ধমুখ দ্বাদশদল পদ্ম রহিয়াছে। এই পদ্ম শ্বেতবর্ণ। এই পদ্মের কর্ণিকাতে বিদ্যুৎসদৃশ অকথাদি ত্রিকোণরেখা আছে। ইহার মধ্যস্থলে সুষুম্না নাড়ীর শেষ সীমা। ইহার উপরি নানাবর্ণ অধোমুখ সহস্রদল কমল। এই দ্বাদশদলের উপরি সহস্রদলের ক্রোড়ে পরমশিবের স্থান। কুণ্ডলিনীশক্তিকে উত্থাপিত করিয়া এই পরমশিবের সহিত সংযুক্ত করিতে হয়। পরমশিব আকাশরূপী। ইনিই পরমাত্মা, ইনিই অজ্ঞানতিমিরের সূর্য্যস্বরূপ। ইহাঁকে শৈবেরা শিবস্থান, বৈষ্ণবেরা পরমপুরুষ, কেহ কেহ হরিহরস্থান, কেহ কেহ শক্তিস্থান, কেহ কেহ পরমব্রহ্ম, কেহ কেহ পরমহংস, কেহ কেহ পরমজ্যোতি, শাক্তেরা দেবীস্থান, সাঙ্খ্যমুনিরা প্রকৃতি-পুরুষস্থান বলিয়া থাকেন। কেহ কেহ ইহাকে কুলস্থানও বলেন, কেহ কেহ এই পরমশিবকে অকুল বলেন। উক্ত দ্বাদশদল কমলের উপরি সহস্রারের ক্রোড়ে সুধাসাগর, মণিদ্বীপ, মণিপীঠ ও ত্রিকোণ অকথাদিরেখা আছে; তন্মধ্যে নাদবিন্দু। এই নাদবিন্দুরূপ পীঠের উপরি পরমহংস বা হংসপীঠ আছে। এই হংসপীঠের উপরি গুরুপাদুকা। এই স্থানে সকলেরই গুরু আছেন। ইহাই সকলের গুরুচিন্তার স্থান। গুরুর পাদপীঠস্বরূপ হংসের শরীর জ্ঞানময়, পক্ষদ্বয় আগম ও নিগম, চরণযুগল শিবশক্তিময়, চঞ্চুপুট প্রণবস্বরূপ, নেত্র ও কণ্ঠ কামকলাস্বরূপ।

এই সহস্রদল কমলের ক্রোড়ে অমানাম্নী চন্দ্রের ষোড়শী কলা আছেন। এই অমাকলা রক্তবর্ণা, নির্ম্মলা, বিদ্যুৎসদৃশ তেজস্বিনী, পদ্মমৃণাল-তন্তুর ন্যায় সূক্ষ্মা ও অধোমুখী। এই অমাকলাই চন্দ্রের অমৃতধারা ধারণ করিয়া থাকে।

অমাকলার ক্রোড়ে নির্ব্বাণকলা। ইহা ও অমাকলার ন্যায় অর্দ্ধচন্দ্রাকৃতি ও সূর্য্যের ন্যায় দীপ্তিমতী। ইহা কেশের সহস্রাংশসদৃশ সূক্ষ্মা। এই নির্ব্বাণকলাই সকলের ইষ্ট দেবতা। এই নির্ব্বাণকলার ক্রোড়ে পরমনির্ব্বাণশক্তি আছেন। ইহাও সূর্য্যসদৃশ দীপ্তিমতী, অতীব সূক্ষ্মা ও তত্ত্বজ্ঞানজনিকা। ইহার উপরি বিন্দু ও বিসর্গশক্তি আছেন। ইহাই নিত্য আনন্দস্থান ও নিখিল আনন্দের মূল। এই পর্য্যন্তই গুরুশিষ্যভাব ও উপদেশ। ইহার উপরি শিবের সপ্তমমুখ অব্যক্ত। ষড়াম্নায় পর্য্যন্ত উপদেশ আছে। সপ্তমাম্নায়ের উপদেশ নাই। এই সহস্রদল কমলের প্রত্যেক পত্রে অকারাদি বর্ণসমুদায়

সুধাধারাসারৈশ্চরণযুগলান্তর্ব্বিগলিতৈঃ
প্রপঞ্চং সিঞ্চন্তী পুনরপি রসাম্নায়মহসা।

কুণ্ডলিন্যা আরোহণমুক্ত্বা অবরোহণমাহ সুধাধারাসারৈরিত্যাদি। হে দেবি! পুনরপি রসাম্নায়মহসা ষট্‌চক্রতেজসা উপলক্ষিতা সতী অর্থাত্তেনৈব পথা স্বাং ভূমিং নিজবসতিস্থানং মূলাধারমবাপ্য। তথা চ শ্রুতিঃ। পার্থিবাপস্তৈজসবায়ব্য-নাভসনামানি ষট্‌চক্রাণি শাম্ভবাম্নায়মিতি। সমাত্মানং স্বশরীরং ভুজগনিভং সর্পাকারং অধ্যুষ্টবলয়ং সার্দ্ধত্রিবলয়ং কৃত্বা কুলকুণ্ডে আধারপদ্মাধস্ত্রিকোণে স্বপিষি নিদ্রাসি। কুলকুণ্ডে কিম্ভূতে? কুহরিণি সচ্ছিদ্রে। এতেন কুণ্ডলিন্যাঃ সর্পাকৃতিত্বাৎ কুলকুণ্ডলস্য সর্পশয়নযোগ্যতা সূচিতা। কিং কুর্ব্বতী? আজ্ঞাচক্রস্থিতচরণযুগলান্তর্ব্বিগলিতৈঃ অমৃতবৃষ্টিসম্পাতৈঃ প্রপঞ্চং ষট্‌চক্রাত্মকং দেহং সিঞ্চন্তী। তথা চ শ্রীমত্যাশ্চতুশ্চরণং বর্ণয়ন্তি। শুক্লরক্তমিশ্রনির্ব্বাণসংজ্ঞং সত্ত্বরজস্তমোঽতীতগুণপ্রধানম্। তত্র শুক্লরক্তয়োরাজ্ঞাচক্রং স্থানং মিশ্রস্য হৃৎকমলং নির্ব্বাণস্য সহস্রারম্। তদুক্তং

দেবি! তুমি কুলপথদ্বারা ষট্‌চক্রভেদ পূর্ব্বক সহস্রারে আরোহণ করিয়া যখন পরমশিবের সহিত সংযুক্ত হও, তখন তোমার চরণযুগলের প্রান্ত হইতে বিনিঃসৃত অমৃতধারা বর্ষণদ্বারা সমুদায় চক্র ও চক্রস্থ দেবতাগণকে পুনরুজ্জীবিত ও সন্তর্পিত

বিন্যস্ত রহিয়াছে। মূলাধার প্রভৃতি চক্র সমুদায়ে অথবা সমুদায় ব্রহ্মাণ্ডে যে সমুদায় পদার্থ আছে, এখানে তৎসমুদায় অব্যক্তভাবে রহিয়াছে।

এক্ষণে কিরূপে ষট্‌চক্র ভেদ করিয়া কুলকুণ্ডলিনীকে সহস্রারে লইয়া গিয়া পরমশিবের সহিত যোগ করিতে হইবে, তাহা যদিও গুরূপদেশ সাপেক্ষ, তথাপি সংক্ষেপে পরশ্লোকের টিপ্পনীতে তাহার প্রণালী বর্ণন করিতেছি। ৯।

টিপ্পনী।—এস্থলে বিমলাবীজ উদ্ধৃত হইতেছে। অবাপ্য শব্দে মকার। যুগলশব্দে লকার। ভূমিং শব্দে ঊকার ও অনুস্বার। ইহাদ্বারা ম্লূঁ এই বীজ উদ্ধৃত হইল।

অবাপ্য স্বাং ভূমিং ভুজগণিভমধ্যুষ্টবলয়ং
স্বমাত্মানং কৃত্বা স্বপিষি কুলকুণ্ডে কুহরিণি ॥ ১০ ॥

ভগবতা দত্তাত্রেয়েণ। ভ্রূমধ্যগৌ বিধিহরী তব রক্তশুক্লৌ পাদৌ রজোহমল-গুণৌ খলু সেব্যমানৌ। সৃষ্টিস্থিতী বিতনুতে হৃদয়ে তৃতীয়মঙ্ঘ্রিং ভজন্ হরতি বিশ্বমুদগ্রবীর্য্যঃ॥ তূর্য্যং তবাঙ্ঘ্রিকমলং নিরুপাধিবোধং সান্দ্রামৃতং শিবপদে সততং নমামি॥ শ্লোকদ্বয়েন শ্রীমত্যাঃ কুণ্ডলিন্যাঃ রোহাবরোহৌ লিখিতৌ। তথা চ গৌতমীয়ে, মূলপদ্মে কুণ্ডলিনী যাবন্নিদ্রায়িতা প্রভো। তাবৎ কিঞ্চিন্ন সিধ্যেত মন্ত্রযন্ত্রার্চ্চনাদিকং। জাগর্ত্তি যদি সা দেবী বহুভিঃ পুণ্যসঞ্চয়ৈঃ। তদা প্রসাদমায়াতি মন্ত্রযন্ত্রার্চ্চনাদিকম্। শ্রীমন্মাধবাচার্য্য-পাদাঃ। পাণিনাং দেহমধ্যে চ সংস্থিতানন্দরূপিণী। আধারশক্তিঃ সা জ্ঞেয়া ত্বগাদিধাতুনির্ম্মিতা। তন্মধ্যে কমলং ধ্যায়েদ্দ্বাদশারং বিকস্বরং। যোনিস্তৎ কর্ণিকামধ্যে কুলমাতৃময়ী স্থিতা। বামকোষ্ঠাদিড়া নাড়ী তস্যাং গচ্ছতি চন্দ্রমাঃ। দক্ষিণে পিঙ্গলা নাড়ী তস্যাং গচ্ছতি ভাস্করঃ। ঊর্দ্ধকোষ্ঠাৎ সুষু-ম্নাখ্যা ধুস্তূরকুসুমাকৃতিঃ। তন্মধ্যে চিত্রিণী ধ্যেয়া পঞ্চাশদ্বর্ণরূপিণী। তদ্বর্ণ-ব্রহ্মপদবী বিষতন্তুতনীয়সী। মধ্যমেরুগতা নিত্যং সুষুম্না ব্রহ্মরন্ধ্রকম্।

করিতে করিতে পুনর্ব্বার তুমি সেই কুলপথদ্বারাই মূলাধারে প্রত্যাগমন পূর্ব্বক আপনাকে সার্দ্ধত্রিবলয়াকৃতি সর্পরূপিণী করিয়া

ষট্‌চক্র ভেদপূর্ব্বক কুণ্ডলিনীকে সহস্রারে উত্থাপিত করিয়া পরমশিবের সহিত যোগ করিতে হইলে প্রথমত যং এই বায়ুবীজ উচ্চারণ পূর্ব্বক বামনাসিকায় বায়ু আকর্ষণ করিয়া মূলাধার-স্থিত কন্দর্পবায়ু উদ্দীপিত করিবে। পরে রং এই বহ্নিবীজ উচ্চারণপূর্ব্বক দক্ষিণ নাসিকায় বায়ু আকর্ষণ করিয়া কুণ্ডলিনীর চতুর্দ্দিক্‌স্থিত বহ্নি প্রজ্বালিত করিতে হইবে। পরে উক্ত পবনদ্বারা বহ্নি সমুদ্দীপিত হইলে কুলকুণ্ডলিনী তাহার উত্তাপদ্বারা এবং হুঁ এই বীজ উচ্চারণদ্বারা জাগরিতা হইয়া উঠিবেন। পরে হংস এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক মূলাধার সঙ্কোচন দ্বারা তাঁহাকে উত্থাপিত করিতে হইবে। পূর্ব্বে যিনি সার্দ্ধ-ত্রিবলয়াকারে স্বয়ম্ভূলিঙ্গ বেষ্টনপূর্ব্বক ফণাদ্বারা ব্রহ্মদ্বার রোধ করিয়া নিদ্রিতা ছিলেন,

যোনৌ ভ্রমতি রক্তাভো বিন্দুঃ কন্দর্পসংজ্ঞকঃ। তস্মাচ্ছিখা সমুদ্ভূতা স্থির-বিদ্যুল্লতাসমা। তদূর্দ্ধে কুণ্ডলীশক্তিঃ স্বয়ম্ভূমুখরোধিনী। মূলাব্জকর্ণিকামধ্যে ধরণ্যা মধ্যসঙ্গতম্। ধ্যায়েল্লিঙ্গমধোবক্ত্রং লোহিতং বন্ধুজীববৎ। শারদায়াস্তু। আধারকন্দমধ্যস্থং ত্রিকোণমতিসুন্দরম্। জ্যোতিষাং মন্দিরং দিব্যং প্রাহুরাগমবেদিনঃ। তত্র বিদ্যুল্লতাকারা কুণ্ডলী পরদেবতা। পরিস্ফুরতি সর্ব্বাত্মা সুষুপ্তভুজগাকৃতিঃ। গৌতমীয়ে। গুদমেঢ্রান্তরে শক্তিং ক্রমাত্তাঞ্চ প্রবর্দ্ধয়েৎ। লিঙ্গভেদক্রমেণৈব বিন্দুচক্রঞ্চ প্রাপয়েৎ। শম্ভুনা তাং পরাং শক্তিমেকীভাবং বিচিন্তয়েৎ। তত্রোত্থিতামৃতং যত্তদ্দ্রুতলাক্ষারসোপমম্। পায়য়িত্বা চ তাং শক্তিং কৃষ্ণাখ্যাং যোগসিদ্ধিদাম্। ষট্চক্রদেবতাস্তত্র সন্তর্প্যামৃতধারয়া। আনয়েত্তেন মার্গেণ মূলাধারং ততঃ সুধীঃ। অত্র বিমলাবীজমপ্যুদ্ধরন্তি। অবাপ্যশব্দাৎ মকারঃ। যুগলশব্দাৎ লকারঃ। ভূমিং শব্দাদূকারানুস্বারৌ এতেন ম্লূঁ ॥ ১০ ॥

সচ্ছিদ্র কুলকুণ্ডে অর্থাৎ মূলাধারস্থিত স্বয়ম্ভূলিঙ্গে নিদ্রিতা হইয়া থাক। ১০।

এক্ষণে তিনি ব্রহ্মবিবরে প্রবেশ পূর্ব্বক উত্থিত হইতে আরম্ভ করিবেন। আত্মা কুণ্ডলিনীর সহিত একীভূত হইয়া থাকিবেন। এই সমুদায় ব্যাপার ভাবনাদ্বারা অভ্যস্ত হইলে যখন কুণ্ডলিনী প্রকৃতপ্রস্তাবে উত্থিত হইতে থাকিবেন, তখন সাধক স্পষ্টরূপে অনুভব করিতে পারিবেন। এস্থলে কিরূপে মূলাধার সঙ্কোচিত করিতে হইবে, কিরূপে প্রাণ ও অপানের যোগ করিয়া ব্রহ্মগ্রন্থি ভেদ করিতে হইবে, কিরূপে বিষ্ণুগ্রন্থি ভেদ হইবে, কিরূপে অতীব কঠিন রুদ্রগ্রন্থি ভেদ করিয়া কুণ্ডলিনী সহস্রারে উপনীত হইবেন, তৎসমুদায় গুরূপদেশ-সাপেক্ষ।

যখন কুণ্ডলিনী জাগরিতা হইয়া উর্দ্ধগমনে উন্মুখী হইবেন, সে সময় ব্রহ্মা, সাবিত্রী, ডাকিনীশক্তি এবং মূলাধারস্থিত সমুদায় দেবতা, মাতৃকাবর্ণ ও বৃত্তিসমুদায় তাঁহার শরীরে লয়প্রাপ্ত হইবে। মহীমণ্ডল লয়প্রাপ্ত হইয়া কুণ্ডলিনীর শরীরে লং বীজে পরিণত হইবে। কুণ্ডলিনী মূলাধার পরিত্যাগ করিবামাত্র শূন্য মূলাধারপদ্ম অধোমুখ ও মুদ্রিত হইয়া

যাইবে। সমুদায় চক্রস্থ পদ্মই অধোমুখ ও মুদ্রিত আছে। কুণ্ডলিনী চৈতন্য লাভ করিয়া যখন যে পদ্মে গমন করিবেন, তখন সেই পদ্মই উর্দ্ধমুখ ও বিকসিত হইয়া উঠিবে, সুতরাং সমুদায় চক্রস্থ পদ্মই ভাবনার সময় উর্দ্ধমুখ ও বিকসিত হয়। অনন্তর কুণ্ডলিনী স্বাধিষ্ঠান-চক্রে উপনীত হইবামাত্র তৎক্ষণাৎ উহা উর্দ্ধমুখও বিকসিত হইবে। মহাবিষ্ণু, মহালক্ষ্মী, সরস্বতী, রাকিণীশক্তি এবং এতৎচক্রস্থিত সমুদায় দেবগণ, মাতৃকাবর্ণ ও ক্রূরতা প্রভৃতি বৃত্তি সমুদায় কুণ্ডলিনীর শরীরে লয়প্রাপ্ত হইবে। লং এই পৃথিবী বীজ জলমণ্ডলে লয়-প্রাপ্ত হইলে জলও বং বীজে পরিণত হইয়া কুণ্ডলিনীর শরীরে অবস্থান করিবে। এতৎ-চক্রস্থিত বৈকুণ্ঠধাম, গোলক ও তত্তৎস্থান-নিবাসী দেবগণ, মাতা কুণ্ডলিনীর শরীরে লয়-প্রাপ্ত হইবে।

অনন্তর কুলকুণ্ডলিনী স্বাধিষ্ঠানচক্র পরিত্যাগপূর্ব্বক মণিপূরে উত্থিত হইবেন। এতৎ-চক্রস্থিত রুদ্র, ভদ্রকালী, লাকিনীশক্তি, অন্যান্য দেবগণ, রুদ্রলোক, মাতৃকাবর্ণ ও লজ্জা ভয় প্রভৃতি, কুণ্ডলিনীর শরীরে লয়প্রাপ্ত হইবে। বং বীজ বহ্নিমণ্ডলে লীন হইয়া যাইবে; বহ্নিও রং বীজে পরিণত হইয়া কুণ্ডলিনীর শরীরে লীন থাকিবে। এই চক্রের নাম ব্রহ্ম-গ্রন্থি। ইহা ভেদ করিতে সাধকের কিঞ্চিৎ কষ্ট হয়। ইহা প্রথম ভেদ হইবার সময় সাধক কৃশ হইয়া পড়েন এবং উদরাময়ও হয়।

অনন্তর কুলকুণ্ডলিনী মণিপূর পরিত্যাগপূর্ব্বক অনাহতচক্রে উপনীত হইবেন। এতৎ-চক্রস্থিত লক্ষ্মী, নারায়ণ, কাকিনীশক্তি, কালরাত্রি প্রভৃতি শক্তি, মাতৃকাবর্ণ, অহঙ্কার কপটতা প্রভৃতি বৃত্তিসমুদায় কুণ্ডলিনীর শরীরে লয়প্রাপ্ত হইবে। রং বীজ বায়ুমণ্ডলে লীন হইয়া যাইবে, বায়ুও যং বীজে পরিণত হইয়া কুলকুণ্ডলিনীর শরীরে লীন থাকিবে। এই চক্রের নাম বিষ্ণুগ্রন্থি, ইহা ভেদ করাও কিঞ্চিৎ দুরূহ।

অনন্তর কুলকুণ্ডলিনী অনাহতচক্র পরিত্যাগপূর্ব্বক ভারতীস্থাননামক বিশুদ্ধচক্রে উত্থিত হইবেন। এখানে অর্দ্ধনারীশ্বর শিব, শাকিনীশক্তি, মাতৃকাবর্ণ, সপ্তস্বর এবং নমঃ স্বাহা প্রভৃতি চক্রস্থ সমুদায়, কুণ্ডলিনীর শরীরে লয়প্রাপ্ত হইবে। যং এই বায়ুবীজ আকাশমণ্ডলে লীন হইয়া যাইবে। আকাশও হং বীজে পরিণত হইবে।

অনন্তর কুণ্ডলিনী ললনাচক্র নামক গুপ্তচক্র ভেদপূর্ব্বক যখন আজ্ঞাচক্রে উপনীত হই-বেন, তখন পরশিব, সিদ্ধকালী, হাকিনীশক্তি, ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর, সত্ত্ব রজ তমোগুণ ও এতৎচক্রস্থিত অন্যান্য সমুদায়, তাঁহার শরীরে লয়প্রাপ্ত হইবে। পরে হং এই আকাশবীজ মনশ্চক্রে লয়প্রাপ্ত হইবে। মনও কুণ্ডলিনীর শরীরে লীন হইবে! এই আজ্ঞাচক্রকেই রুদ্র-গ্রন্থি বলা যায়। ইহা ভেদ হইলেই কুণ্ডলিনী স্বয়ং উত্থিত হইয়া পরমশিবে সংযুক্ত হয়েন।

পরে কুণ্ডলিনী দ্বিদলপদ্ম ভেদপূর্ব্বক যেমন উত্থিত হইতে থাকেন, অমনি ক্রমে ক্রমে নিরালম্বপুরী, প্রণব, নাদ, বিন্দু প্রভৃতি তাঁহার শরীরে লয়প্রাপ্ত হয়। পরে তিনি পরম-শিবে সংযুক্ত ও একীভূত হইলে তাঁহার সামরস্য-সম্ভূত অমৃতদ্বারা ক্ষুদ্রব্রহ্মাণ্ডরূপ শরীর প্লাবিত হইতে থাকে। এই সময় সাধক সমুদায় জগৎ বিস্মৃত হইয়া একমাত্র অনির্ব্বচনীয় আনন্দে মগ্ন হয়েন। রমণী-সম্ভোগ সময়ে শুক্রোৎসারণকালে যেরূপ অনির্দ্দেশ্য আনন্দ অনুভব হয়, ইহা তাহার অনুরূপ হইলেও তাহা অপেক্ষা সহস্র গুণ শ্রেষ্ঠ ও অনির্ব্বচনীয়।

এইরূপে কুলকুণ্ডলিনী পরমশিবের সহিত সামরস্য সম্ভোগ করিয়া পুনর্ব্বার প্রত্যা-গমনে প্রবৃত্তা হইবেন। তিনি প্রত্যাগমনকালে যে যে স্থানে বা চক্রে উপনীত হইবেন, সেই সেই স্থানের ও চক্রের যে যে দেবতা প্রভৃতি যে ভাবে তাঁহার শরীরে লয়প্রাপ্ত হইয়াছিলেন, তাহার বিপরীতভাবে তাঁহারা সৃষ্ট হইতে থাকিবেন। কুণ্ডলিনীশক্তি, বিন্দু নাদ প্রণব নিরালম্বপুরী প্রভৃতি সৃষ্টি করিয়া যখন আজ্ঞাচক্রে উপনীত হইবেন, তখন তাঁহার শরীর হইতে মন, পরশিব, সিদ্ধকালী, হাকিনীশক্তি, সত্ত্ব রজঃ তমোগুণ ও অন্যান্য চক্রস্থ দেবতা প্রভৃতি সৃষ্ট হইয়া যথাস্থানে অবস্থিতি করিতে থাকিবেন। মনঃ হইতে হং এই আকাশবীজ উৎপন্ন হইয়া কুণ্ডলিনীর শরীরে লীন থাকিবে।

অনন্তর কুণ্ডলিনী ক্রমশঃ সৃষ্টি করিতে করিতে বিশুদ্ধ চক্রে উপনীত হইবেন। এই স্থানে তাঁহার শরীর হইতে অর্দ্ধনারীশ্বর শিব, শাকিনীশক্তি, মাতৃকাবর্ণ, সপ্তস্বর, অমৃত-প্রভৃতি আবির্ভূত হইতে থাকিবে। হং বীজ হইতে আকাশের সৃষ্টি হইবে। আকাশ হইতে যং এই বায়ুবীজ উৎপন্ন হইয়া কুণ্ডলিনীর শরীরে লীন থাকিবে। এইরূপে কুণ্ড-লিনী বিশুদ্ধচক্রের দেবতা প্রভৃতি সৃষ্টিপূর্ব্বক যথাস্থানে স্থাপন করিয়া অনাহতচক্রে প্রতি-গমন করিবেন। এই স্থানে লক্ষ্মী, নারায়ণ, কাকিনীশক্তি, মাতৃকাবর্ণ, আশা, চিন্তা প্রভৃতি বৃত্তিসমুদায় তাঁহার শরীর হইতে আবির্ভূত হইয়া যথাস্থানে অবস্থান করিবে। যং বীজ হইতে বায়ুর সৃষ্টি হইবে। বায়ু হইতে রং এই বহ্নিবীজ উৎপন্ন হইয়া কুণ্ডলিনীর শরীরে লীন থাকিবে।

অনন্তর কুলকুণ্ডলিনী মণিপূরে উপনীত হইলে তাঁহার শরীর হইতে রুদ্র ও ভদ্রকালী, লাকিনীশক্তি, এতৎ-চক্রস্থিত বর্ণ সমুদায়, লজ্জা ভয় ঘৃণা প্রভৃতি বৃত্তিসমুদায় এবং এতৎ-চক্রস্থিত অন্যান্য দেবগণ প্রাদুর্ভূত হইয়া যথাস্থানে অবস্থান করিবেন। পরে রং বীজ হইতে তেজের উৎপত্তি হইবে। পরে তেজ হইতে বং এই বরুণবীজ উৎপন্ন হইয়া কুণ্ড-লিনীর শরীরে লীন থাকিবে। অনন্তর কুণ্ডলিনী স্বাধিষ্ঠান চক্রে উপনীত হইলে তাঁহার শরীর হইতে মহালক্ষ্মী, মহাবিষ্ণু, সরস্বতী, রাকিণীশক্তি, বর্ণসমুদায়, ক্রূরতা প্রভৃতি বৃত্তি-

চতুর্ভিঃ শ্রীকণ্ঠৈঃ শিবযুবতিভিঃ পঞ্চভিরপি
প্রভিন্নাভিঃ শম্ভোর্নবভিরপি মূলপ্রকৃতিভিঃ।

অথ বাহ্যপূজার্থং শ্রীমত্যা যন্ত্রমাহ। চতুরিতি। হে মাতশ্চতুর্ভিঃ শ্রীকণ্ঠৈঃ ঊর্দ্ধমুখীভিঃ, পঞ্চভিঃ শিবযুবতিভিরধোমুখীভিঃ ইত্যেবং প্রকারেণ প্রভিন্নাভির্নবভিরূর্দ্ধমুখাধোমুখভেদেন ভেদিতাভিঃ শম্ভোর্ব্বিন্দুরূপস্য মূলপ্রকৃতিভিরাধারভূতাভিস্তব ভবনকোণাঃ গৃহকোণাঃ পরিণতাঃ নিষ্পন্নাঃ। তে কতিসংখ্যা ইত্যাহ ত্রয়শ্চত্বারিংশদিতিসংখ্যাঃ। নহি কেবলং কোণমাত্রেণ চক্রনিষ্পত্তির্ভবতীত্যাহ বসুদল-অষ্টদল-কলাব্জষোড়শদলাব্জত্রিবলয়ত্রিবৃত্তভূপুরৈঃ ত্রিভিঃ সার্দ্ধং নিষ্পন্নত্বাদিত্যন্বয়ঃ। এতেনাদৌ বিন্দুঃ ততস্ত্রিকোণং ততোঽষ্টকোণং ততো দশকোণদ্বয়ং ততশ্চতুর্দ্দশকোণম্। তত্র প্রথমত্রিকোণস্য অষ্টকোণে কোণদ্বয়প্রবেশাৎ এককোণতয়া ত্রয়শ্চত্বারিংশৎ কোণাঃ। ততো বৃত্তাষ্টদলং বৃত্তষোড়শদলং তত্র ত্রিবৃত্তং ভূপুরত্রয়মিতি শ্রীচক্রম্। ততোঽন্যত্রাপি স্তোত্রোপদেশেন যন্ত্রোদ্ধারঃ। শ্রীমত্রিকোণবহিরষ্টককোণবাহ্যদিক্কোণযুক্পরচতুর্দ্দশকোণযুক্তম্। বৃত্তাষ্টষোড়শদলানলবৃত্তরেখং

মাতঃ! চারিটী ঊর্দ্ধমুখ ত্রিকোণ, পাঁচটী অধোমুখ ত্রিকোণ, এই নয়টী মূলপ্রকৃতি মিলিত হইয়া ত্রিচত্বারিংশৎকোণ হইলে তাহার বহির্দ্দেশে বৃত্ত অষ্টদল, তাহার বহির্দ্দেশে বৃত্ত ষোড়শদল,

---

সমুদায়, বৈকুণ্ঠ, গোলোকধাম এবং এতৎ-চক্রস্থিত আর আর সমুদায় সৃষ্ট হইয়া যথাস্থানে অবস্থিতি করিবে। বং বীজ হইতে জল উৎপন্ন হইলে ঐ জল হইতে লং এই পৃথ্বীবীজ উৎপন্ন হইয়া কুণ্ডলিনীর শরীরে লীন থাকিবে।

অনন্তর কুণ্ডলিনী মূলাধারে গমন করিলে তাঁহার শরীর হইতে ব্রহ্মা, সাবিত্রী, ডাকিনীশক্তি, মাতৃকাবর্ণ, যোগানন্দ প্রভৃতি সৃষ্ট হইয়া যথাস্থানে অবস্থান করিবে। লং এই বীজ হইতে পৃথিবীর সৃষ্টি হইবে। অনন্তর কুলকুণ্ডলিনী সার্দ্ধত্রিবলয়াকারে স্বয়ম্ভূলিঙ্গ বেষ্টন করিয়া মুখদ্বারা ব্রহ্মদ্বার রোধপূর্ব্বক নিদ্রিতা হইয়া থাকিবেন। জীবাত্মাও পুনর্ব্বার ভ্রান্তিজালে পতিত হইয়া যথাস্থানে অবস্থান করিবেন। ১০।

ত্রয়শ্চত্বারিংশদ্বসুদলকলাব্জ-ত্রিবলয়-
ত্রিরেখাভিঃ সার্দ্ধং তব ভবনকোণাঃ পরিণতাঃ ॥ ১১ ॥
ত্বদীয়ং সৌন্দর্য্যং তুহিনগিরিকন্যে ! তুলয়িতুং
কবীন্দ্রাঃ কল্পন্তে কথমপি বিরিঞ্চিপ্রভৃতয়ঃ।

শ্রীমচ্চতুর্ম্মুখমিতি প্রণমামি চক্রম্ ॥ অত্র বিন্দুশব্দাভাবেঽপি শম্ভুশব্দাদেব বিন্দুর্লভ্যতে। ঊর্দ্ধমুখস্য বহ্ন্যাত্মকতয়া শম্ভোস্তদাত্মকত্বাৎ শ্রীকণ্ঠসংজ্ঞা। অধোমুখস্য শক্ত্যাত্মকত্বাৎ যুবতীসংজ্ঞা। তদুক্তং সঙ্কেতপদ্ধতৌ। পঞ্চ-শক্তিশ্চতুর্ব্বহ্নিঃ সংযোগাচ্চক্রসম্ভবঃ। নির্ম্মাণন্তু গুরুমুখাৎ। অত্রাপ্যরুণা-বীজমুদ্ধরন্তি। কলাব্জশব্দাজ্জকারঃ। শম্ভোঃ শব্দাৎ শকারঃ। রেখা শব্দা-দ্রেফঃ। প্রকৃতিশব্দাদীকারঃ। সার্দ্ধং শব্দাদ্বিন্দুঃ। এতেন জশ্রীং ॥ ১১ ॥

শ্রীমত্যা ধ্যানফলমাহ ত্বদীয়মিতি। হে তুহিনগিরিকন্যে! হিমালয়কন্যে! ত্বদীয়ং সৌন্দর্য্যং তুলয়িতুং বিরিঞ্চিপ্রভৃতয়ঃ কবীন্দ্রাঃ কথমপি কল্পন্তে। তব সৌন্দর্য্যস্য উপমারহিতত্বাৎ। তথা হি ব্রহ্মাদয়ো যদ্বর্ণনে অশক্তাঃ তত্রাস্মাকং কুতোঽধিকারঃ ইতি ভাবঃ। যৎ সৌন্দর্য্যং ঔৎসুক্যাৎ নিত্যানুরাগতয়া

তাহার বহির্দ্দেশে তিনটী বৃত্ত, তাহার বহির্দ্দেশে তিনটী ভূপুর অঙ্কিত করিলে শ্রীচক্র নিষ্পন্ন হইয়া থাকে। ১১।

হিমগিরিতনয়ে! চতুরানন প্রভৃতি মহাকবিগণ অতিকষ্টে তোমার সৌন্দর্য্য ও নিরুপম রূপ বর্ণন করিতে অথবা তাহার

টিপ্পনী।—অগ্রে বিন্দু, পশ্চাৎ ত্রিকোণ, পরে অষ্টকোণ, পরে দশকোণদ্বয়, তৎপরে চতুর্দ্দশকোণ অঙ্কিত করিলে ত্রিচত্বারিংশৎ কোণ হইবে, কারণ, প্রথম ত্রিকোণের কোণ-দ্বয় অষ্টকোণে অনুপ্রবিষ্ট হওয়াতে পঞ্চচত্বারিংশৎ কোণের দুইটী কোণ ন্যূন হইতেছে। এস্থলে অরুণাবীজ উদ্ধৃত হইল। কলাব্জ শব্দে জকার। শম্ভোঃ শব্দে শকার। রেখা শব্দে রেফ। প্রকৃতি শব্দে ঈকার। সার্দ্ধং শব্দে বিন্দু। ইহা দ্বারা জশ্রীং এই বীজ উদ্ধৃত হইল। ১১।

যদালোক্যৌৎসুক্যাদমরললনা যান্তি মনসা
তপোভির্দুষ্প্রাপামপি গিরিশসাযুজ্যপদবীম্॥ ১২॥
নরং বর্ষীয়াংসং নয়নবিরসং নর্ম্মসু জড়ং
তবাপাঙ্গালোকে পতিতমনুধাবন্তি শতশঃ।

মনসা আলোক্য ধ্যাত্বা অমরললনা দেবস্ত্রিয়ঃ তপোভির্দুষ্প্রাপামপি গিরিশ-সাযুজ্যপদবীং যান্তি? শ্রীমত্যা ধ্যানমাত্রেণ সাযুজ্যমুক্তির্ভবতীতি ভাবঃ। পশূনাং দুষ্প্রাপামিতি কুত্রাপি পাঠঃ। তত্র তন্ত্রাচাররহিতানামিত্যর্থঃ। যান্তি সহসেতি কুত্রাপি পাঠঃ। তত্র সাযুজ্যেন সম্বন্ধঃ। যদালোক্য শিব-সাযুজ্যপদবীং সহসা যান্তি। অত্র বীজমপ্যুদ্ধরন্তি। তুহিনশব্দাৎ হকারঃ। সৌন্দর্য্যশব্দাৎ সকারযকারৌ। বিরিঞ্চিশব্দেন প্রয়োজনং লক্ষ্যতে। তেন ঊকারঃ। ষষ্ঠস্বরস্তথাকারঃ প্রজেশো নবভৈরব ইতি কোষঃ। তদীয়ং শব্দা-দ্বিন্দুঃ। এতেন হসয়ূঁ॥ ১২॥

শ্রীমত্যা অনুকম্পাফলমাহ নরং বর্ষীয়াংসমিত্যাদি। হে মাতস্তবাপাঙ্গা-লোকে পতিতং তবালোকনবিষয়ীভূতং নরং শতশো যুবতয়োঽনুধাবন্তি ত্বরয়া গচ্ছন্তীত্যর্থঃ। কিম্ভূতং? বর্ষীয়াংসং বৃদ্ধম্। নয়নবিরসং চক্ষুঃসত্তা-রহিতম্। নর্ম্মসু জড়ং ক্রীড়নানভিজ্ঞম্। যুবতয়ঃ কিম্ভূতাঃ? গলদ্বেণীবন্ধাঃ

সাদৃশ্য লাভ করিতে সমর্থ হয়েন। সুরনারীগণ সমুৎসুক চিত্তে তোমার সেই লোকাতীত সৌন্দর্য্য ধ্যান করিয়া ঘোর তপস্যা-দ্বারাও দুষ্প্রাপ্য শিবসাযুজ্যরূপ মুক্তি লাভ করিয়া থাকেন। ১২।

মাতঃ! তুমি যাহাকে কৃপাকটাক্ষে অবলোকন কর, সে ব্যক্তি যদিও বৃদ্ধতম, কর্ম্মাক্ষম, দর্শনশক্তি-রহিত ও রমণীসম্ভোগে

টিপ্পনী।—তুহিন শব্দে হকার। সৌন্দর্য্য শব্দে সকার ও যকার। বিরিঞ্চি শব্দে ঊকার। ত্বদীয়ং শব্দে বিন্দু। ইহাদ্বারা হসয়ূং এই মন্ত্র উদ্ধৃত হইল। ১২।

গলদ্বেণীবন্ধাঃ কুচকলসবিস্রস্তসিচয়া
হঠাৎ ত্রুট্যৎকাঞ্চ্যো বিগলিতদুকূলা যুবতয়ঃ ॥ ১৩ ॥
ক্ষিতৌ ষট্‌পঞ্চাশৎ দ্বিসমধিকপঞ্চাশদুদকে
হুতাশে দ্বাষষ্টিশ্চতুরধিকপঞ্চাশদনিলে।

পতৎকেশবন্ধাঃ। কুচকলসাৎ বিস্রস্তঃ পতিতঃ সিচয়ো বস্ত্রখণ্ডো যাসাম্। হঠাৎ তৎক্ষণাৎ ত্রুট্যন্ত্যঃ পতৎপ্রায়াঃ কাঞ্চ্যো রশনা যাসাম্। বিগলিতং দুকূলং কৌষেয়ং যাসাম্। এতেন শ্রীমত্যাঃ কৃপাবলোকনমাত্রেণ সর্ব্বকর্ম্মাক্ষমোঽপি সদ্ভির্ম্মহাপুরুষত্বেনানুমীয়তে ॥ ১৩ ॥

অথান্তর্ম্মাতৃকাক্রমমাহ। ক্ষিতাবিতি। হে মাতঃ! পৃথিব্যাদিষু ব্রহ্মাদিশক্তিষু ষষ্ট্যুত্তরশতত্রয়সংখ্যা যে ময়ূখাঃ কিরণা বর্ণরূপিণঃ সন্তি, তেষামুপরি তব পাদাম্বুজযুগং হংস-ইত্যক্ষরদ্বয়রূপং ভাতীত্যন্বয়ঃ। তথাচ রুদ্রযামলে, পৃথিবী ব্রহ্মণঃ শক্তির্জ্জলং নারায়ণস্য চ। বহ্নীরুদ্রস্য রুদ্রাণী বায়ুরীশস্য

অপটু হয়, তথাপি শত শত অপরূপ-রূপবতী যুবতী মন্মথ-বশবর্ত্তিনী হইয়া তাহার প্রতি ধাবমান হইয়া থাকে। তৎকালে তাহাদের বেণীবন্ধ শিথিল ও বিগলিত হইতে থাকে; স্তনমণ্ডল হইতে বসন বিগলিত হয়, রসনা পতিতপ্রায় হইতে থাকে, পরিধেয় কৌষেয় বসন বিগলিতপ্রায় হইয়া যায়। ১৩।

জননি! মূলাধারে ব্রহ্মার শক্তি সাবিত্রী হইতে অভিন্ন পৃথিবীর যে ষট্‌পঞ্চাশৎ কিরণ আছে, স্বাধিষ্ঠান চক্রে বিষ্ণুশক্তি মহালক্ষ্মী হইতে অভিন্ন জলের যে দ্বিপঞ্চাশৎ কিরণ রহিয়াছে,

---

টিপ্পনী।—ইহার তাৎপর্য্য এই যে, যে ব্যক্তি তোমার কৃপা কটাক্ষে পতিত হয়েন, তিনি সর্ব্বকার্য্যে অক্ষম হইয়াও সকলের চক্ষে মহাপুরুষ বলিয়া প্রতীয়মান হইতে থাকেন। ১৩।

দিবি দ্বিঃষট্‌ত্রিংশন্মনসি চ চতুঃষষ্টিরিতি যে
ময়ূখাস্তেষামপ্যুপরি তব পাদাম্বুজযুগম্ ॥ ১৪ ॥

জননি ! যিনি স্বাধিষ্ঠান চক্রস্থিত হুতাশনরূপ ধারণ করিয়া রহিয়াছেন, সেই রুদ্র ও রুদ্রশক্তি ভদ্রকালীকে প্রণাম করি। প্রলয়কালে এই রুদ্রের ক্রোধবিকসিত লোচন যখন সমুদায় লোক দগ্ধ করিতে প্রবৃত্ত হয়, তখন তুমি দয়ার্দ্র দৃষ্টিপাত দ্বারা এই সমুদায় জগৎ সুশীতল করিয়া থাক। ৩৭।

তেছে। কোন কোন ব্যক্তি এই সংসাররূপ রঙ্গভূমিতে অবতীর্ণ হইতেছেন, কোন কোন ব্যক্তি নিজ অভিনয় সমাধান করিয়া রঙ্গভূমি হইতে বহির্গত হইয়া যাইতেছেন। এই রঙ্গভূমি এরূপ অদ্ভুত ঐন্দ্রজালিক ক্রিয়াতে পরিপূর্ণ যে, অভিনয়কারী ব্যক্তিরাও ইহার যাথার্থ্য অবগত হইতে সমর্থ হয়েন না। প্রধান নটনটীর সুকৌশলে ও শিক্ষাবলে অভি-নয়কারীরা কাষ্ঠপুত্তলিকার ন্যায় কোন অংশ অভিনয় করিয়াও তাহার মর্ম্মভেদ করিতে সমর্থ হইতেছেন না। ৩৬।

টিপ্পনী।—ইহার তাৎপর্য্য এই যে, রুদ্র যখন বাড়বানলরূপে সমুদায় জগৎ দগ্ধ

তড়িত্বন্তং শক্ত্যা তিমিরপরিপন্থিস্ফুরণয়া
স্ফুরন্নানারত্নাভরণপরিণদ্ধেন্দ্রধনুষম্।

বৈষ্ণবীশক্তিসহিতং বিষ্ণুরূপং স্তবন্নাহ তড়িদিতি। কমপি অনির্ব্বচনীয়ং মেঘং মেঘাভবিষ্ণুং অহং নিষেবে। কিম্ভূতং? মণিপূরৈকশরণং মণিপূরমেব প্রধানং স্থানং যস্য! মেঘসাধর্ম্ম্যমাহ, তমঃশ্যামং অতি ঘোরতরম্। কিম্ভূতং? শক্ত্যা নারায়ণ্যা তড়িত্বন্তম্। শক্ত্যা কিম্ভূতয়া, অন্ধকারবিরোধি সঞ্চরণং যস্যাঃ। মেঘং কিম্ভূতং? স্ফুরন্নানারত্নালঙ্কারৈর্ম্মিলিতমিন্দ্রধনুর্যত্র। হরমিহিরতপ্তং রুদ্ররূপসূর্য্যতপ্তং ত্রিভুবনং বর্ষন্তম্। কচিৎ

মাতঃ! মণিপূরস্থিত অনির্ব্বচনীয় মেঘরূপ বিষ্ণুকে এবং তোমার অংশ বৈষ্ণবী শক্তিকে প্রণাম করিতেছি। নিজ স্ফুরণদ্বারা তমোরাশি-বিনাশিনী এই বৈষ্ণবীশক্তি অন্ধকারের ন্যায় শ্যামবর্ণ বিষ্ণুর অঙ্গে চঞ্চলার ন্যায় শোভা ধারণ করিয়াছেন।

করিতে প্রবৃত্ত হয়েন, তখন তুমি সমুদ্ররূপে ঐ বাড়বানল আবরণপূর্ব্বক সমুদায় জগৎ শীতল করিয়া থাক। বহু তন্ত্রে ও যোগশাস্ত্রে বর্ণিত আছে যে, স্বাধিষ্ঠানচক্রে বিষ্ণু ও বৈষ্ণবীশক্তি এবং মণিপূরে রুদ্র ও রুদ্রাণী অবস্থিতি করিতেছেন। ভূতশুদ্ধি সময়েও এইরূপ ভাবনা করা হইয়া থাকে। ভগবান্ শঙ্করাচার্য্য এই স্থলে তাহার ব্যত্যয় করিয়া বর্ণন করিলেন। এরূপ ব্যত্যয়পূর্ব্বক বর্ণনে কোন বিশেষ দোষ হইতেছে না কারণ, যেখানে সংহার সেই স্থানেই রক্ষা রহিয়াছে, এবং যে স্থানে রক্ষা সেই স্থানেই সংহার বিরাজ করিতেছে। স্বাধিষ্ঠানচক্রে যেরূপ বিষ্ণু পালনের নিমিত্ত অবস্থান করিতেছেন, সংহারক রুদ্রও সেইরূপ সেই স্থানে সংহারের প্রতীক্ষায় রহিয়াছেন। মণিপূরে যেরূপ রুদ্র সংহারের নিমিত্ত আছেন, বিষ্ণুও সেইরূপ সেই স্থানে রক্ষা করিতেছেন, সুতরাং স্বাধিষ্ঠান ও মণিপূর উভয় স্থানেই রুদ্র ও বিষ্ণু আছেন। বহুসংখ্য তন্ত্রে স্বাধিষ্ঠানস্থিত রুদ্রের উল্লেখ না করিয়া কেবল বিষ্ণুর উল্লেখ ও ধ্যানের উপদেশ করিয়াছেন এবং মণিপূরে বিষ্ণুর ধ্যানের উপদেশ না দিয়া রুদ্রের ধ্যানের উপদেশ দিয়াছেন। ভগবান্ শঙ্করাচার্য্য স্বাধিষ্ঠানে রুদ্রের এবং মণিপূরে বিষ্ণুর বর্ণন করিলেন। ৩৭।

তমঃশ্যামং মেঘং কমপি মণিপূরৈকশরণং
নিষেবে বর্ষন্তং হরমিহিরতপ্তং ত্রিভুবনম্ ॥ ৩৮ ॥
সমুন্মীলৎসম্বিৎকমলমকরন্দৈকরসিকং
ভজেঽহং সদ্বন্দ্বং কিমপি মহতাং মানসচরম্।

স্মরমিহিরতপ্তমিতি পাঠঃ। তত্র স্মরঃ কন্দর্পঃ স এব সূর্য্যঃ তত্তেজসা তপ্তং ত্রিভুবনং বর্ষন্তমিত্যর্থঃ। এতেন মণিপূরস্থবিষ্ণুরূপশিবধ্যানাৎ কামাগ্নিনা দহ্যমানস্য শান্তির্ভবতীতি ভাবঃ॥ ৩৮ ॥

অথ অনাহতচক্রস্থমীশ্বরং শক্তিসহিতং ঈশ্বরনামানং স্তবন্নাহ। সমুদিতি। কমপি অনির্ব্বচনীয়ং হংসদ্বন্দ্বং ভজে। কিম্ভূতং? মহতাং জ্ঞানিনাং মানসচরম্। অন্যে হংসা মকরন্দরসিকা ইদমপি সমুন্মীলৎ প্রকাশীভবৎ জ্ঞানকমলমকরন্দৈকরসিকম্। যদ্যস্মাৎ যয়োরালাপাৎ ধ্যানাৎ জনঃ অষ্টাদশবিদ্যা-পরিচিতিমাধত্তে। অষ্টাদশ বিদ্যা যথা—বেদা উপবেদাঃ অঙ্গানি ষট্ এবং অষ্টাদশ বিদ্যাঃ। যস্মাৎ যয়োরালাপাৎ দোষাৎ গুণং দোষং

তাঁহার বহুবিধ সুনির্ম্মল আভরণ ইন্দ্রধনুর ন্যায় শোভা ধারণ করিয়াছে। এই বিষ্ণুরূপ অপূর্ব্বমেঘ, করুণাবারি বর্ষণদ্বারা মহেশ্বররূপ প্রচণ্ড মার্ত্তণ্ডে সন্তপ্ত ত্রিভুবন পুনরুজ্জীবিত করিতেছেন। ৩৮!

মাতঃ! যাঁহারা অনাহতচক্রে অবস্থান করিতেছেন, যাঁহারা সমুন্মীলিত জ্ঞানকমলের মকরন্দ পান করিয়া থাকেন, সেই হংস ও হংসীরূপ ঈশ্বর ও ভুবনেশ্বরীকে আমি প্রণাম করিতেছি।

টিপ্পনী।—এই শ্লোকে বৈষ্ণবীশক্তির সহিত বিষ্ণুর স্তব করা হইল। ইহার দ্বারা সূচিত হইতেছে, যে ব্যক্তি নাভিকমলে মেঘবর্ণ শিবসমেত বিদ্যুদ্বর্ণা শক্তির ধ্যান করেন; তিনি সর্ব্ববিধ ক্লেশ হইতে মুক্ত হইতে পারেন। ৩৮।

যদালাপাদষ্টাদশগুণিতবিদ্যাপরিণতিঃ
সমাদত্তে দোষাদ্‌গুণমখিলমদ্ভ্যঃ পয় ইব ॥ ৩৯ ॥
বিশুদ্ধৌ তে শুদ্ধস্ফটিকবিশদং ব্যোমসদৃশং
শিবং সেবে দেবীমপি শিবসমানব্যসনিনীম্।

বিহায় অখিলং গুণমাদত্তে অদ্ভ্যো জলেভ্যঃ পয় ইব। অন্যেঽপি রাজহংসা একত্রীভূতং জলং দূরীকৃত্য দুগ্ধং গৃহ্নন্তীতি তাৎপর্য্যম্। নিত্যা পরিণতিরিতি কুত্রাপি পাঠঃ। তত্র যদালাপাৎ অষ্টাদশবিদ্যাসু পরিণতির্দ্দাক্ষিণ্যং জায়তে ইতি স্বচ্ছান্বয়ঃ ॥ ৩৯ ॥

আদ্যাশক্তিসহিতং শিবং স্তবন্নাহ। বিশুদ্ধাবিতি। বিশুদ্ধনাম্নি কণ্ঠস্থিতপদ্মে তব শিবমহং সেবে। কিম্ভূতং? শুদ্ধস্ফটিকশুভ্রং, ব্যোমসদৃশমাকাশতুল্যমপর্য্যাপ্তত্বাৎ। ব্যোমজনকমিতি কুত্রাপি পাঠঃ। তত্র

এই হংসযুগল সাধকগণের মানস সরোবরে নিরন্তর বিহার করিয়া থাকেন। ইঁহাদের ধ্যান করিলে অষ্টাদশ বিদ্যায় পারদর্শী হইতে পারা যায়। সাধারণ হংস যেরূপ জল হইতে দুগ্ধ পৃথক্ করিয়া পান করে, এই হংসযুগলও সেইরূপ বিবিধ দোষে আচ্ছাদিত গুণমাত্র গ্রহণ করিয়া থাকেন। ৩৯।

মাতঃ! বিশুদ্ধ চক্রস্থিত আদ্যাশক্তি সমেত সদাশিবকে আমি প্রণাম করিতেছি। এই সদাশিব শুদ্ধ স্ফটিকসদৃশ ও আকাশসদৃশ সুনির্ম্মল। আদ্যাশক্তিও সদাশিবের সহিত সামরস্য-

টিপ্পনী।—জল হইতে দুগ্ধগ্রহণের দৃষ্টান্তদ্বারা প্রতিপাদিত হইতেছে যে, যাহারা অশেষ পাপে পাপী তাহারাও যদি হৃদয়কমলে ঈশ্বর ও ঈশ্বরীর ধ্যান করে, তাহা হইলে সদ্গতি লাভ করিতে পারে। অষ্টাদশবিদ্যা—চতুর্ব্বেদ, ছয় বেদাঙ্গ, পুরাণ, মীমাংসা, ন্যায়, ধর্ম্মশাস্ত্র প্রভৃতি। ৩৯।

যয়োঃ কান্ত্যা যান্ত্যা শশিকিরণসারূপ্যসরণিং
বিধূতান্তর্ধ্বান্তা বিলসতি চকোরীব জগতী ॥ ৪০ ॥
তবাজ্ঞাচক্রস্থং তপনশশিকোটিদ্যুতিধরং
পরং শম্ভুং বন্দে পরিমিলিতপার্শ্বং পরচিতা।

ব্যোমকারণমর্থাৎ ব্যোমেশ্বরনামানং শিবং বন্দে। দেবীমপি অহং বন্দে। কীদৃশীং? গিরিশনর্ম্মব্যসনিনীং শিবসমানসুখদুঃখাম্। যয়োঃ শিবশক্ত্যোঃ কান্ত্যা জগতী বিধূতান্তর্ধ্বান্তা নষ্টাজ্ঞানা সতী চকোরীব বিলসতি। চকোরী চন্দ্রিকালাভেনানন্দং লভতে তথা তয়োর্ধ্যানাৎ ব্রহ্মসুখং লভতে। কথম্ভূতয়া কান্ত্যা বিধুকিরণসারূপ্যপথং যান্ত্যা অতএব চকোরীত্যুপমানমুপপদ্যতে ॥ ৪০ ॥

ভ্রূমধ্যগং চিচ্ছক্তিসহিতং পরমশিবং স্তবন্নাহ। তবাজ্ঞা ইতি। আজ্ঞাচক্রস্থং ভ্রূমধ্যগদ্বিদলপদ্মস্থং পরমশিবমহং বন্দে। কীদৃশং? সূর্য্যচন্দ্রকোটিদ্যুতিধরম্। পরচিতা চিৎশক্ত্যা পরিমিলিতপার্শ্বং চিদানন্দস্বরূপমিত্যর্থঃ। যং পরমশিবং ভক্ত্যা আরাদ্ধুং সেবিতুং নিরালোকে স্বপ্রকাশতয়া

পরতন্ত্রা ও সমদুঃখসুখা হইয়া অবস্থান করিতেছেন। এই অর্দ্ধনারীশ্বরের কান্তি, চন্দ্রিকার সারূপ্য লাভ করাতে তদ্দ্বারা জগতীরূপা চকোরী নির্ম্মল-হৃদয়া হইয়া পরমানন্দে বিহার করিতেছে। ৪০।

জননি! আজ্ঞাচক্রস্থিত তোমার পরশিব ও তৎপার্শ্বস্থিতা চিৎশক্তিকে আমি প্রণাম করিতেছি। এই পরশিব কোটি কোটি সূর্য্য ও কোটি কোটি চন্দ্রের শোভা ধারণ করিয়াছেন। ইহাঁকে

টিপ্পনী।—চকোরী যেরূপ চন্দ্রিকালাভে আনন্দ লাভ করে জীবগণও সেইরূপ অর্দ্ধনারীশ্বর মূর্ত্তি ধ্যানদ্বারা ব্রহ্মানন্দ অনুভব করিয়া থাকে। ৪০।

যমারাদ্ধুং ভক্ত্যা রবিশশিশুচীনামবিষয়ে
নিরালোকে লোকো নিবসতি হি ভালোকভবনে ॥৪১॥
গতৈর্ম্মাণিক্যৈক্যং গগনমণিভিঃ সান্দ্রঘটিতং
কিরীটন্তে হৈমং হিমগিরিসুতে! কীর্ত্তয়তু কঃ।

আলোকান্তরানপেক্ষে ভালোকভবনে তেজঃসমূহে গেহে লোকো নিবসতি। কিম্ভূতে? রবিশশিশুচীনামবিষয়ে চন্দ্রসূর্য্যাগ্নীনামগোচরে অতএব নিরা-লোক ইতি বিশেষণমুপপদ্যতে। তদুক্তং গীতাতত্ত্বে। ন তত্র ভাসতে সূর্য্যো ন শশাঙ্কো ন পাবকঃ। যদ্গত্বা ন নিবর্ত্তন্তে তদ্ধাম পরমং মম। পরিচিতং যদা লব্ধং শক্ত্যা ইতি প্রাঞ্চঃ। তত্র ব্যাখ্যা যদা উভয়পার্শ্বং তৎ-শক্ত্যা পরিচিতমেকত্রীকৃতং যোগিনা লব্ধং তদা ভালোকভবনে বসতি এতেন চিদানন্দধ্যানে ব্রহ্ম পরিচিতং ভবতি ইতি ভাবঃ। এতে শ্লোকাঃ কচিদাজ্ঞাচক্রমারভ্য দৃশ্যন্তে ॥ ৪১ ॥

সম্প্রতি শ্রীমত্যাঃ সুন্দর্য্যাঃ সৌন্দর্য্যমনির্ব্বচনীয়মপি জ্ঞানানুরূপং বর্ণয়তি। গতৈঃ ইতি। হে হিমগিরিসুতে! তব স্বর্ণবিকৃতং মুকুটং কঃ

ভক্তিসহকারে আরাধনা করিবার নিমিত্ত সাধকগণ চন্দ্র সূর্য্য ও অগ্নির অগোচর পার্থিব আলোক পরিশূন্য ভালোকভবনে অর্থাৎ দিব্য তেজোলোকস্থিত তেজোময় ভবনে বাস করিয়া থাকেন। ৪১।

টিপ্পনী।—ইহার তাৎপর্য্য এই যে, যোগিগণ যখন চিৎশক্তির সহিত পরশিবকে দর্শন করেন, তখন তাঁহাদের আত্মা তেজোময় স্থানেই অবস্থিতি করিতে থাকেন। এইরূপ ধ্যানদ্বারাই ব্রহ্ম পরিচিত হয়েন। গীতাতত্ত্বে কথিত আছে; সে স্থানে সূর্য্য চন্দ্র বা অগ্নি দ্যোতমান হয়েন না, সে স্থান দিয়া গমন করিলে পুনর্ব্বার আর সংসারে প্রতিনিবৃত্ত হইতে হয় না, এই স্থানের নামই বিষ্ণুর পরমপদ। ৪১।

সমীপে যচ্ছায়াচ্ছুরিতকিরণং চন্দ্রসকলং
ধনুঃ সৌনাশীরং কিমিদমিতি বধ্নাতি ধিষণাম্ ॥ ৪২ ॥
ধুনোতু ধ্বান্তং নস্তুলিতদলিতেন্দীবরদলং
ঘনস্নিগ্ধশ্লক্ষ্ণং চিকুরনিকুরম্বং তব শিবে ! ।

কীর্ত্তয়তু বিশিষ্য ভণতু নিরুক্তেরশক্যত্বাৎ। কীদৃশং ? গগনমণিভিঃ সান্দ্রঘটিতং নিবিড়নির্ম্মিতম্। মণিভিঃ কিম্ভূতৈঃ মাণিক্যেন একতাং প্রাপ্তৈঃ মাণিক্যমধ্যবর্ত্তিভিরিত্যর্থঃ। সমীপে অর্থাৎ যস্ত সমীপে ছায়য়া কান্ত্যা চ্ছুরিতকিরণং সম্ভূতকিরণং চন্দ্রসকলং চন্দ্রখণ্ডং ইদং কিং সৌনাশীরং ধনুঃ শক্রধনুরিতি ধিষণাং বধ্নাতি বুদ্ধিমাধত্তে। মাণিক্যসূর্য্যকান্তসুবর্ণানাং প্রতিবিম্বলাভাৎ চন্দ্রখণ্ডং শক্রধনুষঃ শ্রিয়ং ধত্তে ইতি তাৎপর্য্যার্থঃ ॥ ৪২ ॥

ধুনোতু ইতি। হে শিবে ! তব চিকুরনিকুরম্বং কেশকলাপঃ নোঽস্মাকং ধ্বান্তমজ্ঞানং ধুনোতু খণ্ডয়তু। কিম্ভূতং ? তুলিতদলিতেন্দীবরদলং তুলিতং সদৃশীকৃতং বিকসিতনীলোৎপলদলং যেন। পুনঃ কিম্ভূতং ? ঘন-

---

হিমগিরিসুতে ! মাণিক্যসমূহের সহিত একতাপ্রাপ্ত গগনসদৃশ সুনির্ম্মল মণিসমূহদ্বারা নিবিড়ভাবে সুগঠিত তোমার যে হিরণ্ময় মুকুট, তাহার সৌন্দর্য্য বর্ণন করিতে কোন্ ব্যক্তি সমর্থ হইবে ? এই মুকুটের ছায়া চন্দ্রকলায় প্রতিফলিত হওয়াতে সকলের মনে শক্রশরাসন বলিয়া ভ্রান্তি উৎপন্ন হইতেছে। ৪২।

মাতঃ ! বিকসিত নীলপদ্মের অনুরূপ ঘন স্নিগ্ধ চিক্কণ তোমার কেশকলাপ আমাদিগের হৃদয়ের তমোরাশি বিদূরিত করুন। তোমার এই কেশকলাপের অপূর্ব্ব দিব্য সৌরভ

টিপ্পনী।—শ্রীমতী মহাত্রিপুরসুন্দরীর রূপ যদিও অনির্ব্বচনীয়, তথাপি তাহা এস্থলে ধ্যানানুরূপ বর্ণিত হইতেছে। ৪২।

যদীয়ং সৌরভ্যং সহজমুপলব্ধং সুমনসো
বসন্ত্যস্মিন্মন্যে বলমথনবাটীবিটপিনাম্॥ ৪৩॥
বহন্তী সিন্দূরং প্রবলকবরীভারতিমির
দ্বিষাং বৃন্দৈর্ব্বন্দীকৃতমিব নবীনার্ককিরণম্।

স্নিগ্ধং চিক্কণং শ্লক্ষ্মমতিসৌষ্ঠবং যদীয়ং স্বাভাবিকং সৌরভ্যং উপলব্ধুং বলমথনবাটীবিটপিনাং ইন্দ্রোপবনকল্পবৃক্ষাণাং সুমনসঃ পুষ্পাণি অস্মিন্ কেশকলাপে বসন্তীত্যহং মন্যে। সুরবিহিতসপর্য্যাচ্ছলেন যৎসুমনসাং ত্বৎ-কেশাশ্রয়ণম্॥ ৪৩॥

বহন্তীতি।-সরণিরিব সীমন্তসরণিঃ সীমন্তঃ পন্থা নোঽস্মাকং ক্ষেমং তনোতু। কিদৃশী? সিন্দূরং বহন্তী। সিন্দূরং কিম্ভূতং? প্রবলকবরীভার এব তিমিরং তদ্রূপশত্রূণাং বৃন্দৈর্ব্বন্দীকৃতং প্রাতঃসূর্য্যকিরণমিব ত্বিষা-মিতি পাঠঃ। তত্র প্রবলকবরীভার এব তিমিরং তেষাং কান্তিবৃন্দৈ-র্ব্বন্দীকৃতং নবীনার্ককিরণমিব। অত্র দুর্ব্বলেন বলিনঃ সূর্য্যকিরণস্য নিয়ম-

আঘ্রাণ করিয়া আমাদিগের বিবেচনা হইতেছে যে, দেবরাজের উদ্যানস্থিত কল্পবৃক্ষ সমুদায়ের পুষ্পসমূহ ঐ স্থানেই অবস্থিত রহিয়াছে। ৪৩।

মাতঃ! তোমার কেশকলাপ মধ্যস্থিত যে সীমন্তপথ, তাহা তোমার বদনসৌন্দর্য্য-লহরীর পরীবাহ-স্রোতঃপথের ন্যায় শোভা বিস্তার করিতেছে; বিশেষতঃ তাহাতে সিন্দূরবিন্দু থাকাতে অনুমিত হইতেছে যে, প্রবল শত্রু কেশকলাপরূপ অন্ধ-

---

টিপ্পনী।—ইহাদ্বারা বর্ণিত হইল যে, ভগবতীর কেশকলাপ অপূর্ব্ব সৌরভের আকর ঘন, কোমল ও নির্ম্মল। ৪৩।

তনোতু ক্ষেমং নস্তব বদনসৌন্দর্য্যলহরী-
পরীবাহস্রোতঃসরণিরিব সীমন্তসরণিঃ ॥ ৪৪ ॥
অরালৈঃ স্বাভাব্যাদলিকুলসমশ্রীভিরলকৈঃ
পরীতন্তে বক্ত্রং পরিহসতি পঙ্কেরুহরুচিম্।

নাদাশ্চর্য্যালঙ্কারঃ সূচিতঃ। পুনঃ কিম্ভূতা? তব বদনসৌন্দর্য্যলহরীপরীবাহ-স্রোতঃসরণিরিব উৎক্ষিপ্তপানীয়স্য পথান্তরেণ নিঃসরণং পরীবাহঃ তজ্জন্য তীক্ষ্ণস্রোতসঃ সরণিরিব ॥ ৪৪ ॥

অরালৈরিতি। তব বক্ত্রং পঙ্কেরুহরুচিং হসতি। কীদৃশং? স্বভাবকুটিলৈঃ অলিকুলসমশ্রীভিরলকৈঃ পরীতং ব্যাপ্তম্। অলিকুলহসশ্রীভিরিতি কুত্রাপি। তত্র অলিকুলং হসতীতি অলিকুলহসা সা শ্রীর্যেষাম্। অলিকুলভসশ্রীভি-রিতি কুত্রাপি পাঠঃ। তত্র অলিকুমারসমশ্রীভিঃ। যস্মিন্ স্মরদহনচক্ষুর্ম্মধু-লিহঃ হরনেত্রভৃঙ্গাঃ মাদ্যন্তি। কিম্ভূতে? দরস্মেরে ঈষদ্ধাসে। দশনকেশর-কান্তিমনোহরে সুগন্ধৌ। এতেন পঙ্কজাপকর্ষণং দর্শিতম্ ॥ ৪৫ ॥

কারের কান্তিসমূহদ্বারা বালার্ককিরণই যেন বন্দীকৃত হইয়াছে। ঈদৃশ এই সীমন্তপথ আমাদিগের মঙ্গলসাধন করুন। ৪৪।

জননি! স্বাভাবিক কুটিল অলিকুলসদৃশ শোভাসম্পন্ন অলকাবলী দ্বারা পরিব্যাপ্ত তোমার মুখকমল, অন্যান্য জলজাত কমলের শোভাকে পরিহাস করিতেছে। দশনশোভা-রূপ কিঞ্জল্ক-পরিশোভিত ঈষৎপ্রফুল্ল সৌরভ-সুমনোহর এই বদন-

---

টিপ্পনী।—নদী হইতে উৎক্ষিপ্ত জল যদি অন্য পথদ্বারা নিঃসারিত হয়, তাহা হইলে সেই পথকেই পরীবাহ বলা হইয়া থাকে। লোকে প্রসিদ্ধ আছে যে, দিবাকর অন্ধ-কারের শত্রু; এস্থলে এইরূপ অনুমিত হইতেছে যে, কেশকলাপরূপ প্রবলতর অন্ধকার, হীনবল বালার্ককিরণকে শত্রুতাভাবে সঙ্কীর্ণ স্থানে বন্দী করিয়া রাখিয়াছে। ৪৪।

দরস্মেরে যস্মিন্ দশনরুচিকিঞ্জল্করুচিরে
সুগন্ধৌ মাদ্যন্তি স্মরদহনচক্ষুর্ম্মধুলিহঃ ॥ ৪৫ ॥
ললাটং লাবণ্যদ্যুতিবিমলমাভাতি তব যৎ
দ্বিতীয়ং তন্মন্যে মুকুটশশিখণ্ডস্য সকলম্।
বিপর্য্যাসন্যাসাদুভয়মভিসন্ধায় মিলিতঃ
সুধালেপস্যূতিঃ পরিণমতি রাকাহিমকরঃ ॥ ৪৬ ॥

ললাটমিতি। তব লাবণ্যকান্ত্যা সুনির্ম্মলং তব যল্ললাটমাভাতি তন্মুকুটার্দ্ধচন্দ্রস্য দ্বিতীয়ং খণ্ডমিত্যহং মন্যে। বিপর্য্যাসন্যাসাদ্বিপরীতবিন্যাসাৎ উভয়ং শশিখণ্ডং মিলিতং সৎ রাকাহিমকরঃ পরিণমতি পূর্ণচন্দ্রঃ সম্পদ্যতে। হিমকরঃ কিম্ভূতঃ সুধালেপস্যূতিঃ অমৃতলেপনেন গ্রহণং যস্য। অধোমুখং ললাটখণ্ডং অনয়োরমৃতলেপগ্রথনেন সম্মুখীকৃত্য সংযোগাৎ পূর্ণচন্দ্রো ভবতীতি বাক্যার্থঃ ॥ ৪৬ ॥

কমলে কন্দর্পদর্পহারি মহেশ্বরের নয়নত্রয়রূপ মধুকরবৃন্দ উন্মত্ত হইয়া পতিত হইতেছে। ৪৫।

জননি! লাবণ্যকান্তিদ্বারা সুনির্ম্মল তোমার ললাটখণ্ড দেখিয়া বোধ হইতেছে যে, ইহা মুকুটরূপ শশিখণ্ডের দ্বিতীয় খণ্ড হইবে। এই শশিখণ্ডদ্বয় বিপরীতভাবে বিন্যস্ত এবং সুধালেপনদ্বারা মিলিত ও সংসক্ত হওয়াতে বোধ হইতেছে যেন ঐ শশিখণ্ডদ্বয় পূর্ণচন্দ্ররূপে পরিণত হইয়াছে। ৪৬।

টিপ্পনী।—ভগবতীর কুটিল অলকাবলী মধুকরবৃন্দস্বরূপ, মুখ পদ্মস্বরূপ, দশনকিরণ কিঞ্জল্কস্বরূপ, সদাশিবের নয়নত্রয় মধুপানমত্ত ভ্রমরস্বরূপ করিয়া বর্ণিত হইল। ৪৫।

টিপ্পনী।—ইহাদ্বারা ললাটকে চন্দ্রের অর্দ্ধাংশস্বরূপ এবং মুকুটকে চন্দ্রের অপর অর্দ্ধাংশস্বরূপ বর্ণন করিয়া উভয় সংযোগে পূর্ণচন্দ্রের ন্যায় শোভা বর্ণিত হইল। ৪৬।

ভ্রুবৌ ভুগ্নে কিঞ্চিদ্ভুবনভয়ভঙ্গব্যসনিনি !
ত্বদীয়ে নেত্রাভ্যাং মধুকররুচিভ্যাং ধৃতগুণে।
ধনুর্ম্মন্যে সব্যে তব করগৃহীতং রতিপতেঃ
প্রকোষ্ঠে মুষ্টৌ চ স্থগয়তি নিগূঢ়ান্তরমিদম্ ॥ ৪৭ ॥
অহঃ সূতে সব্যং তব নয়নমর্কাত্মকতয়া
ত্রিযামাং বামং তে সৃজতি রজনীনায়কতয়া।

ভ্রুবৌ ইতি। হে ভুবনভয়ভঙ্গব্যসনিনি ! সংসারভয়ভঞ্জনশীলে ! ত্বদীয়ে কিঞ্চিদ্ভুগ্নে ঈষৎকুটিলে ভ্রুবৌ রতিপতেঃ কামস্য ধনুরিত্যহং মন্যে। কাম-ধনুষঃ সাম্যমাহ। মধুকররুচিভ্যাং নেত্রাভ্যাং ধৃতগুণে মধুকরগুণং কাম-ধনুরিতি। ধনুঃ পৌষ্পমিত্যাদিশ্লোকেন পূর্ব্বমুক্তম্। তৎ কথং ধনুর্গুণয়ো-র্ম্মধ্যে শূন্যতা ইত্যাহ। নিগূঢ়ান্তরং নৈয়ং শূন্যতা কিন্তু অব্যক্তমধ্যম্। কথমিত্যাহ। সব্যেতর ইত্যাদি। ইদং ধনুঃ সব্যেতরকরগৃহীতং সৎ প্রকোষ্ঠে মণিবন্ধে মুষ্টৌ মুষ্টিদেশে চ স্থগয়তি আচ্ছাদয়তি। রতিপতিরিতি কর্ত্তৃপদং কুত্রাপি দৃশ্যতে ॥ ৪৭ ॥

অহঃ সূতে ইতি। তব সব্যং দক্ষিণং নয়নং সূর্য্যরূপত্বাৎ দিবসং সৃজতি। বামনয়নং চন্দ্ররূপত্বাৎ ত্রিয়ামাম্। ঈষদ্বিচলিতকান্তিস্তৃতীয়া দৃষ্টির্দ্দিবা-

---

সংসারভয়-ভঞ্জনশীলে ! তোমার ঈষৎ কুটিল ভ্রূযুগল রতি-পতির শরাসনস্বরূপ এবং মধুকরসদৃশ নয়নযুগল ধনুর্গুণস্বরূপ বোধ হইতেছে। নয়নযুগল ও ভ্রূযুগলের মধ্যস্থল যে শূন্য বোধ হইতেছে, তাহা প্রকৃতপ্রস্তাবে শূন্য নহে, কারণ, কন্দর্পের মণি-বন্ধ ও মুষ্টিদ্বারা ঐস্থল সমাচ্ছাদিত রহিয়াছে। ৪৭।

টিপ্পনী।—ইহাদ্বারা ভগবতীর অপূর্ব্ব নেত্র ও ভ্রূযুগলের অসাধারণ সৌন্দর্য্য বর্ণিত হইল। ৪৭।

তৃতীয়া তে দৃষ্টির্দরদলিতহেমাম্বুজরুচিঃ
সমাধত্তে সন্ধ্যাং দিবসনিশয়োরন্তরচরীম্ ॥ ৪৮।
বিশালা কল্যাণী স্ফুটরুচিরযোধ্যা কুবলয়ৈঃ
কৃপাপারাবারা কিমপি মধুরা ভোগলতিকা।

রাত্র্যোরন্তরচরীং মধ্যগাং সন্ধ্যামাধত্তে সৃজতীত্যর্থঃ। হেমাম্বুজরুচি-মিত্যপি কুত্রাপি পাঠঃ। এতেন বহ্নিসারূপ্যাৎ স্বর্ণস্য বহ্ন্যাত্মকত্বাচ্চ বহ্ন্যা-ত্মিকা তৃতীয়া দৃষ্টিরিতি সূচিতা। নিত্যস্য কালস্য ভবতী কারণমিতি ভাবঃ ॥ ৪৮ ॥

বিশালা ইতি। তব দৃষ্টির্ব্বিজয়তে সর্ব্বেষাং দৃষ্টিং তিরস্করোতি। দৃষ্টিঃ কিম্ভূতা? বহুনগরবিস্তারবিজয়া। এতেন বিপুলনগরাণাং বিততেরপি তব দৃষ্টিবিততির্গরীয়সীতি ভাবঃ। তথা চ ধরণিঃ। বহু স্যাৎ ত্র্যাদিসংখ্যাসু বিপুলেঽপ্যভিধেয়বৎ। তত্তন্নামব্যবহরণযোগ্যা তেষাং বিপুলনগরাদীনাং

মাতঃ! তোমার দক্ষিণ নয়ন আদিত্যস্বরূপ বলিয়া দিবসের সৃষ্টি করিতেছেন, তোমার বামনয়ন রজনীনায়ক বলিয়া নিশা সম্পাদনে প্রবৃত্ত হইতেছেন; ঈষৎ বিকসিত সুবর্ণকমলসদৃশ তৃতীয় নয়ন, দিবস ও রাত্রির মধ্যবর্ত্তিনী সন্ধ্যা সম্পাদন করিতেছেন। ৪৮।

জননি! তোমার দৃষ্টি বহুনগরসমূহকে জয় করাতে সেই সেই নাম ব্যবহারের যোগ্যা হইয়াছে; কারণ, তোমার দৃষ্টি বিশালা, অর্থাৎ সুদীর্ঘা; বিশালানাম্নী একটী নগরীও আছে।

টিপ্পনী।—সুবর্ণ বহ্ন্যাত্মক বলিয়া সুবর্ণের সহিত এই তৃতীয় চক্ষুর দৃষ্টান্ত দেওয়া হইল। তৃতীয় চক্ষু যে বহ্ন্যাত্মক তাহা ইহাদ্বারাই সূচিত হইতেছে। ইহাদ্বারা ব্যক্ত হই-তেছে যে, ভগবতী ত্রিপুরসুন্দরীই নিত্যকাল-বিধানের কারণ। ৪৮।

অবন্তী দৃষ্টিস্তে বহুনগরবিস্তারবিজয়া
ধ্রুবং তত্তন্নামব্যবহরণযোগ্যা বিজয়তে ॥ ৪৯ ॥

নামভিস্তব দৃষ্টের্ব্ব্যবহারোঽপি যুজ্যতে ইতি ভাবঃ। তদেবাহ, বিশালেত্যাদি। তব দৃষ্টিঃ কিম্ভূতা? বিশালা দীর্ঘা, নগর্য্যপি বিশানাম্নী। দৃষ্টিঃ কল্যাণগুণযুক্তা, নাম্না নগর্য্যপি কল্যাণী। দৃষ্টিঃ স্ফুটরুচির্ব্ব্যক্তকান্তিঃ নগর্য্যপি স্ফুটরুচিনাম্নী। দৃষ্টিঃ কুবলয়ৈরযোগ্যা ভূচক্রেম্বসদৃশী। নগর্য্যপি অযোগ্যানাম্নী চীনদেশোদ্ভবা। অযোধ্যা ইতি পাঠে দৃষ্টিঃ কুবলয়ৈর্নীলেন্দীবরদলৈরযোধ্যা যোদ্ধুমশক্যা অর্থাৎ অজেয়া। নগর্য্যপি অযোধ্যানাম্নী। দৃষ্টিঃ কৃপাপারাবারা কৃপাসিন্ধুরূপা দৃষ্টিঃ। নগর্য্যপি কৃপাপারাবারানাম্নী। বারাপদেন বারাণসী উপলক্ষ্যতে, যথা ভীমো ভীমসেনঃ। অথবা কৃপাপদেন কৃপাবতী পারা হারাবত্যাখ্যা বারা বারাণসী। দৃষ্টির্ম্মধুরা মনোহারিণী। নগর্য্যপি মধুরানাম্নী। মধুনা রাজ্ঞা আরাত্তা গৃহীতা ইতি ব্যুৎপত্ত্যা মধুরাপদেন মথুরা উপলক্ষ্যতে। তথাচ মধুপুরীতি সর্ব্বত্র খ্যাতা। দৃষ্টির্ভোগলতিকা কল্পদ্রুমরূপা। নগর্য্যপি ভোগলতিকানাম্নী। দৃষ্টিরবন্তী ভক্তরক্ষণপরা। নগর্য্যপি অবন্তীনাম্নী। অতএবাত্র চ্ছলোক্ত্যা শব্দচিত্রালঙ্কারঃ সূচিতঃ ৪৯

তোমার দৃষ্টি কল্যাণী, অর্থাৎ মঙ্গলদায়িনী। কল্যাণীনামে একটী নগরীও আছে। তোমার দৃষ্টি স্ফুটরুচি, অর্থাৎ নির্ম্মলকান্তি; স্ফুটরুচি নামে একটী নগরীও বিদ্যমান রহিয়াছে। তোমার দৃষ্টি কুবলয়ে অর্থাৎ ভূমণ্ডলে অযোধ্যা অর্থাৎ অসদৃশী। ভূমণ্ডলমধ্যে অযোধ্যা নামে একটী নগরীও আছে। তোমার দৃষ্টি কৃপাপারাবারা, অর্থাৎ কৃপাসাগরস্বরূপা; কৃপাপারানাম্নী এবং বারা অর্থাৎ বারাণসীনাম্নী নগরীও বিদ্যমান রহিয়াছে। তোমার দৃষ্টি মধুরা, অর্থাৎ মনোহারিণী। মধুরা, মধুপুরীও মথুরা নামে

কবীনাং সন্দর্ভস্তবকমকরন্দৈকরসিকং
কটাক্ষব্যাক্ষেপভ্রমরকলভৌ কর্ণযুগলম্ ।
অমুঞ্চন্তৌ দৃষ্ট্বা তব নবরসাস্বাদতরলা-
বসূয়াসংসর্গাদলিকনয়নং কিঞ্চিদরুণম্ ॥ ৫০ ॥

কবীনামিতি। তব অলিকনয়নং ললাটস্থং নয়নং অসূয়াসংসর্গাৎ হিংসাসম্পর্কাৎ ঈষদ্রক্তং জাতম্। কথমিত্যাহ। কর্ণযুগলমমুঞ্চন্তৌ অপরিত্যাগিনৌ কটাক্ষক্ষেপরূপভ্রমরশাবকৌ দৃষ্ট্বা। কর্ণযুগলং কিম্ভূতং ? কবীনাং সন্দর্ভস্তবকমকরন্দৈকরসিকং ব্রহ্মাদীনাং নানাগুণবিশিষ্ট-কাব্য-রচনারূপপুষ্পগুচ্ছস্য শৃঙ্গারাদিভাবরূপরসেন রসযুক্তম্। ভ্রমরশাবকৌ কিম্ভূতৌ ? নবরসাস্বাদতরলৌ অপূর্ব্বমকরন্দাস্বাদচঞ্চলৌ। এতেন নয়ন-ভৃঙ্গশাবকয়োঃ শ্রবণান্ততয়া শ্রবণযুগলস্য কাব্যরসেন সরসতয়া চ স্বভাব-রক্তস্যালিকনয়নস্য অসূয়াসংসর্গতানুমীতে ॥ ৫০ ॥

একটী নগরীও আছে। তোমার দৃষ্টি ভোগলতিকা অর্থাৎ কল্প-বৃক্ষস্বরূপা। ভোগলতিকা নামে নগরীও বিদ্যমান রহিয়াছে। তোমার দৃষ্টি অবন্তী অর্থাৎ জগন্মণ্ডলের রক্ষণাবেক্ষণ করি-তেছে। অবন্তী নামে নগরীও আছে ॥ ৪৯ ॥

ব্রহ্মাপ্রভৃতি কবিগণের বিরচিত নবরস-পরিপূর্ণ কবিতা-সন্দর্ভরূপ সুমনোহর কুসুমস্তবকের নবরসে পরিপ্লাবিত ত্বদীয় শ্রবণযুগল অবলোকন করিয়া নবরসাস্বাদে লোলুপ তোমার কটাক্ষবিক্ষেপরূপ ভ্রমরশাবকদ্বয়, ক্ষণমাত্রও তাহা পরিত্যাগ করিতেছে না, ইহা দেখিয়া তোমার ললাটস্থিত নয়ন অসূয়া-পরতন্ত্রতা নিবন্ধন ঈষৎ রক্তবর্ণ হইয়াছে ॥ ৫০ ॥

টিপ্পনী।—এস্থলে ছলোক্তিদ্বারা শব্দালঙ্কার সূচিত হইল। ৪৯।

শিবে শৃঙ্গারার্দ্রা তদিতরমুখে কুৎসনপরা
সরোষা গঙ্গায়াং গিরিশনয়নে বিস্ময়বতী।

শিবে ইতি। হে জননি! তব দৃষ্টির্ময়ি সানুকম্পাস্তু। কিম্ভূতা? শিবে শৃঙ্গারার্দ্রা শৃঙ্গারপ্রতিপাদিকা। তদিতরমুখে বীভৎসব্যঞ্জিকা। গঙ্গায়াং সরোষা রৌদ্রা সপত্নীভাবাৎ। শিবনেত্রে অদ্ভুতরসযুক্তা। পদ্মগতসৌভাগ্যং জনয়িতুং শীলমস্যাঃ। পঙ্কজস্য সৌভাগ্যরূপদর্পনাশিনীত্যর্থঃ। এতেন বীরতা সূচিতা। সখীষু স্মেরা হাস্যযুক্তা। এতেন সর্ব্বরসসম্পূর্ণা তব দৃষ্টিরিতি ভাবঃ। নাট্যোক্তং শৃঙ্গারাদিনবরসম্। শান্তিরসো নোক্তঃ শৃঙ্গাররসস্যাসমবায়িত্বাৎ। তদুক্তং পূর্ব্বগ্রন্থে, ন যত্র দুঃখং ন সুখং ন চিন্তা ন দ্বেষরাগৌ ন কদাচিদিচ্ছা। রসঃ স শান্তিঃ কথিতো মুনীন্দ্রৈঃ সর্ব্বেষু ভাবেষু চ সুপ্রমাণম্॥ ৫১॥

জননি! তোমার যে দৃষ্টি সদাশিবের প্রতি শৃঙ্গাররসে আর্দ্রা, পুরুষান্তরমুখে বীভৎসরস-প্রতিপাদিকা, হরশিরঃস্থিত গঙ্গার প্রতি সরোষা অর্থাৎ রৌদ্ররস-ব্যঞ্জিকা, গিরিশনয়নে সবিস্ময়া অর্থাৎ অদ্ভুতরসযুক্তা, শিবশরীরস্থিত ভুজঙ্গদর্শনে ভীতা অর্থাৎ ভয়ানক রসদ্যোতিকা, প্রফুল্লকমল-সৌন্দর্য্যজননী অর্থাৎ বীররসযুক্তা ও সখীগণের প্রতি হাস্যরসপূর্ণা, তাহা আমার প্রতি সকরুণা অর্থাৎ করুণরসযুক্তা হউক। ৫১।

টিপ্পনী।—ইহাদ্বারা প্রতিপন্ন হইতেছে যে, ভগবতী ত্রিপুরাসুন্দরীর নয়নযুগল আকর্ণাস্তবিস্তীর্ণ ও চকিতহরিণীর ন্যায় চঞ্চল। তাঁহার কর্ণযুগল সর্ব্বদা স্তুতিপাঠ-পরায়ণ ব্রহ্মা প্রভৃতি কবিগণের শৃঙ্গারাদি নবরস পূর্ণ নব নব প্রবন্ধ শ্রবণ করিয়া থাকে। অগ্নিস্বরূপ তৃতীয় নয়ন স্বভাবত ঈষৎ রক্তবর্ণ বলিয়া তাহাতে অসূয়াসম্পর্ক উৎপ্রেক্ষিত হইতেছে। ৫০।

হরাহিভ্যো ভীতা সরসিরুহসৌভাগ্যজননী
সখীষু স্মেরা তে ময়ি জননি দৃষ্টিঃ! সকরুণা ॥ ৫১ ॥
গতে কর্ণাভ্যর্ণং গরুড় ইব পক্ষ্মাণি দধতী
পুরাং ভেত্তুশ্চিত্তপ্রশমরসবিদ্রাবণফলে।
ইমে নেত্রে গোত্রাধরপতিকুলোত্তংসকলিকে!
তবাকর্ণাকৃষ্ট-স্মরশরবিলাসং কলয়তঃ ॥ ৫২ ॥

গতে ইতি। হে ধরণিধররাজকুলশিরোভূষারূপকলিকে! তব ইমে নেত্রে আকর্ণাকৃষ্টস্মরশরবিলাসং কলয়তঃ ধত্তঃ। শরসাধর্ম্ম্যমাহ। গরুড়-পক্ষ্মাণীব পক্ষ্মাণি দধতি। পুনঃ কিম্ভূতে? কর্ণবিবরং প্রাপ্তে। পুনঃ কিম্ভূতে? পুরাং ভেত্তুঃ শম্ভোশ্চিত্তপ্রশমরসস্য শান্তিরসস্য বিদ্রাবণং দূরীকরণং ফলং যয়োঃ। এতেন শম্ভোর্যোগভঙ্গে তবৈব নেত্রে কারণীভূতে ইতি ভাবঃ ॥ ৫২ ॥

গিরিরাজবংশ-শিরোভূষণরূপ-কমলকলিকে! আকর্ণগামী তোমার এই নয়নযুগল, গরুড়পক্ষের ন্যায় পক্ষ্মযুগল ধারণ করিয়াছে। এই নয়নযুগল হইতেই মহেশ্বরের হৃদয়স্থিত শান্তিরস বিদ্রাবিত হইয়াছে, অর্থাৎ তোমার এই নয়নযুগলই সংযমিপ্রধান যোগীশ্বর মহেশ্বরের যোগভঙ্গের কারণ। এই নয়নদ্বয় আকর্ণ আকৃষ্ট পঞ্চশরশরের সৌসাদৃশ্য লাভ করিয়াছে। ৫২।

টিপ্পনী।—মাতঃ! তোমার দৃষ্টিতে শৃঙ্গার, বীর, অদ্ভুত, রৌদ্র, ভয়ানক, হাস্য ও বীভৎস, এই সাতটী রস বিদ্যমান রহিয়াছে। এক্ষণে যদি আমার প্রতি সকরুণ দৃষ্টিপাত কর, তাহা হইলে করুণনামক অষ্টম রসেরও আবির্ভাব হয়। তুমি সকরুণ দৃষ্টিপাত করিলে তদ্দ্বারা আমার মনে শান্তিরসের আবির্ভাব হইতে পারে এবং নবরস পূর্ণ হয়। ৫১।

টিপ্পনী।—তোমার এই নয়নযুগল, কর্ণপর্য্যন্ত আকৃষ্ট পঞ্চশরশরের অনুরূপ হইয়া

বিভক্তত্রৈবর্ণ্যব্যতিকরিত-নীলাঞ্জনতয়া
বিভাতি ত্বন্নেত্রত্রিতয়মিদমীশানদয়িতে !।
পুনঃ স্রষ্টুং দেবান্ দ্রুহিণহরিরুদ্রানুপরতান্
রজঃ সত্ত্বং বিভ্রত্তম ইতি গুণানাং ত্রয়মিদম্ ॥ ৫৩ ॥

বিভক্তেতি। হে ঈশানদয়িতে ! বিভক্তত্রৈবর্ণ্যব্যতিকরিত-নীলাঞ্জনতয়া ইদং ত্বন্নেত্রত্রিতয়ং বিভাতি। বিভক্তেন ত্রৈবর্ণ্যেন ব্যতিকরিতং বিক্ষিপ্তং নীলাম্বুজং যেন। তত্রোৎপ্রেক্ষ্যতে উপরতান্ প্রলয়ে নষ্টীভূতান্ দ্রুহিণহরিরুদ্রান্ পুনঃ স্রষ্টুং রজঃ সত্ত্বং তম ইতীদং গুণানাং ত্রয়ং বিভ্রদিব। বিভক্তত্রৈবর্ণ্যমিতি কুত্রাপি পাঠঃ। নেত্রত্রিতয়ং কিম্ভূতং ? ব্যতিকরিত-নীলাঞ্জনতয়া বিভক্তত্রৈবর্ণ্যং চন্দ্রসূর্য্যাগ্নিরূপতয়া স্বভাবশুক্লরক্তানাং নীলাঞ্জনসম্পর্কাৎ বিভক্তত্রৈবর্ণ্যং অতএব গুণানাং ত্রয়ং বিভ্রদিত্যুপপদ্যতে। সত্ত্বং শুক্লং দক্ষিণাক্ষি। রক্তং বামাক্ষি। তমোনীলাঞ্জনাভং ললাটাক্ষি। এতৎ পরশ্লোকে স্পষ্টীকরিষ্যতি। এতেন তব নেত্রত্রিতয়ং সৃষ্টিস্থিতিপ্রলয়-কর্ত্তৄণাং ব্রহ্মবিষ্ণুরুদ্রাণামপি কারণমিতি ভাবঃ ॥ ৫৩ ॥

ঈশানদয়িতে ! তোমার এই লোচনত্রয় নীলপদ্মের শোভা পরাজয় করিয়াছে। এই লোচনত্রয়ে শ্বেত, লোহিত ও নীল, এই বর্ণত্রয় সুবিভক্ত থাকাতে বোধ হইতেছে যে, প্রলয়কালে বিলয়প্রাপ্ত ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর, এই তিন দেবতাকে পুনঃ সৃষ্টি করিবার নিমিত্তই যেন এই নয়নত্রয় রজঃ, সত্ত্ব ও তমঃ এই তিন গুণ ধারণ করিতেছে। ৫৩।

সমাধিস্থিত মহাযোগী মহাদেবের ধ্যানভঙ্গ করিয়াছে ; প্রকৃত মদনবাণ তাঁহার সমাধি ভঙ্গে সমর্থ হয় নাই। ৫২।

টিপ্পনী।—ইহাদ্বারা প্রতিপন্ন হইতেছে, তোমার এই নয়নত্রয় হইতেই সৃষ্টি স্থিতি প্রলয়কর্ত্তা ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর উৎপন্ন হইয়া থাকেন। কথিত আছে, সত্ত্বগুণ শুক্লবর্ণ।

পবিত্রীকর্ত্তুং নঃ পশুপতিপরাধীনহৃদয়ে !
দয়ামিত্রৈর্নেত্রৈররুণধবলশ্যামরুচিভিঃ।
নদঃ শোণো গঙ্গা তপনতনয়েতি ধ্রুবমমুং
ত্রয়াণাং তীর্থানামুপনয়সি সম্ভেদমনঘে ! ॥ ৫৪ ॥
তবাপর্ণে ! কর্ণেজপনয়নপৈশুন্যচকিতা
নিলীয়ন্তে তোয়ে নিয়তমনিমেষাঃ শফরিকাঃ।

পবিত্রীতি। হে পশুপতিপরাধীনহৃদয়ে ! হে শিবায়ত্তচিত্তে ! নো হস্মান্ পবিত্রীকর্ত্তুং সকরুণৈর্নেত্রৈর্নদঃ শোণো গঙ্গা তপনতনয়েতি ত্রয়াণাং তীর্থানাং সম্ভেদমুপনয়সি ধ্রুবং তীর্থত্রয়ং প্রত্যক্ষীকরোষীত্যর্থঃ। অতএব হে অনঘে ! ইতি সম্বোধনমুপপন্নং যস্যা নয়নেষু তীর্থানি প্রত্যক্ষীভূতানি তস্যা অনঘত্বে কুত আশ্চর্য্যম্। নেত্রৈঃ কিম্ভূতৈঃ? অরুণধবলশ্যামকান্তিভিস্তীর্থত্রয়ৈর্লোকান্ পুনাসীত্যর্থঃ ॥ ৫৪ ॥

শিবায়ত্তহৃদয়ে ! তুমি নির্ম্মলা, তুমি আমাদিগকে পবিত্র করিবার নিমিত্ত দয়াদাক্ষিণ্যবিভূষিত রক্ত, শ্বেত ও শ্যামবর্ণ নয়নত্রয়দ্বারা শোণনদ, গঙ্গা ও যমুনানদী, এই তীর্থত্রয়ের একত্র সমাগম সম্পাদন করিতেছ। ৫৪।

ইহা ভগবতীর দক্ষিণ নয়ন। রজোগুণ রক্তবর্ণ। ইহা ভগবতীর বামলোচন। তমোগুণ নীলাঞ্জনসদৃশ। ইহা দেবীর তৃতীয় নেত্র। যদি মূলে নীলাম্বুজস্থলে নীলাঞ্জন এরূপ পাঠ থাকে, তাহা হইলে "নীলাঞ্জনের সহিত শ্বেত ও রক্তবর্ণ মিশ্রিত হওয়াতে" এইরূপ অর্থ হইবে। ৫৩।

টিপ্পনী।—তোমার দক্ষিণনেত্র গঙ্গার ন্যায় শ্বেতবর্ণ। তোমার বামনেত্র শোণনদের ন্যায় রক্তবর্ণ। তোমার ললাটনেত্র যমুনার ন্যায় শ্যামবর্ণ। তোমার নয়নত্রয় উক্ত তীর্থত্রয়ের সমাগমের ন্যায় পবিত্রকারী। ৫৪।

ইয়ঞ্চ শ্রীর্ব্বদ্ধচ্ছদপুটকবাটং কুবলয়ং
জহাতি প্রত্যুষে নিশি চ বিঘটয্য প্রবিশতি ॥ ৫৫ ॥

তবাপর্ণে ইতি। হে অপর্ণে! তব কর্ণেজপয়োঃ কর্ণগামিনোঃ নয়নয়োঃ পৈশুন্যেন চকিতাঃ, অসদৃশেষস্মাসু বিরুদ্ধমাচরিষ্যতি ইতি ভীতাঃ শফরিকাঃ প্রোষ্ঠ্যঃ নিমেষরহিতাঃ সত্যঃ নিয়তং তোয়ে নিলীয়ন্তে লীনা ভবন্তি। কর্ণেজপত্বেনানয়োঃ খলত্বং স্পষ্টীভূতম্। অন্যেঽপি ভীতা অনিমেষা ভবন্তীতি স্বভাবানিমেষাণামপি মৎস্যানাং অনিমেষত্বে ভীতিঃ কারণম্। ইয়ঞ্চ শ্রীঃ প্রত্যক্ষীভূতা কুবলয়শোভা প্রভাতে কুবলয়ং জহাতি। কীদৃশং বদ্ধচ্ছদপুটকবাটং অন্যোন্যাশ্লিষ্টং পত্রপুটং কবাটং যস্য। নিশি রাত্রৌ বিঘটয্য দূরীকৃত্য প্রবিশতি। অন্যেঽপি ভীতাঃ কবাটং দত্ত্বা পলায়ন্তে, রাত্রৌ কবাটং দূরীকৃত্য গৃহং প্রবিশতি ইতি ধ্বনিঃ। তব নেত্রশোভামালোক্য কুবলয়শোভা জাতলজ্জা সতী লোকদর্শনভিয়া দিবসং কুত্রাপি গময়িত্বা রাত্রৌ গৃহমাগচ্ছতীতি ভাবঃ ॥ ৫৫ ॥

জননি! অপর্ণে! তোমার কর্ণেজপ অর্থাৎ কর্ণান্তগামী নয়নযুগলের পিশুনতা অর্থাৎ কুটিলতা দর্শনে ভীত শফরীমৎস্যগণ নির্নিমেষ হইয়া পলায়নপূর্ব্বক নিয়ত সলিলমধ্যে বিলীন হইয়া রহিয়াছে। কুবলয়ের শোভাও প্রভাতে কুবলয়দলরূপ কবাট সমুদায় রুদ্ধ করিয়া কুবলয়রূপ নিজ আবাসভবন পরিত্যাগ পূর্ব্বক অলক্ষিতভাবে পলায়ন করে; নিশাকাল উপস্থিত হইলে ঐ দলরূপ কবাট উদ্ঘাটনপূর্ব্বক তন্মধ্যে প্রবিষ্ট হইয়া নিশাযাপন করিয়া থাকে। ৫৫।

টিপ্পনী।—যেমন কোন ব্যক্তি কর্ণেজপ অর্থাৎ যে ব্যক্তি কুমন্ত্রণা দেয় এবং সর্ব্বদা নিন্দাবাদপূর্ব্বক প্রভুর কাণ ভারি করে, তাহাদ্বারা সে ব্যক্তির উপরি দোষ আরোপিত

নিমেষোন্মেষাভ্যাং প্রলয়মুদয়ং যাতি জগতী
তবেত্যাহুঃ সন্তো ধরণিধররাজন্যতনয়ে!।
ত্বদুন্মেষাজ্জাতং জগদিদমশেষং প্রলয়তঃ
পরিত্রাতুং শঙ্কে পরিহৃতনিমেষাস্তব দৃশঃ॥ ৫৬॥

নিমেষেতি। হে ধরণিধররাজন্যতনয়ে! তব নিমেষোন্মেষাভ্যাং তব চক্ষুষোঃ নিমীলনোন্মীলনাভ্যাং জগতী প্রলয়মুদয়ঞ্চ যাতি. ইতি জ্ঞানিনো বদন্তি। অতস্ত্বদুন্মেষাজ্জাতমিদং জগৎ প্রলয়তঃ পরিত্রাতুং তব দৃশঃ পরিহৃতনিমেষা অনিমেষা ইত্যহং শঙ্কে॥ ৫৬॥

ভূধররাজতনয়ে! জ্ঞানীরা বলিয়া থাকেন যে, তোমার নিমেষ ও উন্মেষদ্বারা এই জগতের প্রলয় ও সৃষ্টি হইয়া থাকে। তোমার নয়নের উন্মেষদ্বারা এই নিখিল জগতের সৃষ্টি হইয়াছে। এক্ষণে এই জগতীকে প্রলয় হইতে রক্ষা করিবার নিমিত্তই বোধ হয় তোমার নয়ন নিমেষশূন্য হইয়া রহিয়াছে। ৫৬।

হয়, সেই ব্যক্তি ঐ কর্ণেজপ কুটিল ব্যক্তির পিশুনতা অর্থাৎ খলতায় ভীত হইয়া ভয় নিবন্ধন নিমেষশূন্য নয়নে পলায়নপূর্ব্বক কোন নিভৃত স্থানে লুক্কায়িত থাকে, সেইরূপ চঞ্চলতায় নয়ন-শোভাসম্পত্তি হরণে সমুদ্যত শফরীগণ, নিয়ত কর্ণেজপ নয়নযুগলের কুটিলতায় ভীত হইয়া পলায়নপূর্ব্বক জলমধ্যে অবস্থিতি করিতেছে। যেমন কোন পরাজিত ব্যক্তি বিজেতার ভয়ে ভীত হইয়া দিবসে নিজ ভবনের কবাট বন্ধ করিয়া পলায়ন করে এবং সন্ধ্যাকালে গোপনভাবে আসিয়া কবাট উন্মোচনপূর্ব্বক তন্মধ্যে রাত্রিযাপন করিয়া থাকে, সেইরূপ তোমার মুখশোভাদ্বারা বিজিত কুবলয়শোভা দিবাভাগে নিজ ভবনরূপ কুবলয়ের দলরূপ কবাট রোধ করিয়া পলায়নপূর্ব্বক কোন অলক্ষিত স্থানে অবস্থান করে, পরে রাত্রি হইলে প্রত্যাবৃত্ত হইয়া গোপনে দলরূপ কবাট উন্মোচনপূর্ব্বক তন্মধ্যে নিশাযাপন করিয়া থাকে। ৫৫।

টিপ্পনী।—ভগবতীর নয়নত্রয় সত্ত্ব রজঃ ও তমোগুণস্বরূপ। এই গুণত্রয়ের উন্মেষই মায়াবিকাশ শব্দে অভিহিত হইয়া থাকে। যৎকালে গুণত্রয়ের উন্মেষ অর্থাৎ মায়াবিকাশ

দৃশা দ্রাঘীয়স্যা দরদলিতনীলোৎপলরুচা
দবীয়াংসং দীনং স্নপয় কৃপয়া মামপি শিবে!।

দৃশা ইতি। হে শিবে! হে কল্যাণদায়িনি! দবীয়াংসং দূরস্থং মাং কৃপয়া দ্রাঘীয়স্যা দীর্ঘতরয়া দৃশা স্নপয় পবিত্রীকুরু। দ্রাঘীয়স্যা ইত্যনেন দূরস্থস্যাপি স্নপনযোগ্যতা সূচিতা। মাং কিম্ভূতং? দীনং সংসারদুঃখ-সন্তপ্তম্। দৃশা কিম্ভূতয়া? ঈষদ্বিকসিতনীলাম্বুজকান্ত্যা। এতেন তাপহরণ-যোগ্যতা সূচিতা। অনেন দৃষ্টিপাতেন অয়ং জনো ধন্যঃ কৃতার্থো ভবতি। ইয়তা এবম্ভূতেন কর্ম্মণা তবাপি কিঞ্চিৎ হানির্নাস্তি। অর্থান্তরোপন্যাসেন তদেব দ্রঢ়য়তি বনেতি। বাশব্দঃ সমুচ্চয়ে। হিমকরশ্চন্দ্রঃ বনহর্ম্ম্যয়োঃ সমকরনিপাতো ভবতি। অত্র সুধাকরাদিশব্দেষু সৎসু হিমকরশব্দস্যায়-মাভাবঃ। হিমকরোঽপি লোকানাং পীড়াকরোঽপি পক্ষপাতং ন করোতি ত্বন্তু শিবা লোকানাং কল্যাণদাত্রী অতএব সুতরাং তব পক্ষপাতো নোচিত ইতি ॥ ৫৭ ॥

কল্যাণদায়িনি! আমি সংসারতাপে একান্তকাতর হইয়া পড়িয়াছি। এক্ষণে আমি সুদূরে অবস্থান করিলেও তুমি কৃপা করিয়া সুদীর্ঘতর দৃষ্টি নিক্ষেপ দ্বারা আমাকে সুধাসিক্ত কর। তোমার দৃষ্টি ঈষৎ বিকসিত নীলোৎপলের ন্যায় সুস্নিগ্ধ। তুমি কৃপাদৃষ্টি করিলে এই শ্রীচরণাশ্রিত দাস ধন্য ও কৃতকৃত্য হইবে। ইহাতে তোমার কিছুমাত্রও হানি হইবে না। দেখ সুধাকর বন ও হর্ম্ম্য, সর্ব্বত্রই সমভাবে সুধাবর্ষণ করিয়া থাকেন। ৫৭।

হয়, সেই সময়েই পরিদৃশ্যমান জগতের সৃষ্টি হইয়া থাকে। গুণত্রয়ের নিমেষ অর্থাৎ পরস্পর পরস্পরকে পরাভব করাতে গুণত্রয় সাম্যাবস্থা প্রাপ্ত হইয়া অলক্ষিত হইলেই মায়া-বিজৃম্ভিত জগৎপ্রপঞ্চের প্রলয়কাল উপস্থিত হইয়া থাকে। ৫৬।

অনেনায়ং ধন্যো ভবতি ন চ তে হাঁনিরিয়তা
বনে বা হর্ম্ম্যে বা সমকরনিপাতো হিমকরঃ ॥ ৫৭ ॥
অরালং ভ্রূপালীযুগলমগরাজন্যতনয়ে !
ন কেষামাধত্তে কুসুমশরকোদণ্ডকুতুকম্।

অরালমিতি। হে পর্ব্বতরাজন্যকন্যে ! তব কুটিলং পালীযুগলং কর্ণবেষ্টনযুগলম্। পালী কর্ণলতাগ্রে তু পংক্ত্যাবঙ্কপ্রদেশয়োরিতি ধরণিঃ। কেষাং মনসি কন্দর্পধনুঃকৌতুকং ন আধত্তে। ভ্রূপালীতি পাঠে ভ্রুবোরঙ্কপ্রদেশযুগলমিত্যর্থঃ। যত্র তির্য্যক্ অপাঙ্গব্যাসঙ্গঃ কটাক্ষবিক্ষেপঃ শ্রবণপথমুল্লঙ্ঘ্য শরসন্ধানবুদ্ধিং দিশতি ॥ ৫৮॥

গিরিরাজতনয়ে ! তোমার স্বভাবকুটিল ভ্রূপংক্তিযুগল, কোন্ ব্যক্তির অন্তঃকরণে কুসুমশর-শরাসনের ভ্রম জন্মাইয়া না দিতেছে ! এই ভ্রূপংক্তির অন্তর্গত অপাঙ্গে পরিমিলিত তির্য্যক্ কটাক্ষবিক্ষেপ, শ্রবণপথ-পর্য্যন্তগামী হওয়াতে বোধ হইতেছে যেন পঞ্চশর স্মর হরকে মোহিত করিবার নিমিত্তই আকর্ণ শরসন্ধান করিতেছেন। ৫৮।

টিপ্পনী।—জননি ! সুধাকর যেরূপ নিকটস্থিত বা দূরস্থিত, ব্রাহ্মণ বা চাণ্ডাল, শত্রু বা মিত্র সকলের প্রতিই সুধাসিক্ত ময়ূখ বিতরণ করেন, সেইরূপ নিকটস্থিত বা দূরস্থিত, ভক্ত বা অভক্ত, জ্ঞানী বা অজ্ঞান, সকল সন্তানের প্রতিই সমানভাবে সুধাময় কৃপাদৃষ্টি বিতরণ করা তোমার কর্ত্তব্য। ভক্ত ও জ্ঞানী না হইলে কেহ তোমার নিকটবর্ত্তী হইতে পারে না; আমি ভক্তিহীন ও অজ্ঞান; সুতরাং আমি অনেকদূরে পড়িয়া রহিয়াছি। ঈদৃশ অবস্থায় যে আমি আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক, এই তাপত্রয়ে অভিভূত হইব তাহার আর আশ্চর্য্য কি ! এক্ষণে একমাত্র তোমার সুধাময় কৃপাকটাক্ষই সর্ব্বসন্তাপহারী মহৌষধ। ৫৭।

তিরশ্চীনো যত্র শ্রবণপথমুল্লঙ্ঘ্য বিলসন্
অপাঙ্গব্যাসঙ্গো দিশতি শরসন্ধানধিষণাম্ ॥ ৫৮ ॥
স্ফুরদ্গণ্ডাভোগপ্রতিফলিততাড়ঙ্কযুগলং
চতুশ্চক্রং শঙ্কে তব মুখমিদং মান্মথরথম্।

স্ফুরদিতি। তব মুখং চতুশ্চক্রং মন্মথরথমিতি শঙ্কে। চক্রসঙ্গতিমাহ, কিম্ভূতং মুখং? স্ফুরদ্গণ্ডাভোগপ্রতিফলিততাড়ঙ্কযুগলং স্ফুর্জ্জমানগণ্ডাভোগয়োঃ প্রতিবিম্বিতং তাড়ঙ্কযুগলং যত্র। এতেন তাড়ঙ্কদ্বয়ং তৎপ্রতিবিম্বদ্বয়ঞ্চ ইতি চতুশ্চক্রম্। যং রথমারুহ্য মহাবীরো মারঃ প্রমথপতয়ে মহাদেবায় দ্রুহ্যতি হিনস্তি। কিম্ভূতায় অবনিরথং পৃথ্বীরথমর্কেন্দুচরণং চন্দ্রসূর্য্যচক্রমারুহ্য সং জিতবতে সং কামং জিতবতে। আরুহ্যেত্যস্য উভয়ত্র সম্বন্ধঃ। যমাশ্রিত্যেতি কুত্রাপি পাঠঃ। তত্র যং পৃথ্বীরথমাশ্রিত্য ইতি অন্বয়ঃ ॥ ৫৯ ॥

দেবি! তোমার নির্ম্মল মসৃণ ও চিক্কণ গণ্ডযুগলে কর্ণভূষণ তাড়ঙ্কযুগল প্রতিফলিত হওয়াতে বোধ হইতেছে, তোমার এই মুখমণ্ডল, মদনের চক্রচতুষ্টয়-সুশোভিত সাংগ্রামিক রথস্বরূপ। দিবাকর ও নিশাকর যাঁহার রথচক্রস্বরূপ, ধরণীমণ্ডল যাঁহার বিজয়রথস্বরূপ, তাদৃশ বিজয়ী কন্দর্পদর্পহারী স্মরহর হরকে পরাজয় করিবার নিমিত্তই মহাবীর কন্দর্প, উক্ত চতুশ্চক্র রথে আরোহণ করিয়া পরাক্রম প্রকাশে প্রবৃত্ত হইয়াছেন। ৫৯।

টিপ্পনী। "অরালং তে পালীযুগলম্" এইরূপ পাঠ যদি থাকে তাহা হইলে এইরূপ অর্থ হইবে যে, পর্ব্বতরাজতনয়ে! তোমার কুটিল কর্ণবেষ্টনযুগল কোন্ ব্যক্তির মনে মদনশরাসনের ভ্রান্তি উৎপাদন করিয়া না দিতেছে! ইহার অন্তর্গত অপাঙ্গে মিলিত ইত্যাদি। ৫৮।

যমারুহ্য দ্রুহ্যত্যবনিরথমর্কেন্দুচরণং
মহাবীরো মারঃ প্রমথপতয়ে সংজিতবতে ॥ ৫৯ ॥
সরস্বত্যাঃ সূক্তীরমৃতলহরীকোশলুভিদঃ
পিবন্ত্যাঃ সর্ব্বাণি শ্রবণচুলুকাভ্যামবিরতম্।

সরস্বত্যা ইতি। হে সর্ব্বাণি! সরস্বত্যাঃ সূক্তীঃ গদ্যপদ্যাদিরূপাঃ শ্রবণচুলুকাভ্যাং শ্রবণাঞ্জলিভ্যামবিরতং পিবন্ত্যাস্তব কুণ্ডলগণঃ কুণ্ডলস্থ-রত্নসমূহঃ ঝণৎকারৈস্তারৈর্ঝণৎকাররূপৈরুদ্ভটৈঃ শব্দৈঃ প্রতিবচনমাচষ্ট ইব। সূক্তীঃ কিম্ভূতাঃ? অমৃতলহরী-কোশলভিদঃ অমুষ্যাঃ পর্য্যাপ্তমাধুর্য্যগর্ব্ব-নাশিকাঃ। কোষসদৃশীরিতি কুত্রাপি। তত্র অমৃতভাণ্ডারসদৃশীরিত্যর্থঃ। তব কিম্ভূতায়াঃ? চমৎকারশ্লাঘাচলিতশিরসঃ চমৎকারেণ যা শ্লাঘা প্রশংসা তয়া চলিতং শিরো যস্যাঃ। অন্যোঽপি সাধুবাচিকাং শ্রুত্বা শিরঃকম্পনে-

---

ভবানি! যে গদ্যপদ্যময়ী রচনা, অমৃতলহরীর স্বতঃসিদ্ধ-মাধুর্য্যগর্ব্ব খর্ব্ব করিয়াছে, তাদৃশ বাগ্দেবীকথিত নব নব প্রবন্ধ যখন তুমি শ্রবণরূপ অঞ্জলিদ্বারা অবিরত পান করিতে প্রবৃত্তা হও, তৎকালে চমৎকারিতা নিবন্ধন প্রশংসাবাদ সহকারে তোমার মস্তক সঞ্চালিত হইতে থাকে। এই সময় তোমার কর্ণকুণ্ডলস্থিত রত্নসমূহ পরস্পর সংঘট্টিত হওয়াতে বোধ হয়,

টিপ্পনী।—তাড়ঙ্কদ্বয় ও তাহার প্রতিবিম্বদ্বয় মিলিয়া মন্মথরথের চক্রচতুষ্টয় হইয়াছে। পূর্ব্বে মহেশ্বর দ্বিচক্র রথে আরোহণপূর্ব্বক কন্দর্পকে পরাজয় করিয়াছিলেন; এক্ষণে কন্দর্প বলবান্ হইয়া চতুশ্চক্র রথে আরোহণ করিয়া তাঁহাকে পরাজিত ও শাসনাধীন করিতেছেন। ৫৯।

টিপ্পনী।—নবরসাভিষিক্ত অপূর্ব্ব প্রবন্ধশ্রবণে সকলেই মস্তক প্রকম্পন সহকারে প্রশংসা করিয়া থাকেন; অনুচরবর্গও তাহাতে অনুমোদন করে। ৬০।

চমৎকারশ্লাঘাচলিতশিরসঃ কুণ্ডলগণো
ঝণৎকারৈস্তারৈঃ প্রতিবচনমাচষ্ট ইব তে ॥ ৬০ ॥
অসৌ নাসাবংশস্তুহিনগিরিবংশধ্বজপটে!
ত্বদীয়ো নেদীয়ঃ ফলতু ফলমস্মাকমুচিতম্।

নানুমোদিত। তব তু শিরঃকম্পনাৎ কুণ্ডলস্থরত্নানামন্যোন্যসংঘট্টনাৎ ঝণৎ-কারাদিসাধ্বনুকরণশব্দেন বিচিত্রং প্রত্যুত্তরমপি ভবতীতি ভাবঃ ॥ ৬০ ॥

অসাবিতি। হে তুহিনগিরিবংশধ্বজপটে! হিমালয়কুলপতাকে! অত্র বংশশব্দঃ শ্লেষঃ। হে হিমগিরিজাতবংশদণ্ডপতাকে! ত্বদীয়ো নাসাবংশঃ নেদীয়ো নিকটতরমস্মাকমুচিতং ভক্ত্যনুরূপং ফলং ফলতু নিষ্পাদয়তু। সগ্রন্থিসরন্ধ্রনস উচ্চতরত্বাৎ নাসিকায়া বংশত্বপ্রতিপাদনম্। ফলধারণ-যোগ্যতামাহ, কিম্ভূতঃ? অন্তর্গর্ভে মুক্তাফলানি বহন্। তদুক্তম্, ইভানাং বংশমৎস্যানাং শীর্ষে মুক্তাফলোদ্ভবঃ। শম্বূকশুক্তিশঙ্খানাং গর্ভে মুক্তা-ফলোদ্ভবঃ ইতি। গর্ভস্থা মুক্তাঃ কথং জ্ঞাতাঃ? ইত্যাহ, শৈত্যতরনিঃশ্বাসেন বিদিতাঃ। বংশোদ্ভবা মুক্তাঃ শীতলা ভবন্তীতি ভাবঃ। যো নাসাবংশস্তেষাং

যেন তাহারা ঝণৎকাররূপ তারস্বরে ত্বৎকৃত প্রশংসা-বাক্যের অনুমোদন করিতেছে। ৬০।

হিমগিরিবংশ-পতাকে! তোমার এই নাসাবংশ, আমাদের নিকটে ভক্ত্যনুরূপ শুভ্র মুক্তাফল প্রসব করুক। শিশিরতর নিশ্বাসদ্বারা অনুমিত হইতেছে যে, এই নাসাবংশের অভ্যন্তরে

টিপ্পনী।—মাতঙ্গ, বংশ ও মৎস্যদিগের মস্তকে মুক্তাফল উৎপন্ন হয়; শম্বুক, শুক্তি ও শঙ্খ, ইহাদের গর্ভে মুক্তাফল জন্মিয়া থাকে। বংশজাত মুক্তাফল সুশীতল হইয়া থাকে; এজন্য শীতল নিশ্বাসদ্বারা নাসাবংশের অভ্যন্তরে মুক্তাফল অনুমিত হইল। ভগবতীর নাসিকা ছিদ্রযুক্ত, গ্রন্থিবিশিষ্ট ও দীর্ঘ বলিয়া বংশের সহিত দৃষ্টান্ত প্রদত্ত হইয়াছে। ১৬।

বহূন্নন্তর্মুক্তাঃ শিশিরতরনিশ্বাসঘটিতাঃ
সমৃদ্ধ্যা যস্তাসাং বহিরপি চ মুক্তামণিধরঃ ॥ ৬১ ॥
প্রকৃত্যা রক্তায়াস্তব সুদতি ! দন্তচ্ছদরুচে-
র্ব্বরাকী সাদৃশ্যং জনয়তু কথং বিদ্রুমলতা।

গর্ভস্থিতানাং মুক্তাফলানাং সমৃদ্ধ্যা বাহুল্যাৎ বহিরপি মুক্তাম[illegible] বিভর্ত্তি অর্থাদন্তর্মুক্তাফলানাং বাহুল্যাৎ নিঃশ্বাসবাতেন কিঞ্চিদপি বহিষ্কৃতমিত্যুৎপ্রেক্ষতে ॥ ৬১ ॥

প্রকৃত্যা ইতি। হে সুদতি! তব স্বভাবরক্তায়া দন্তচ্ছদরুচেঃ ওষ্ঠাধরশোভায়াঃ সাদৃশ্যং বরাকী নিকৃষ্টা বিদ্রুমলতা প্রবাললতা কথং জনয়তু তুল্যতাং যাতু। লতাসাদৃশ্যযোগ্যতায়া অবিহিতত্বাৎ ইতি ভাবঃ। বিম্বং বিম্বফলং "তেলাকুচা" ইতি খ্যাতম্। ওষ্ঠাধরয়োঃ কলয়া অংশেন তুলামধ্যারোঢ়ুং তুল্যতাং গন্তুং কথং ন লজ্জেত? অপি তু লজ্জেতৈব। কিম্ভূতং?

মুক্তাফল বিদ্যমান আছে, সুতরাং অন্তরে মুক্তাফলের বাহুল্য হইলে বহির্দ্দেশেও মুক্তাফল উৎপন্ন হওয়া অসম্ভাবিত নহে। ৬১।

জননি! স্বভাবতঃ নিকৃষ্টতরা প্রবাললতিকা কিরূপে তোমার স্বভাবরক্ত ওষ্ঠাধর-কান্তির সৌসাদৃশ্য লাভ করিতে পারে। যে বিম্বফল (তেলাকুচা) তোমার ওষ্ঠাধরবিম্বের প্রতিবিম্ব লাভ করিয়া রক্তবর্ণ হইয়াছে, সেই স্বাভাবিক শ্যামবর্ণ

টিপ্পনী।—বিম্বফল স্বভাবতই শ্যামবর্ণ, সুতরাং সে তোমার ওষ্ঠাধরের প্রতিবিম্ব লাভ করিয়াই রক্তবর্ণ হইয়াছে "ন বিম্বং দৃগ্বিম্ব" এইরূপ পাঠ অবলম্বন করিয়া কৈবল্যাশ্ব ব্যাখ্যা করেন যে, তোমার নয়ন সূর্য্যান্তক। স্বভাবতঃ শ্যামবর্ণ বিম্বফল সূর্য্যকিরণদ্বারাই রক্তবর্ণ হইয়া থাকে। যে বিম্বফল তোমার নয়নরূপ সূর্য্যের প্রভায় লোহিতবর্ণ হইতেছে, সে কিরূপে তোমার স্বভাবরক্ত ওষ্ঠাধরের সাদৃশ্যের অধিকারী হইতে লজ্জিত না হইবে। ৬২।

ন বিম্বং তদ্বিম্বপ্রতিফলনলাভাদরুণিতং
তুলামধ্যারোঢ়ুং কথমপি বিলজ্জেত কলয়া ॥ ৬২ ॥
স্মিতজ্যোৎস্নাজালং তব বদনচন্দ্রস্য পিবতাং
চকোরাণামাসীদতিরসতয়া চঞ্চুজড়িমা।

ওষ্ঠাধরবিম্বপ্রতিবিম্বলাভাদরুণিতম্। অর্থাৎ স্বভাবতঃ শ্যামং বিম্বফলং তবাধরপ্রতিবিম্বলাভাদরুণিতং ভবতীতি ভাবঃ। জনয়তু ইত্যত্র কলয়তু ইতি পঞ্চাননঃ। বিরজ্যেত ইত্যত্র বিবজ্জেত ইতি প্রাঞ্চঃ। তদ্বিম্ব ইত্যত্র দৃগ্বিম্ব ইতি কৈবল্যাশ্বঃ। তত্র তব দৃশঃ অর্কাত্মকত্বাৎ অর্কতেজসা অরুণিতমিতি স্বভাবারুণস্যাধরস্য নায়ং তুল্য ইতি ভাবঃ ॥ ৬২ ॥

স্মিত ইতি। তব বদনচন্দ্রস্য স্মিতজ্যোৎস্নাসমূহং পিবতাং চকোরাণামতিমাধুর্য্যতয়া জিহ্বাজাড্যমাসীৎ। অতঃ কারণাৎ তে চকোরা অম্লরুচয়ঃ সন্তঃ শীতাংশোরমৃতলহরীং কিরণসমূহং কাঞ্জিকধিয়া স্বচ্ছন্দং প্রতিরাত্রং

বিম্বফল কি তোমার ওষ্ঠাধরের এক অংশমাত্রেরও সাদৃশ্য অধিকার করিতে লজ্জিত হইবে না ?। ৬২।

নগেন্দ্রনন্দিনি ! তোমার বদনমণ্ডল অকলঙ্ক পূর্ণসুধাকর স্বরূপ। চকোরগণ তোমার এই বদন সুধাকরের ঈষৎ হাস্যরূপ অতীব মধুর জ্যোৎস্না সমূহ পান করাতে তাহদের জিহ্বা অতিমিষ্টতাজনিত জড়তায় অভিভূত হইয়াছে। এই কারণে তাহারা অম্লরসে রুচিবিশিষ্ট হইয়া প্রতিরজনীতে কাঞ্জিক বোধে পর্য্যাপ্ত পরিমাণে হিমকরকিরণ পান করিরা থাকে। ৬৩।

টিপ্পনী।—প্রসিদ্ধি আছে যে, ভূরিপরিমাণে মিষ্টরস পান করিলে গা মিঠাইয়া উঠে এবং তৎকালে অম্লরস সেবনে অভিরুচি হয়। অতিমিষ্টরস-পানজনিত জিহ্বার জাড্যও অম্লরস দ্বারাই বিদূরিত হইয়া থাকে। ৬৩।

অতস্তে শীতাংশোরমৃতলহরীমম্লরুচয়ঃ
পিবন্তি স্বচ্ছন্দং নিশি নিশি ভৃশং কাঞ্জিকধিয়া॥ ৬৩॥
অবিশ্রান্তং পত্যুর্গুণগণকথাম্রেড়নজড়া
জবাপুষ্পচ্ছায়া তব জননি! জিহ্বা বিজয়তে।
যদগ্রাসীনায়াঃ স্ফটিকদৃশদচ্ছচ্ছবিময়ী
সরস্বত্যা মূর্ত্তিঃ পরিণমতি মাণিক্যবপুষা॥ ৬৪॥

পিবন্তি। অম্লেন জিহ্বায়া জাড্যনাশো ভবতীতি ভাবঃ। এতেন পূর্ণচন্দ্রাদপি তব বদনস্যাধিক্যম্॥ ৬৩॥

অবিশ্রান্তমিতি। হে জননি! তব জিহ্বা বিজয়তে ঔৎকর্ষেণ বর্ত্ততে। কিম্ভূতাঃ? জবাপুষ্পকান্তিঃ। পুনঃ কিম্ভূতা? স্বামিনো গুণকথনপৌনঃপুন্যেন জড়ীভূতা। আহ্লাদাতিশয়েনেতি ভাবঃ। অস্যা অগ্রস্থিতায়াঃ সরস্বত্যা দৃশদচ্ছচ্ছবিময়ী দশনজ্যোতীরূপা মূর্ত্তিঃ মাণিক্যবপুষা লোহিতমণিরূপেণ পরিণমতি পরিণতিং প্রাপ্নোতি। কিম্ভূতা? স্ফটিকসদৃশী। যথা স্ফটিকং জবাপুষ্পমাসাদ্য দর্শনীয়তাং প্রাপ্নোতি তথা সরস্বতী জিহ্বাগ্রমাসাদ্য রক্তাবয়বতাং যাতীত্যর্থঃ॥ ৬৪॥

জননি! নিরন্তর পতি-গুণগণ-বর্ণননিবন্ধন জড়ীভূতা জবাকুসুমসম-লোহিতবর্ণা ত্বদীয় জিহ্বা, সর্ব্বোৎকর্ষ লাভ করিয়া বিরাজমান করিতেছে। এই জিহ্বাগ্রে সমাসীনা স্ফটিকমণিসদৃশ নির্ম্মলকান্তি সরস্বতীমূর্ত্তি লোহিত মাণিক্যমণিরূপে পরিণত হইতেছে। ৬৪।

টিপ্পনী।—জবাপুষ্প সমীপে স্থাপিত স্ফটিকমণি যেরূপ লোহিতবর্ণ হইয়া উঠে, রক্তবর্ণ জিহ্বা-সন্নিহিত সিতদশনপংক্তি চ্ছায়ারূপা সরস্বতীমূর্ত্তি ও সেইরূপ রক্তবর্ণা হইয়া উঠিয়াছে। ৬৪।

রণে জিত্বা দৈত্যানপগতশিরস্ত্রৈঃ কবচিভিঃ
নিবৃত্তৈশ্চণ্ডাংশুত্রিপুরহরনির্ম্মাল্যবিমুখৈঃ।
বিশাখেন্দ্রোপেন্দ্রৈঃ শশিশকলকর্পূরধবলা
বিলুপ্যন্তে মাতস্তব বদনতাম্বূলকণিকাঃ ॥ ৬৫ ॥

রণে ইতি। হে মাতঃ! তববদনতাম্বূলকণিকাঃ বিরিঞ্চীন্দ্রোপেন্দ্রৈর্ব্বিলুপ্যন্তে। কিম্ভূতাঃ? শশিখণ্ডবৎ কর্পূরেণ ধবলাঃ। বিশদতরকর্পূরশবলা ইতি পীতাম্বরঃ। বিশাখেন্দ্রোপেন্দ্রৈরিতি চ। পুনঃ কিম্ভূতৈঃ? রণে দৈত্যান্ জিত্বা নিবৃত্তৈঃ জয়যুক্তৈঃ কবচিভিঃ কবচযুক্তৈঃ। কিম্ভূতৈঃ? চণ্ডাংশুত্রিপুরহরনির্ম্মাল্যবিমুখৈঃ। ব্রহ্মরূপয়োরপি শ্রীসূর্য্যসদাশিবয়োর্নির্ম্মাল্যবিমুখৈঃ। অপগতশিরস্ত্রৈঃ তবাভিবাদনহেতুনা দূরীকৃতৈঃ শিরোবেষ্টনৈঃ। তব নির্ম্মাল্যশেষেণ সর্ব্বেষাং পূজনং ভবতীতি সূচিতম্। তদুক্তং যামলে, নৈবেদ্যং ত্রিপুরাদেব্যা বাঞ্ছন্তি বিবুধাঃ সদা। তস্মাদ্দেয়ং কুরুশ্রেষ্ঠ! ব্রহ্মণে বিষ্ণবেঽপি চ ॥ ইত্যাদি ॥ ৬৫ ॥

মাতঃ! দেবসেনানী বিশাখ, ইন্দ্র ও উপেন্দ্র, সংগ্রামে দৈত্যগণকে পরাজয় করিয়া বর্ম্মাবৃত শরীরেই তোমার চরণকমলে প্রণাম করিবার নিমিত্ত শিরস্ত্রাণ অপনয়নপূর্ব্বক ব্রহ্মরূপ দিবাকর ও মহেশ্বরের নির্ম্মাল্য গ্রহণে বিমুখ হইয়া চন্দ্রখণ্ডসম কর্পূরদ্বারা ধবলিত ত্বদীয় মুখোৎসৃষ্ট তাম্বূল-কণিকা প্রসাদ বলিয়া গ্রহণ করিয়া থাকেন। ৬৫।

টিপ্পনী।—যামলে কথিত আছে।—দেবগণ সর্ব্বদাই ভগবতী ত্রিপুরাদেবীর নৈবেদ্য প্রার্থনা করিয়া থাকেন; অতএব ব্রহ্মা, বিষ্ণুপ্রভৃতি দেবগণকে ত্রিপুরাদেবীর প্রসাদ প্রদান করা কর্ত্তব্য। ৬৫।

বিপঞ্চ্যা গায়ন্তী বিবিধমবদানং পশুপতে-
স্ত্বয়ারব্ধে বক্তুং চলিতশিরসা সাধুবচনৈঃ।
তদীয়ৈর্ম্মাধুর্য্যৈরপলপিততন্ত্রীকলরবাং
নিজাং বীণাং বাণী নিচুলয়তি চোলেন নিভৃতম্ ॥৬৬॥
করাগ্রেণ স্পৃষ্টং তুহিনগিরিণা বৎসলতয়া
গিরীশেনোদস্তং মুহুরধরপানাকুলিতয়া।

বিপঞ্চ্যেতি। হে মুগ্ধবদনে! পশুপতেঃ শিবস্য বিবিধমবদানং নানা-বিধং কর্ম্ম বিপঞ্চ্যা বীণয়া গায়ন্তী বাণী হর্ষাচ্চলিতশিরসা ত্বয়া বক্তুমা-রব্ধে সতি অর্থাৎ পশুপতেঃ কর্ম্ম ত্বয়া কথয়িতুমারব্ধে সতি নিজাং বীণাং নিভৃতং যথা স্যাত্তথা চোলেন বাসসা বাণী নিচুলয়তি আচ্ছাদয়তি। বীণাং কিম্ভূতাং? তদীয়ৈর্ম্মাধুর্য্যৈঃ অপলপিতং খণ্ডিতং তন্ত্রীকলরবং যস্যাঃ তাং তথা। বীণারবাৎ বীণাশব্দাদপি মধুরাং তব বাণীং শ্রুত্বা লজ্জয়া বীণাং সংবৃণোতীতি বাক্যার্থঃ ত্বদীয়ৈর্ম্মাধুর্য্যৈরিতি পঞ্চাননঃ॥ ৬৬॥

করাগ্রেণেতি। হে হিমগিরিসুতে! উপমানশূন্যং তব বিবুকং কথং-কারং ক্রমঃ কিং কৃত্বা বর্ণয়ামঃ। কিম্ভূতং? শম্ভোঃ করগ্রাহ্যং মুখদর্পণস্য

জননি! ভগবতী বাণী যে সময় নিজ বীণাদ্বারা ভগবান্ ভূত-নাথের গুণগ্রাম গান করিতে প্রবৃত্তা হয়েন, সেই সময় তুমি মস্তক সঞ্চালনপূর্ব্বক সাধুবাদ প্রদান করিতে আরম্ভ করিলে নিজ বীণারবকে তোমার কলকণ্ঠস্বরের মাধুর্য্যে পরাজিত দেখিয়া বাণী লজ্জাবশত নিজ বসনদ্বারা ঐ বীণা সমাচ্ছাদিত করিয়া থাকেন। ৬৬।

টিপ্পনী।—তোমার বাক্যাবলী সরস্বতীর বীণারব অপেক্ষাও সুমধুর; ইহা দেখিয়া সরস্বতী নতমুখে নিজ বীণা আবৃত করিয়া রাখেন। ৬৬।

করগ্রাহ্যং শম্ভোর্ম্মুখমুকুরবৃন্তং গিরিসুতে!
কথঙ্কারং ব্রূমস্তব চিবুকমৌপম্যরহিতম্॥ ৬৭॥
ভুজাশ্লেষান্নিত্যং পুরদময়িতুঃ কণ্টকবতী
তব গ্রীবা ধত্তে মুখকমলনালশ্রিয়মিয়ম্।

বৃন্তমিব। অতিনির্ম্মলতয়া তব মুখস্য দর্পণত্বং তদ্দণ্ডমিব। পুনঃ কীদৃশং? হিমগিরিণা বৎসলতয়া করাগ্রেণ স্পৃষ্টম্। পুনঃ কিম্ভূতম্? অধরপানসম্ভ্রমেণ শম্ভুনা মুহুর্ব্বারংবারং উদস্তমুত্তোলিতম্। এবম্ভূতে জগদম্বিকায়াঃ শৃঙ্গার-বর্ণনে শঙ্করমূর্ত্তেঃ শঙ্করস্য কুতো দোষঃ॥ ৬৭॥

ভুজেতি। তব গ্রীবা মুখপদ্মদণ্ডশোভাং ধত্তে। শম্ভোরালিঙ্গনেন নিত্যং কণ্টকবতী আনন্দপুলকেন রোমাঞ্চিতা। অন্যোঽপি পদ্মদণ্ডঃ

হিমগিরিসুতে! এই জগতে এমত কোন বস্তুই নাই যে তাহার সহিত তোমার চিবুকের উপমা প্রদত্ত হইতে পারে। এই চিবুক শম্ভুর করগ্রাহ্য ও তোমার নির্ম্মল মুখরূপ মুকুরের বৃন্তস্বরূপ। গিরিরাজ বাৎসল্যনিবন্ধন করাগ্রদ্বারা উহা স্পর্শ করিয়া থাকেন। ভগবান্ গিরিশ, অধরপানে লোলুপ হইয়া বারংবার করদ্বারা উহা উত্তোলন করেন। ঈদৃশ চিবুক আমি কিরূপে বর্ণন করিতে সমর্থ হইব। ৬৭।

জননি! তোমার গ্রীবা তোমার মুখকমলের মৃণালবৎ শোভা ধারণ করিয়াছে। মৃণালে কণ্টক আছে, কিন্তু তোমার এই গ্রীবারূপ মৃণাল মহেশ্বরের ভুজালিঙ্গনদ্বারা নিয়ত কণ্টকিত

টিপ্পনী।—শঙ্কর সাক্ষাৎ শঙ্করমূর্ত্তি, সুতরাং জগদম্বিকার শৃঙ্গার বর্ণনে তাঁহাতে কোন দোষ স্পর্শ হয় নাই। ৬৭।

স্বতঃশ্বেতা কালাগুরুবহলজম্বালমলিনা
মৃণালীলালিত্যং বহতি যদহো হারলতিকা॥ ৬৮॥
গলে রেখাস্তিস্রো গতিগমকগীতৈকনিপুণে!
বিবাদব্যানন্ধপ্রগুণগণসংখ্যাপ্রতিভুবঃ।

কণ্টকযুক্তো ভবতি। অহো আশ্চর্য্যং যদ্‌যস্মাৎ হারলতিকা মৃণালীনাং সৌন্দর্য্যং বহতি। কিম্ভূতা? স্বতঃশ্বেতা স্বভাবশুক্লা। কালাগুরুবহলজম্বাল-মলিনা কস্তূর্য্যগুরুনিবিড়পঙ্কেন মলিনা। অন্যাপি মৃণালী স্বভাবশুক্লা পঙ্কাদিমলিনা ভবতি॥ ৬৮॥

গলে ইতি। গতিগমকযুক্তগানকুশলে! তব গলে তিস্রো রেখা বিরাজন্তে। কথম্ভূতাঃ? ত্রয়াণাং গ্রামাণাং তারঘোরমন্দ্রাণাং স্থিতিনিয়মসীমান ইব। তাবৎ ত্বমত্র তিষ্ঠ ত্বমত্র তিষ্ঠেতি যন্নিয়মনং তস্য সীমান ইব।

রহিয়াছে। মৃণালিনী স্বভাবতঃ শুভ্রবর্ণ হইয়াও জম্বাল পঙ্কপ্রভৃতি দ্বারা মলিনতা ধারণ করে; তোমার এই হারলতারূপ মৃণালিনীও স্বভাবতঃ স্বচ্ছ হইয়াও কস্তূরী অগুরু প্রভৃতিরূপ জম্বাল-পঙ্কাদি-দ্বারা মলিন হইয়া রহিয়াছে। এই হারলতা যে নিয়ত মৃণালীর সৌন্দর্য্য ধারণ করিতেছে, ইহাই আশ্চর্য্য। ৬৮।

জননি! তোমার গলদেশ, গতি ও গমকযুক্ত সঙ্গীতে সুনিপুণ। এই গলদেশে যে তিনটী রেখা আছে, তাহা দেখিলে অনুমিত হয় যে, কোকিল প্রভৃতি যে সমুদায় মধুররবকারী জীবের কণ্ঠস্বর, তোমার কণ্ঠস্বরের সহিত বিবাদে সম্বদ্ধ হইয়া পরাজিত হইয়াছে এবং সেই সমুদায় কণ্ঠস্বর অপেক্ষা তোমার কণ্ঠস্বর

টিপ্পনী।—এখানে মৃণালের নিম্নদেশস্থিত শ্বেতবর্ণ অংশই মৃণালীশব্দে অভিহিত হইয়াছে। ৬৮।

বিরাজন্তে নানাবিধমধুররাগাকরভুবাং
ত্রয়াণাং গ্রামাণাং স্থিতিনিয়মসীমান ইব তে ॥ ৬৯ ॥
মৃণালীমৃদ্বীণাং তব ভুজলতানাং চতসৃণাং
চতুর্ভিঃ সৌন্দর্য্যং সরসিজভবঃ স্তৌতি বদনৈঃ।

কিম্ভূতানাং ? নানাপ্রকারমধুররাগাণাং বসন্তপ্রভৃতীনাং আকরভুবাং জন্মস্থানানাম্। রেখাঃ কিম্ভূতাঃ ? বিবাদায় ব্যানদ্ধঃ সন্নদ্ধঃ যঃ প্র গুণগণঃ তস্য সংখ্যাসূচিকাঃ। দেব্যাঃ কণ্ঠগলেভ্যঃ অন্যেষাং পিকাদীনাং কণ্ঠগলং তুচ্ছমিতি ভাবঃ। বিবাহব্যানদ্ধত্রিগুণগণসংখ্যেতি কৈবল্যাশ্বঃ। তত্রায়মর্থঃ। বিবাহকালে মাত্রা বদ্ধং যত্রিগুণীকৃতং সৌভাগ্যসূত্রং তস্য সূচিকাঃ। তৎপরা স্বামিনঃ সুভগা নাস্তীত্যঙ্কত্রয়ং যতঃ স্বামিনঃ অর্দ্ধাঙ্গরূপাসি ॥ ৬৯ ॥

মৃণালীতি। তব মৃণালীমৃদ্বীনাং চতসৃণাং ভুজানাং সৌন্দর্য্যং ব্রহ্মা চতুর্ভির্মুখৈঃ স্তৌতি হস্তসৌন্দর্য্যাতিশয়ত্বং বিবৃণোতি। সর্ব্বাঙ্গেষু সৎসু

যে পরিমাণে উৎকর্ষ লাভ করিয়াছে, ঐ রেখাত্রয় যেন তাহারই সঙ্খ্যাসূচক। এই তিনটী রেখা দেখিলে বোধ হয়, বসন্ত প্রভৃতি বহুবিধ মধুর রাগের আকর যে, তার ঘোর ও মন্দ্রনামক তিন গ্রাম, তাহার অবস্থানের সীমাই যেন নিয়মিত ও নির্দ্দিষ্ট হইয়াছে।৬৯॥

মাতঃ! পূর্ব্বকালে পঞ্চবদন মহাদেব নখদ্বারা ব্রহ্মার পঞ্চম মস্তক ছেদন করিয়াছিলেন। এক্ষণে পাছে তিনি অবশিষ্ট চারি

টিপ্পনী।—গলদেশের তিনটী রেখা তার ঘোর ও মন্দ্রনামক তিন গ্রামের সীমা বলিয়া উৎপ্রেক্ষিত হইল। ৬৯।

টিপ্পনী।—পূর্ব্বকালে ব্রহ্মা, কিরূপে সৃষ্টি করিবেন, তাহা চিন্তা করিতেছেন, এমত সময় তাঁহার হৃদয় হইতে শতরূপানাম্নী কন্যার উৎপত্তি হইল। এই শতরূপা সাবিত্রী, গায়ত্রী সন্ধ্যা ও মায়ানামে বিখ্যাতা হইলেন। সাবিত্রীর অসামান্য রূপলাবণ্য দর্শনে ভগবান্ পিতামহ মোহিত হইয়াছিলেন। সাবিত্রী যখন পিতাকে প্রদক্ষিণপূর্ব্বক প্রণাম করিয়া

নখেভ্যঃ সন্ত্রস্যন্ প্রথমদলনাদন্ধকরিপো-
শ্চতুর্ণাং শীর্ষাণাং সমমভয়হস্তার্পণধিয়া ॥ ৭০ ॥

কথং হস্তসৌন্দর্য্যং স্তৌতীত্যাহ নখেভ্য ইত্যাদি। অন্ধকরিপোর্নখেভ্যঃ প্রথমদলনাৎ পূর্ব্বশিরশ্ছেদাৎ সন্ত্রস্যন্ সন্ চতুর্ণাং শীর্ষাণাং সমমেক-কালেন অভয়হস্তদানবুদ্ধ্যা স্তৌতীত্যন্বয়ঃ। পূর্ব্বং ব্রহ্মাণং পঞ্চবক্ত্রং দৃষ্ট্বা অহমিবান্যোঽহস্তীতি ক্রোধাৎ শিবঃ একং শিরশ্চিচ্ছেদ। অতস্ত্রাসাদবশি-ষ্টানি শিবনখেভ্যস্ত্রাতুং হস্তসৌন্দর্য্যং স্তৌতীত্যর্থঃ ॥ ৭০ ॥

মস্তক পুনর্ব্বার ছেদন করেন, এই ভয়ে ভীত পদ্মযোনি চতুরানন, তাঁহার চারি মস্তকে এককালে তোমার চারি হস্তদ্বারা অভয় পাইবার প্রার্থনায় চতুর্মুখদ্বারা মৃণালীর ন্যায় মৃদুল তোমার ভুজলতাচতুষ্টয়ের সৌন্দর্য্য বর্ণন করিয়া থাকেন। ৭০।

গমন করেন, তৎকালে ব্রহ্মা মানস-পুত্রগণের সমক্ষে লজ্জাবশতঃ মুখ ফিরাইয়া স্পষ্টরূপে রূপমাধুরী নিরীক্ষণ করিতে সমর্থ হইলেন না বটে কিন্তু শতরূপা প্রদক্ষিণার্থ যে দিকে গমন করিতে লাগিলেন, সেই দিকেই তাঁহার এক একটী মুখ আবির্ভূত হইতে লাগিল। পরে শতরূপা প্রণামপূর্ব্বক যখন আকাশপথে গমন করিলেন, তখন ঊর্দ্ধদেশেও ব্রহ্মার একটী মুখ উৎপন্ন হইল। এইরূপে ব্রহ্মা পঞ্চমুখ হইলেন। অনন্তর এক সময় ব্রহ্মা শত-রূপাকে একাকিনী পাইয়া হস্তধারণপূর্ব্বক নিজ অভিপ্রায় ব্যক্ত করিলেন। শতরূপা অনেক বুঝাইলেন কিন্তু কামপরতন্ত্র ব্রহ্মা কিছুতেই অধ্যবসায় হইতে নিবৃত্ত হইলেন না। তখন শতরূপা কি করেন, বলপূর্ব্বক পিতার হাত ছাড়াইয়া মৃগীরূপ ধারণ পূর্ব্বক আকাশপথে ধাবমান হইলেন। ব্রহ্মাও মৃগরূপ ধরিয়া তাঁহার পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলেন। পরে শতরূপা অনন্যগতি হইয়া দেবরাজের আশ্রয় গ্রহণ করিলে দেবরাজ তাঁহাকে অভয়প্রদান করিলেন। ইত্যবসরে মৃগরূপী ব্রহ্মা সেই স্থানে উপস্থিত হইলেন। দেবরাজ কহিলেন, পিতামহ! আপনি বেদের কর্ত্তা ও সমুদায় ধর্ম্মশাস্ত্রপ্রণেতা। আপনি স্বয়ং যদি ধর্ম্মশাস্ত্র-বিরুদ্ধ গর্হিত কার্য্যে প্রবৃত্ত হয়েন, তাহা হইলে ত ধর্ম্ম থাকে না, সৃষ্টিও থাকে না। ব্রহ্মা কহিলেন, এক্ষণে আমি পশুদেহ আশ্রয় করিয়াছি, আমি ত

নখানামুদ্দ্যোতৈর্নবনলিনরাগং বিহসতাং
করাণান্তে কান্তিং কথয় কথয়ামঃ কথমমী।

নখানামিতি। অমী বয়ং তব করাণাং কান্তিং কথং কথয়ামঃ ঔপম্য-রহিতত্বাৎ কথং বর্ণয়ামঃ তৎ কথয়। কিম্ভূতানাং? নখদীধিতিভিঃ সদ্যঃ-স্ফুটপদ্মরাগং বিহসতাম্। হন্ত হর্ষে অহহ যদি কমলং ক্রীড়ন্ত্যা লক্ষ্ম্যা-

---

জননি! তোমার যে হস্ত, নখময়ূখদ্বারাই অভিনব পদ্মরাগ-মণিকে উপহাস করিতেছে, সেই হস্তের কান্তি আমরা কিরূপে বর্ণন করিতে সমর্থ হইব! কারণ এই জগতে কোন স্থানে তাহার উপমাই প্রাপ্ত হওয়া যাইতে পারে না। পরন্তু যদি কোন সময় কমলোপরি ক্রীড়াপরায়ণা কমলার চরণতলের অলক্তকরসে ঐ

ধর্ম্মবিরুদ্ধ কার্য্য করিতেছি না, পশুদিগের ত যোনিবিচার নাই। তখন দেবরাজ কহিলেন, ব্রহ্মন্! আপনকার ধর্ম্মশাস্ত্রের মর্ম্ম আপনিই জানেন। আপনকার যাহা উচিত বোধ হয়, তাহাই করুন। দেবরাজের এরূপ বিচার দেখিয়াই শতরূপা সে স্থান হইতে পলায়ন করিলেন; ব্রহ্মাও পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইতে লাগিলেন। এইরূপে কিছু দিন গত হইলে এক দিন কৈলাসে ভগবতী শঙ্করকে জিজ্ঞাসা করিলেন, বহুদিন অবধি দেখিতেছি, ঐ দুই মৃগ আকাশপথে ধাবমান হইতেছে। উহারা কে? শঙ্কর কহিলেন, উহারা প্রকৃত মৃগ নহে, ব্রহ্মা কন্যাগমনে উদ্যত হইয়াছেন। তৎশ্রবণে ভগবতীর কোপ হইল এবং তাঁহার অনুরোধে মহাদেব নখদ্বারা ব্রহ্মার পঞ্চম মস্তক ছেদন করিয়া ফেলিলেন। ব্রহ্মার ঐ মস্তক আকাশে মৃগশিরা নামে নক্ষত্র হইয়াছে। যাহা হউক তৎকালে ব্রহ্মা ভীত হইয়া নিবৃত্ত হইয়াছিলেন। পরে সুরাপানপ্রভাবে পুনর্ব্বার তৎকার্য্যে প্রবৃত্ত হইয়া মহাদেবের ভয়ে ভীত হয়েন। ৭০।

টিপ্পনী।—'ভজতু' এই স্থানে 'ব্রজতু' 'যদি' এই স্থানে 'যতি' অথবা 'রতি' 'লাক্ষা-রুণদলম্' এই স্থানে 'লাক্ষারুণতরম্' 'লক্ষ্মীচরণতল' এই স্থলে 'লক্ষ্মীচরণতব' ইত্যাদি নানা পুস্তকে নানা পাঠ দৃষ্ট হইয়া থাকে। ৭১।

কদাচিদ্বা সাম্যং ভজতু কলয়া হন্ত কমলং
যদি ক্রীড়ল্লক্ষ্মীচরণতললাক্ষারুণদলম্ ॥ ৭১ ॥
সমং দেবি! স্কন্দদ্বিপবদনপীতং স্তনযুগং
তবেদং নঃ খেদং হরতু সততং প্রস্নুতমুখম্।

শ্চরণতললাক্ষয়া অরুণদলং ভবতি, তদা কদাচিদ্বা কলয়া লোহিতাংশেন সাম্যং ভজতি ন তু সর্ব্বতোভাবেনেতি ভাবঃ ॥ ৭১ ॥

সমমিতি। হে দেবি! ইদং তব স্তনযুগ্মং নোঽস্মাকং খেদং দৈন্যং হরতু। কিম্ভূতং? সমমন্যোন্যসদৃশম্। পুনঃ কিম্ভূতং? স্কন্দদ্বিপবদনাভ্যাং পীতং নান্যৈরিতি ভাবঃ। অবিরতং ক্ষরন্মুখং জগন্মাতৃত্বাৎ সর্ব্বেষাং ভরণায়েতি ভাবঃ। হেরম্বো গণেশঃ যৎ স্তনযুগলমালোক্য মমেদং কুম্ভযুগং কুত্রাগতমিত্যাশঙ্কাকুলিতহৃদয়ঃ সন্ ঝটিতি শীঘ্রং হস্তেন স্বকুম্ভৌ পরিমৃষতি

কমলদল অরুণিত হয়, তাহা হইলে হয় ত কথঞ্চিৎ ঐ ভুজকান্তির কিয়দংশের সাদৃশ্য লাভ করা যাইতে পারে। ৭১।

মাতঃ! পরস্পর সুসদৃশ তোমার এই স্তনযুগল হইতে আমাদের সংসারপিপাসা বিদূরিত হউক। গণপতি হস্তিমুখে এবং ষড়ানন ছয়মুখে ইহা পূর্ব্বে পান করিয়াছেন। তুমি জগতের মাতা সুতরাং জগতের ভরণের নিমিত্ত সর্ব্বদাই ইহা হইতে স্তন্য ক্ষরিত হইতেছে। ভগবান্ গজানন, তোমার এই স্তনযুগল দর্শন করিয়া তাঁহার নিজ কুম্ভযুগল ঐ স্থানে গিয়াছে, শঙ্কা করিয়া সহসা আপনার মস্তকে হাত বুলাইয়া কুম্ভদ্বয় অন্বেষণ করিতে

টিপ্পনী।—ইহাদ্বারা প্রতিপন্ন হইতেছে যে, শ্রীমতী ত্রিপুরাদেবীর স্তনযুগল গজকুম্ভের ন্যায় পীন, কঠিন ও সুসৌষ্ঠবসম্পন্ন। ৭২।

যদালোক্যাশঙ্কাকুলিতহৃদয়ো হাসজনকঃ
স্বকুম্ভৌ হেরম্বঃ পরিমৃষতি হস্তেন ঝটিতি ॥ ৭২ ॥
অমূ তে বক্ষোজাবমৃতরসমাণিক্যকলসৌ
ন সন্দেহস্পন্দো নগপতিপতাকে! মনসি নঃ।

অন্বেষণং করোতি। কিম্ভূতঃ? মুখবৈরূপ্যাৎ স্বভাবতো হাসজনকঃ। এতেন কর্ম্মণা বিশেষতঃ হাসজনকঃ। এতেন শ্রীমত্যাঃ স্তনয়োর্গজকুম্ভবৎ কঠিনতা সৌষ্ঠবতা চ স্পষ্টীকৃতা ॥ ৭২ ॥

অমূ ইতি। হে নগপতিপতাকে! গিরিরাজভূষণরূপে! তে তব অমূ বক্ষোজৌ অমৃতরসপূর্ণমাণিক্যঘটৌ অত্রার্থে নোঽস্মাকং মনসি ন সন্দেহস্পন্দো ন সন্দেহং কুরুতঃ। তদেব হেতুনা দৃঢ়য়তি যস্মাত্তৌ পিবন্তৌ

থাকেন। শঙ্কানিবন্ধন তাঁহার মুখবিকৃতি অবলোকন করিয়া সমীপস্থিত কোন ব্যক্তিই হাস্য সম্বরণ করিতে সমর্থ হয় না। ৭২।

গিরিরাজ-পতাকারূপে! আমাদিগের মনে দৃঢ়রূপে নির্ণীত হইতেছে যে, তোমার এই স্তনযুগল অমৃতরসপূর্ণ মাণিক্যময়

টিপ্পনী।—কার্ত্তিক কৌমারীকে বিবাহ করিবার মানস করিয়াছিলেন। কার্ত্তিকের প্রতিও কৌমারীর অনুরাগ হইয়াছিল। একদা কার্ত্তিক কৌমারীর স্তনমর্দ্দন করিয়া দিয়াছিলেন। পরে তিনি গৃহে আসিয়া স্তনপান করিতে গিয়া দেখেন, জননীর স্তন নখক্ষত হইয়াছে। তখন তিনি জিজ্ঞাসা করিলেন, মাতঃ! আপনকার স্তন কিরূপে ক্ষত হইল? ভগবতী কহিলেন, বৎস! তুমিই আমার এরূপ অবস্থা করিয়াছ। কার্ত্তিকেয় কহিলেন, মা! আমি কিরূপে করিলাম? আমি ত ইহার কিছুমাত্র জানি না! ভগবতী কহিলেন, বৎস! তুমি কৌমারীর স্তনমর্দ্দন করিয়াছ। এই জগতে আমি ভিন্ন দ্বিতীয়া রমণী নাই "একৈবাহং জগত্যত্র দ্বিতীয়া কা মমাপরা।" জগতের সমুদায় রমণীই আমি, কৌমারীও আমি। তুমি যে কৌমারীর স্তনমর্দ্দন করিয়াছ, তাহা আমারই স্তনমর্দ্দন

পিবন্তৌ তৌ যস্মাদবিদিতবধূসঙ্গমরসৌ
কুমারাবদ্যাপি দ্বিরদবদনক্রৌঞ্চদলনৌ ॥ ৭৩ ॥
বহত্যম্ব ! স্তম্বেরমদনুজকুম্ভপ্রস্থতিভিঃ
সমারব্ধাং মুক্তামণিভিরমলাং হারলতিকাম্ ।

দ্বিরদবদনক্রৌঞ্চদলনৌ গণেশকার্ত্তিকেয়ৌ অদ্যাপি অজ্ঞাতবধূসঙ্গমরসৌ কুমারৌ বালকৌ। ন সন্দেহস্পন্দ ইতি প্রাঞ্চঃ। নোঽস্মাকং মনসি সন্দেহ-লেশমপি ন ইতি ॥ ৭৩ ॥

বহতীতি। হে অম্ব ! তব কুচাভোগঃ স্তনতটঃ গজাকারদৈত্যকুম্ভ-প্রস্থতৈর্ম্মুক্তামণিভিঃ সমারব্ধাং গ্রথিতাং হারলতিকাং বিম্বাধরকান্তিভি-রন্তঃশবলিতামন্তর্লোহিতাম্। তত্রোৎপ্রেক্ষতে। পুরবিজয়িনঃ প্রতাপ-ব্যামিশ্রাং কীর্ত্তিমিব। শম্ভোঃ পুরবিজয়জন্যৌ কীর্ত্তিপ্রতাপৌ অতিহৃদ্যতয়া

কলসদ্বয়, সন্দেহমাত্র নাই। কারণ গজানন ও ষড়ানন দুই ভ্রাতা দারপরিগ্রহে বিমুখ হইয়া অদ্যাপি এই স্তন পান করিতে-ছেন। ৭৩।

জননি ! ত্বদীয় স্তনতট, সুবিমল হারলতিকা ধারণ করি-তেছে। এই হারলতা মহামাতঙ্গরূপী দৈত্যের কুম্ভে সমুৎপন্ন মুক্তামণিদ্বারা বিনির্ম্মিত। ঐ মুক্তামণি সমুদায় স্বভাবত স্বচ্ছ ও শুভ্রবর্ণ হইয়াও বিম্বসদৃশ অধরকান্তিদ্বারা অরুণবর্ণ হইয়াছে।

করা হইয়াছে। কার্ত্তিক তখন মনে মনে প্রতিজ্ঞা করিলেন যে, এই জগতে যখন জননী ভিন্ন অপর রমণী নাই, তখন কিরূপে আমার বিবাহ করা বা স্ত্রীসম্ভোগ করা হইতে পারে। জননী ভিন্ন অন্য রমণী না থাকাতে গণেশ শক্তিগ্রহণ করিয়াও তাহাতে উপগত না হইয়া জননীর ন্যায় পূজা করিয়াছিলেন। কৌমারী কার্ত্তিকের শক্তি বটে কিন্তু কার্ত্তিক তাঁহার প্রতি জননীর ন্যায় ব্যবহার করেন। ৭৩।

কুচাভোগো বিম্বাধররুচিভিরন্তঃশবলিতাং
প্রতাপব্যামিশ্রাং পুরবিজয়িনঃ কীর্ত্তিমিব তে ॥ ৭৪ ॥
কুচৌ সদ্যঃস্বিদ্যত্তটঘটিতকূর্পাসভিদুরৌ
কষন্তৌ দোর্মূলং কনককলসাভৌ কলয়তা।

হৃদয়ে বিভর্ষীতি ধ্বনিতম্। স্তম্বেরমবদনকুম্ভপ্রস্থভিরিতি বহুষু পাঠঃ। তচ্চিন্ত্যম্ ॥ ৭৪ ॥

কুচাবিতি। হে দেবি! তব বিলগ্নমুদরমতিকৃশং মধ্যং ভঙ্গাৎ ত্রাতুং তনুভুবা কামেন ত্রিবলিরূপাভির্লবলীবল্লিভিস্তাম্রাকৃতিলতাবিশেষৈস্ত্রিধা বদ্ধম্। কুতো ভঙ্গাশঙ্কেত্যাহ, তনুভুবা কিম্ভূতেন? দোর্ম্মূলং কষন্তৌ পীড়য়ন্তৌ স্বর্ণকুম্ভাকারৌ কুচৌ কলয়তা চিন্তয়তা। পুনঃ কিম্ভূতৌ? সদ্য-

এতদ্দর্শনে বোধ হয় যেন তুমি ত্রিপুরবিজয়ী মহেশ্বরের কীর্ত্তি-মিশ্রিত প্রতাপ হৃদয়ে ধারণ করিতেছ। ৭৪।

দেবি! রতিপতি যখন দেখিলেন যে, কনককলস-সদৃশ উত্তুঙ্গ পীন পয়োধরযুগল, তোমার বাহুমূলকে প্রপীড়িত করিতেছে এবং মহেশ্বরের প্রতি অনুরাগনিবন্ধন স্বেদোদ্গম-সুশোভিত স্তনতটস্থিত কঞ্চুলিকাকে ভেদ করিতে উদ্যত হইয়াছে, তখন তাহার দুর্ব্বহভারে পাছে ক্ষীণতর মধ্যদেশ ভগ্ন হইয়া যায়,

টিপ্পনী।—এখানে উৎপ্রেক্ষিত হইল যে, মহাদেবের কীর্ত্তি ও প্রতাপ তোমার অত্যন্ত প্রিয় সুতরাং তুমি অধরকান্তিমিশ্রিত হারলতাচ্ছলে, মহাদেবের প্রতাপমিশ্রিত কীর্ত্তি হৃদয়দেশে ধারণ করিয়া রহিয়াছ। ৭৪।

টিপ্পনী।—ইহাদ্বারা বর্ণিত হইয়াছে যে, ভগবতীর স্তনযুগল পীনোন্নত এবং মধ্যদেশ ক্ষীণতর ও ত্রিবলি-সুশোভিত। কোন বংশস্তম্ভের উপরিভাগে যদি গুরুতর ভার নিহিত হয় এবং যদি ঐ বংশস্তম্ভ ভগ্ন হইয়া যাইবার সম্ভাবনা থাকে, তাহা হইলে লোকে যেমন

তব ত্রাতুং ভঙ্গাদলমিতি বিলগ্নং তনুভুবা
ত্রিধাবদ্ধং দেবি! ত্রিবলিলবলীবল্লিভিরিব ॥ ৭৫ ॥
তব স্তন্যং মন্যে ধরণিধরকন্যে! হৃদয়তঃ
পয়ঃপারাবারঃ পরিবহতি সারস্বত ইব।

স্তৎক্ষণাৎ শিবানুরাগজনিতস্বেদং মুঞ্চৎ প্রান্তঘটিতং প্রান্তমিলিতং কুর্পাসং কুঞ্জলিকাং ভেত্তুং শীলমনয়োস্তৌ তথা। এতেন স্তনয়োরৌৎকর্ষ্যবর্ণনম্। অয়ং শ্লোকঃ কুত্রচিৎ তব তুল্যমিত্যাদেরনন্তরং দৃশ্যতে। তব কুচৌ কর্ত্তারৌ উদরং কলয়তামনুগৃহ্ণতামিতি প্রাঞ্চঃ ॥ ৭৫ ॥

তব স্তন্যমিতি। হে গিরিসুতে! তব স্তন্যং দুগ্ধং সারস্বতঃ পয়ঃপারাবার ইব সরস্বত্যা অমৃতসিন্ধুরিব হৃদয়তঃ পরিহরতি হৃদয়ান্নির্যাতি। কৈলাসে সরস্বত্যাঃ সমুদ্রবদগাধামৃতকুণ্ডমস্তি, তজ্জলপানাৎ মহাকবয়ো ভবন্তি। তস্মাদ্‌যথা সরস্বতীনাম্নী নদী বহতি তথা তব ক্ষীরং বহতীতি ভাবঃ। পরি-বহতীতি পাঠে সারস্বতঃ পয়ঃপারাবারঃ সরস্বত্যা অমৃতকুণ্ডং তবৈব

এই ভয়ে ভীত হইয়াই যেন তিনি মধ্যদেশ রক্ষার নিমিত্ত ত্রিবলী-রূপ লবলীবল্লীদ্বারা তাহা ত্রিবলয়াকারে দৃঢ়তর বন্ধন করিয়া রাখিয়াছেন। ৭৫।

ধরণীধরকন্যে! তোমার হৃদয় হইতে স্তন্যরূপ সারস্বত অর্থাৎ সরস্বতীসম্বন্ধীয় পয়োরাশি প্রবাহিত হইয়া থাকে, সন্দেহ

তাহা দৃঢ়তর রজ্জুদ্বারা বেষ্টনপূর্ব্বক ভঙ্গপ্রবণতা হইতে রক্ষা করে, কন্দর্পও সেইরূপ ত্রিবলীরূপ দৃঢ়তর লতাবিশেষ দ্বারা ক্ষীণতর মধ্যদেশ বেষ্টন করিয়াছেন, এইরূপ উৎ-প্রেক্ষিত হইল। ৭৫।

টিপ্পনী।—কৈলাসশিখরে সমুদ্রের ন্যায় অগাধ একটী সরস্বতীর অমৃতকুণ্ড আছে। যিনি সেই জল পান করেন, তিনি মহাকবি হইয়া উঠেন। সেই সারস্বত হ্রদ হইতে সর-স্বতী নদী প্রবাহিত হইয়াছে। এস্থলে অনুমিত হইতেছে, তোমার হৃদয়রূপ কৈলাসপর্ব্বত

দয়াবত্যা দত্তং দ্রবিড়শিশুরাস্বাদ্য তব যৎ
কবীনাং প্রৌঢ়ানামজনি কমনীয়ঃ কবয়িতা ॥ ৭৬ ॥

হৃদয়াদ্দুগ্ধং পরিবহতি অন্যথা কথমীদৃক্‌প্রভাব ইতি ভাবঃ। যত্তব স্তন্যং দয়াবত্যা ভবান্যা দত্তমাস্বাদ্য দ্রবিড়দেশীয়ঃ শিশুঃ কশ্চিৎ প্রৌঢ়ানাং কবীনাং মধ্যে কমনীয়ঃ উত্তমঃ কবয়িতা অজনি কাব্যকর্ত্তা অভূৎ। তত্রায়ং গুরূণামুপদেশঃ।—পুরা শঙ্করাচার্য্যপিতা অপুত্রঃ শিবভক্ত আসীৎ। পশ্চাৎ শিবকৃপয়া তস্য শঙ্করনামা পুত্রো জাতঃ। একদা পিতা ভিক্ষার্থং গতঃ। মাতা কুটুম্বভরণার্থং শাকচেষ্টয়া প্রাঙ্গণে ষাণ্মাসিকং বালকং নিধায় গতা। এতস্মিন্ সময়ে ক্ষুধয়া রোরূয়মাণং বালকং দৃষ্ট্বা দয়য়া স্বয়ং জগদম্বিকা ক্রোড়ে নিধায় স্তনং পায়য়িত্বা অন্তর্হিতা। তদৈবায়ং মহাকবিরভূৎ। তস্যামন্তর্হিতায়াং ভিক্ষার্থিনং সন্ন্যাসিনং দৃষ্ট্বা বালকঃ শ্লোকেন প্রত্যুত্তরঞ্চকার। তদ্‌যথা। একা মাতা শাকাহর্ত্তা তত্র ক্ষপণক দশ শাকার্ত্তাঃ। যত্র ক্ষপণক-দশশাকাশা তত্র ক্ষপণক শাকাশা কা॥ ৭৬ ॥

নাই; কারণ দ্রবিড়দেশীয় শিশুকে তুমি কৃপা করিয়া স্তন্য পান করাইয়াছিলে, তাহাতে সেই স্তন্যপানপ্রভাবেই সেই শিশু তৎক্ষণাৎ প্রধান প্রধান কবিদিগের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ অসাধারণ-কবিতাশক্তি-সম্পন্ন হইয়া উঠিল। ৭৬।

হইতে কবিত্বশক্তি-সম্পাদক সারস্বত হ্রদ প্রবাহিত হইতেছে; কারণ একবার মাত্র সেই স্তন্য পান করিয়া শৈশবাবস্থায় শঙ্করাচার্য্য অসাধারণ কবিতাশক্তি-সম্পন্ন হইয়াছিলেন। পূর্ব্বে দ্রাবিড়নিবাসী শঙ্করাচার্য্যের পিতা দরিদ্র, অপুত্র ও শিবভক্ত ছিলেন। পরে ভগবান্ শঙ্করের কৃপায় তাঁহার একটী পুত্র হইল। শঙ্করের কৃপায় জন্ম বলিয়া ঐ পুত্রের 'শঙ্কর' এই নামকরণ হইল। ঐ পুত্রের যখন বয়ঃক্রম ছয় মাস, তখন এক দিবস তাঁহার পিতা ভিক্ষার্থ দূরদেশে গমন করিলেন। শঙ্করের জননী পরিজনগণের ভরণপোষণের নিমিত্ত ঐ ষাণ্মাসিক বালককে প্রাঙ্গণে স্থাপন করিয়া শাক তুলিবার নিমিত্ত বহির্গতা হইলেন।

হরক্রোধজ্বালাবলিভিরবলীঢ়েন বপুষা
গভীরে তে নাভীসরসি কৃতঝম্পো মনসিজঃ।
সমুত্তস্থৌ তস্মাদচলতনয়ে! ধূমলতিকা
জনস্তাং জানীতে জননি! তব রোমাবলিরিতি ॥ ৭৭ ॥

হরক্রোধেতি। হে অচলতনয়ে! মনসিজঃ কামঃ শিবকোপাগ্নিসমূহৈর্ব্যাপ্তেন দেহেন গভীরে তব নাভিসরোবরে কৃতঝম্পঃ। তস্মাৎ দগ্ধস্য পানীয়সংযোগাৎ যা ধূমলতিকা সমুত্তস্থৌ তাং জনঃ রোমাবলিরিতি কৃত্বা জানীতে। হরে ক্রুদ্ধে সত্যপি ত্বমেবাশ্রয়ভূতাসীত্যর্থঃ ॥ ৭৭ ॥

অচলতনয়ে! কন্দর্প, কন্দর্পদর্পহারী মহেশ্বরের রোষানল-শিখাসমূহদ্বারা দগ্ধশরীর হইয়া তোমার গভীরতর নাভিসরোবরে ঝম্পপ্রদান করিয়াছিলেন। প্রজ্বলিত শরীর জলে নিক্ষিপ্ত হওয়াতে তাহা হইতে ধূমাবলী উদ্গত হইতে লাগিল। জননি!

এই সময় বালক ক্ষুধায় কাতর হইয়া উচ্চৈঃস্বরে রোদন করিতে লাগিলেন। তখন জগদম্বা ঐ বালকের প্রতি দয়াপরতন্ত্রা হইয়া স্বয়ং ক্রোড়ে লইয়া স্তন পান করাইয়া, বালক স্তন্যপানে পরিতৃপ্ত ও শান্ত হইলে, অন্তর্হিতা হইলেন। বালকও সেই ক্ষণেই মহাকবি হইয়া উঠিলেন। এই সময় এক সন্ন্যাসী ভিক্ষা করিবার নিমিত্ত সেই ভবনে উপস্থিত হইল। তৎকালে কেহই গৃহে ছিল না সুতরাং ষাণ্মাসিক বালক সন্ন্যাসীর ভিক্ষা প্রার্থনা শুনিয়া একটী শ্লোকদ্বারা উত্তর করিলেন। শ্লোক যথা—"একা মাতা শাকাহর্ত্রী তত্র ক্ষপণক দশ শাকার্ত্তাঃ। যত্র ক্ষপণকদশশাকাশা তত্র ক্ষপণক শাকাশা কা॥" ইহার তাৎপর্য্য এই যে, ক্ষপণক! আমার জননী একাকিনী শাক আহরণের নিমিত্ত গমন করিয়াছেন। কিন্তু এই সংসারে দশজন শাক অর্থাৎ অন্নের জন্য কাতর হইয়া রহিয়াছেন। এই দশজন গৃহস্থের মধ্যে প্রত্যেকের যখন দশজন ক্ষপণক অর্থাৎ ইন্দ্রিয় অন্নের জন্য অর্থাৎ ইন্দ্রিয়গণের ভোগ্য নিজ নিজ বিষয়ের জন্য লালায়িত হইতেছে, তখন এখানে তোমার অন্নের অথবা একগাছি শাকেরও আশা করা উচিত নহে। ৭৬।

যদেতৎ কালিন্দীতনুতরতরঙ্গাকৃতি শিবে!
কৃশে মধ্যে কিঞ্চিজ্জননি! তব তদ্ভাতি সুধিয়াম্।
বিমর্দ্দাদন্যোন্যং কুচকলসয়োরন্তরগতং
তনূভূতং ব্যোম প্রবিশদিব নাভিং কুহরিণীম্॥ ৭৮॥
স্থিরো গঙ্গাবর্ত্তঃ স্তনমুকুললোমাবলিলতা-
কলাস্থানং কুণ্ডং কুসুমশরতেজোহুতভুজঃ।

যদেতদিতি। হে শিবে! তব কৃশে মধ্যে যৎ যমুনাসূক্ষ্মতরতরঙ্গাকৃতি কিঞ্চিদ্বস্তু তৎ কুচকলসয়োঃ পরস্পরপীড়নাৎ মধ্যগতং তনূভূতং সূক্ষ্মং ব্যোমতত্ত্বং গহ্বরযুক্তং নাভিহ্রদং প্রবিশদিব সুধিয়াং মনসি ভাতি। সুধিয় ইতি কৈবল্যাশ্বঃ। তত্র শিবস্য মনসি ভাতীত্যর্থঃ॥ ৭৮॥

লোকে সেই ধূমাবলীকেই তোমার রোমাবলী বলিয়া অবগত আছে। ৭৭।

শিবে! তোমার তনুতর মধ্যস্থলে কালিন্দীর সূক্ষ্মতর তরঙ্গ-সদৃশ যে কোন শ্যামলরেখার ন্যায় বস্তু লক্ষিত হইতেছে, তাহা সূক্ষ্মাসূক্ষ্ম বিচারপূর্ব্বক তীক্ষ্ণবুদ্ধি পণ্ডিতেরা সিদ্ধান্ত করিয়াছেন যে, পীনতর কুচকলসযুগলের পরস্পর বিমর্দ্দদ্বারা তন্মধ্যগত আকাশ, সূক্ষ্মতম হইয়া অতীব গভীর নাভিহ্রদে প্রবিষ্ট হইতেছে। ৭৮।

টিপ্পনী।—পূর্ব্বে কন্দর্প, ভগবান্ মহেশ্বরের ক্রোধানলে দগ্ধ হইয়াছিলেন, এক্ষণে তিনি তোমার আশ্রয়ে, তোমার কৃপায় পুনর্জ্জীবন প্রাপ্ত হইয়াছেন; এই অভিপ্রায়ে এরূপ বর্ণিত হইল। ৭৭।

টিপ্পনী।—ইহাদ্বারা নাভির গভীরতা ও লোমাবলীর সূক্ষ্মতা বর্ণিত হইল। ৭৮।

রতের্লীলাগারং কিমপি তব নাভীতি গিরিজে
বিলদ্বারং সিদ্ধের্গিরিশনয়নানাং বিজয়তে॥ ৭৯॥

স্থির ইতি। কিমপি অনির্ব্বচনীয়ং তব নাভি ইত্যনেন উচ্যমানপ্রকারেণ বিজয়তে। কিন্তদিত্যাহ। স্থিরো গঙ্গাবর্ত্তঃ। গঙ্গাবর্ত্তস্যাস্থিরত্বাৎ নাভেঃ স্থিরত্বেনাপরিতোষাৎ পুনরনুমীয়তে। অথবা স্তনকোরক-লোমাবলিলতায়া আলবালম্। আলবালস্য উচ্চতয়া নাভের্গাম্ভীর্য্যাদপরিতোষঃ। অথবা কন্দর্পতেজোবহ্নেঃ কুণ্ডম্। কুণ্ডস্য সমেখলত্বাৎ নাভের্মেখলারহিতত্বাদপরিতোষঃ। অথবা রতেঃ ক্রীড়াগৃহম্। তত্রাপি পারিপাট্যালাভাদপরিতোষঃ। অতএব গিরিশনয়নানাং সিদ্ধের্ব্বিলদ্বারম্। যথা সিদ্ধা অপি বিলদ্বারে তপঃ কৃত্বা সিদ্ধিং প্রাপ্নুবন্তি॥ ৭৯॥

গিরিজে! তোমার নাভি অনির্ব্বচনীয় শোভা ধারণ করিতেছে। এই নাভি দর্শন করিলে বোধ হয় যেন ইহা স্থিরতর গঙ্গাবর্ত্ত। গঙ্গাবর্ত্তে স্থিরতা নাই সুতরাং পুনর্ব্বার উৎপ্রেক্ষিত হইতেছে যে, বোধ হয় যেন ইহা স্তনযুগলরূপ মুকুলদ্বয়ে সুশোভিত লোমাবলীরূপ লতার আলবাল। আলবাল উচ্চ, নাভি গভীর, আলবালে গভীরতা নাই, সুতরাং পুনর্ব্বার অনুমিত হইতেছে যে, বোধ হয় যেন ইহা রতিপতির তেজোরূপ হুতাশনের কুণ্ড। কুণ্ডে মেখলা আছে, কুণ্ড ত নাভির ন্যায় মেখলাহীন হয় না; এজন্য পুনর্ব্বার উৎপ্রেক্ষিত হইতেছে যে, বোধ হয় যেন ইহা রতির লীলাগৃহ। রতির লীলাগার ত পাতালপুরী নহে, সুতরাং

টিপ্পনী।—যেমন কোন তপস্বী পর্ব্বতগুহায় অবস্থান পূর্ব্বক তপস্যা করিয়া সিদ্ধ ও পূর্ণমনোরথ হয়েন, সেইরূপ ভুতনাথের নয়নত্রয় ঐ নাভিতে সিদ্ধি ও চরিতার্থতা লাভ করিয়াছেন। ৭৯।

নিসর্গক্ষীণস্য স্তনতটভরেণ ক্লমজুষো
নমন্মূর্ত্তের্নাভৌ বলিষু শনকৈস্ত্রুট্যত ইব।
চিরং তে মধ্যস্য ত্রুটিততটিনী-তীরতরুণা
সমাবস্থাস্থেম্নো ভবতু কুশলং শৈলতনয়ে! ॥ ৮০ ॥
গুরুত্বং বিস্তারং ক্ষিতিধরপতিঃ পার্ব্বতি! নিজা-
ন্নিতম্বাদাচ্ছিদ্য ত্বয়ি যজনরূপেণ নিদধে।

নিসর্গেতি। হে শৈলতনয়ে! তব মধ্যস্য চিরং কুশলং ভবতু ভঞ্জনং ন ভবত্বিত্যর্থঃ। কিম্ভূতস্য? নিসর্গক্ষীণস্য স্তনতটভরেণ ক্লান্তিভাজঃ। নাভৌ মজ্জতঃ বলিষু ত্রুট্যত ইব অতএব ভগ্ন-তটিনীতীরতরুণা সমাবস্থয়া স্থেমা স্থিতির্যস্য সমাবস্থাস্থেম্নঃ। অতএব কৌশল্যমাশংসতে ॥ ৮০ ॥

পুনর্ব্বার অনুমিত হইতেছে যে, বোধ হয় যেন ইহা ভগবান্ শঙ্করের বিলোচনত্রয়ের তপঃসিদ্ধি করিবার গুহাদ্বার। ৭৯।

শৈলতনয়ে! তোমার মধ্যদেশ স্বভাবতই ক্ষীণতর; তাহাতে আবার স্তনতটরূপ তটভরে একান্ত প্রপীড়িত হইয়া নাভিহ্রদে মগ্ন হইবার উপক্রম হইয়াছে। ত্রিবলি দেখিলে বোধ হয় যেন মধ্যদেশের সেই স্থান ক্রমশঃ ত্রুটিত ও বিশ্লিষ্ট হইয়া যাইতেছে। অধুনা তোমার এই মধ্যদেশ, ত্রুটিত ভগ্নপ্রায় ও পতনোন্মুখ স্রোতস্বতী-তীরবর্ত্তী মহীরুহের সহিত সমান অবস্থায় পতিত হইয়াছে। এক্ষণে আমরা প্রার্থনা করিতেছি, তোমার এই মধ্যদেশ যেন চিরকাল কুশলে থাকে, ভগ্ন হইয়া নাভিরূপ স্রোতস্বতীমধ্যে নিপতিত না হয়। ৮০।

টিপ্পনী।—ইহাদ্বারা স্তনযুগলের গুরুতা ও মধ্যদেশের ক্ষীণতা বর্ণিত হইল। ৮০।

অতস্তে বিস্তীর্ণো গুরুরয়মশেষাং বসুমতীং
নিতম্বপ্রাগ্‌ভাবঃ স্থগয়তি লঘুত্বং নয়তি চ ॥ ৮১ ॥
করীন্দ্রাণাং শুণ্ডাঃ কনককদলীকাণ্ডপটলী-
মুভাভ্যামূরুভ্যামুভয়মপি নির্জ্জিত্য ভবতী।

গুরুত্বমিতি। হে পার্ব্বতি! পর্ব্বতকন্যে! পর্ব্বতরাজঃ নিজান্বিতত্বাৎ গুরুত্বং বিস্তারঞ্চ আচ্ছিদ্য আকৃষ্য যজনরূপেণ পূজারূপেণ অর্থাৎ বিবাহ-কালে যৌতকত্বেন ত্বয়ি নিদধে নিহিতবান্। ভরণরূপেতি পাঠে যথা হিমবান্ বাহনং সিংহং দদৌ তথা গুরুত্বং বিস্তারঞ্চ নিহিতবানিত্যর্থঃ। অতঃ কারণাত্তে তব গুরুর্ব্বিস্তীর্ণশ্চ নিতম্বপ্রাগ্‌ভাবঃ পাদবিক্ষেপেণ নিতম্বব্যাপারঃ অশেষাং বসুমতীং স্থগয়তি ভারাক্রান্তাং করোতি লঘুত্বঞ্চ নয়তি আত্মশোভয়া বসুমতীশোভাং তিরস্করোতীত্যর্থঃ॥ ৮১ ॥

করীন্দ্রাণামিতি। হে গিরিসুতে! ভবতী উভাভ্যামূরুভ্যাং করী-ন্দ্রাণাং শুণ্ডাঃ কনককদলীকাণ্ডসমূহঞ্চ উভয়মুভাভ্যামূরুভ্যাং নির্জ্জিত্য

গিরিরাজনন্দিনি! তোমার বিবাহকালে গিরিরাজ নিজ নিতম্ব হইতে গুরুত্ব ও বিস্তার উন্মোচনপূর্ব্বক যৌতকরূপে তোমার নিতম্বে নিহিত করিয়াছিলেন। এই কারণে তোমার পাদবিক্ষেপ কালে গুরু ও বিস্তীর্ণ নিতম্ব, এই বসুমতীকে ভারাক্রান্তা করে এবং আত্মশোভা প্রভাবে বসুমতীর শোভাকেও পরাভব করিয়া থাকে। ৮১।

টিপ্পনী।—উৎপ্রেক্ষিত হইতেছে যে, 'কন্যাদানকালে যেমন কোন ব্যক্তি আপনার অঙ্গের আভরণ খুলিয়া কন্যাকে যৌতক স্বরূপ প্রদান করে, হিমাচল ও সেইরূপ সম্প্র-দানকালে পার্ব্বতীকে আপনার নিতম্বের ভূষণ গুরুত্ব ও বিস্তার বিবাহকালীন যৌতক-স্বরূপ দিয়াছিলেন। ৮১।

স্বৃত্তাভ্যাং পত্যৌ প্রণতিকঠিনাভ্যাং গিরিসুতে!
বিজিগ্যে জানুভ্যাং বিবুধকরিকুম্ভদ্বয়মপি ॥ ৮২ ॥
পরাজেতুং রুদ্রং দ্বিগুণশরগর্ভৌ গিরিসুতে!
নিষঙ্গৌ তে জঙ্ঘে বিষমবিশিখো বাঢ়মকৃত।

জানুভ্যামৈরাবতকুম্ভদ্বয়মপি বিজিগ্যে। কিম্ভূতাভ্যাং জানুভ্যাং? সুবর্ত্তুলাভ্যাম্। পুনঃ কীদৃগ্ভ্যাং? পত্যৌমহাদেবে প্রণতিকঠিনাভ্যাম্। উপযমনকালে শ্রীমতা শ্রীমত্যা জানুনী গৃহ্যেতে ইতি শৃঙ্গারবর্ণনং শঙ্কররূপস্য শঙ্করাচার্য্যস্য ন দোষায়েতি ॥ ৮২ ॥

পরাজেতুমিত্যাদি। হে গিরিসুতে! তব জঙ্ঘে বিষমবিশিখঃ কামঃ রুদ্রং পরাজেতুং দ্বিগুণশরগর্ভৌ দশবাণগর্ভৌ নিষঙ্গৌ তূণৌ বাঢ়ং দৃঢ়ং যথা স্যাৎ তথা অকৃত কৃতবান্। কথং জ্ঞায়তে ইত্যাহ যয়োরগ্রে

গিরিসুতে! তুমি উভয় ঊরুদ্বারা করিবরদিগের শুণ্ডসমুদায় এবং কনককদলীবৃক্ষ সমুদায় জয় করিয়া পতির প্রতি প্রণতিনিবন্ধন কঠিন সুবৃত্ত জানুযুগলদ্বারা ঐরাবত-কুম্ভদ্বয়ও পরাজয় করিয়াছ। ৮২।

হিমগিরিতনয়ে! পঞ্চশর, মৃত্যুঞ্জয়কে পরাজয় করিবার অভিপ্রায়ে তোমার জঙ্ঘাদ্বয়কে দ্বিগুণ-শরপূর্ণ অর্থাৎ দশশরপূর্ণ সুদৃঢ় তূণীরস্বরূপ গ্রহণ করিয়াছেন। এরূপ অনুমানের কারণ এই যে, তূণীরদ্বয়ের অগ্রভাগে চরণযুগলের নখাগ্ররূপ দশটী

টিপ্পনী।—ইহাদ্বারা প্রতিপন্ন হইতেছে যে, তোমার ঊরুযুগল ও জানুযুগল নিরুপম-সৌন্দর্য্য সম্পন্ন। টীকাকার যেরূপ ব্যাখ্যা করিয়াছেন, তাঁহার মতানুসারে জগজ্জননীর শৃঙ্গারবর্ণনে সমর্থ হইলাম না, সুতরাং প্রণতিশব্দের অর্থ—'শিবের হস্তদ্বারা গ্রহণ' এরূপ না করিয়া 'প্রণাম' এইরূপ করিলাম। ৮২।

যদগ্রে দৃশ্যন্তে দশশরফলাঃ পাদযুগলী-
নখাগ্রচ্ছদ্মানঃ সুরমুকুটশাণৈকনিশিতাঃ ॥ ৮৩ ॥
শ্রুতীনাং মূর্দ্ধানো দধতি তব যৌ শেখরতয়া
মমাপ্যেতৌ মাতঃ! শিরসি দয়য়া ধেহি চরণৌ।

পাদযুগলীনখাগ্রচ্ছদ্মানঃ নখব্যাজেন দশশরফলা দশবাণফলাগ্রা দৃশ্যন্তে। কিম্ভূতাঃ। সুরমুকুটশাণৈকনিশিতাঃ। ইন্দ্রাদীনাং মুকুটশাণেনাতি-তীক্ষ্ণাঃ। এতেন তব জঙ্ঘাদর্শনমাত্রেণ শিবঃ কামেন পরাজিতো ভবতী-ত্যর্থঃ ॥ ৮৩ ॥

শ্রুতীনামিতি। হে মাতঃ! যৌ তব চরণৌ বেদানাং শিরাংসি শেখর-তয়া শিরোভূষণত্বেন দধতি বিভ্রতি এতৌ চরণৌ দয়য়া মমাপি শিরসি ধেহি অর্পয়। চরণয়োর্ম্মহিমানমাহ। যয়োঃ পাদ্যং পাথঃ পাদনির্ণেজনং জলং পশুপতেঃ শিবস্য জটাসমূহস্থা নদী। গঙ্গাব্যাজেন তব পাদপ্রক্ষালন-জলং পশুপতির্ধত্তে ইত্যর্থঃ। যয়োর্লাক্ষালক্ষ্মীরলক্তকসম্পৎ অরুণবর্ণা শিব-চূড়ামণেঃ কান্তিঃ। গানিস্যাঃ শ্রীমত্যাশ্চরণপতিতস্য শম্ভোশ্চূড়ামণেঃ শুদ্ধ-

---

বাণের ফলা দৃষ্ট হইতেছে। এই ফলা দেবগণের মুকুটে সুশাণিত ও নিশিত। ৮৩।

মাতঃ! দেবচতুষ্টয়ের শিরোভাগ, তোমার যে চরণযুগল শিরোভূষণরূপে ধারণ করিয়া থাকে, কৃপা করিয়া সেই চরণ-দ্বয় আমার মস্তকে অর্পণ কর। এই চরণযুগলের পাদ্যোদক, ভগবান্ ভূতপতির জটাজূট-বিহারিণী সুরতরঙ্গিণীরূপে পরিণত

টিপ্পনী।—অরবিন্দ, অশোক, চূত, নবমল্লিকা, নীলোৎপল এই পাঁচটী পঞ্চশরের শর। মৃত্যুঞ্জয়কে জয় করিবার নিমিত্ত পঞ্চশর দ্বিগুণ-শরপূর্ণ তূণীরদ্বয় গ্রহণ করিয়াছেন; ভগবতীর জঙ্ঘাদর্শনে এইরূপ অনুমিত হইল। ৮৩।

যয়োঃ পাদ্যং পাথঃ পশুপতিজটাজূটতটিনী
যয়োর্লাক্ষালক্ষ্মীররুণহরচূড়ামণিরুচিঃ ॥ ৮৪ ॥
হিমানীহন্তব্যং হিমগিরিতটাক্রান্তরুচিরৌ
নিশায়াং নিদ্রাণং নিশি চ পরভাগে চ বিশদৌ।

স্ফটিকাভস্য চন্দ্রস্য লাক্ষাসংযোগাৎ অরুণকান্তিরিতি ভাবঃ। অরুণহরিচূড়ামণিরিতি পঞ্চাননঃ। তত্র বিনয়পতিতস্য হরেশ্চূড়ায়াঃ পদ্মরাগমণেরলক্তাক্তসংযোগাৎ অরুণা কান্তিরিতি ভাবঃ ॥ ৮৪ ॥

হিমানীতি। হে জননি! তব পাদৌ কর্ত্তারৌ সরোজং জয়তঃ ইহ কিং চিত্রম্। চরণসরোজয়োঃ স্বভাবকথনেন তদেব দ্রঢ়য়তি। হিমানী ইদং সরোজং হন্তি। তব পাদৌ পুনঃ হিমগিরিতটাক্রান্তেন পর্য্যটনেন মনোহরৌ। কমলং নিশায়াং নিদ্রাণম্। তব পাদৌ নিশি চ পরভাগে চ রাত্রৌ

হইতেছে। এই চরণের অলক্তক-প্রভায় ভগবান্ চন্দ্রশেখরের চূড়ামণিস্বরূপ চন্দ্রকলা অরুণবর্ণ হইয়া থাকে। ৮৪।

ব্রহ্মাণ্ডজননি! তোমার চরণকমল যে কমলকে পরাজয় করিবে, তদ্বিষয়ে আর আশ্চর্য্যের বিষয় কি? কারণ কমল হিমানীদ্বারা বিধ্বস্ত হইয়া থাকে; তোমার চরণকমল হিমগিরিশিখরে হিমানীর উপরি পর্য্যটননিবন্ধন অতীব সুকুমার।

টিপ্পনী।—বেদের মস্তক উপনিষদ্। তোমার চরণযুগল উপনিষদের চূড়ামণিস্বরূপ। শঙ্করের চূড়ামণিস্বরূপ চন্দ্রকলা শুদ্ধ স্ফটিকসদৃশ সুনির্ম্মল। পরন্তু যখন শঙ্কর ভগবতীর মানভঞ্জনের নিমিত্ত চরণতলে নিপতিত হয়েন, তখন চরণালক্তকপ্রভায় তাঁহার শিরোভূষণস্বরূপ চন্দ্রকলা রক্তবর্ণ হইয়া উঠে। পঞ্চাননের মতে "অরুণহরিচূড়ামণিরুচিঃ" এইরূপ মূলের পাঠ আছে। ইহার অর্থ এই যে, প্রণামে প্রবৃত্ত হরির চূড়ামণিস্বরূপ পদ্মরাগমণি তোমার চরণালক্তকপ্রভায় রক্তবর্ণ হইয়া উঠে। ৮৪।

পরং লক্ষ্মীপাত্রং শ্রিয়মপি সৃজন্তৌ প্রণয়িনাং
সরোজং ত্বৎপাদৌ জননি ! জয়তশ্চিত্রমিহ কিম্ ॥৮৫॥
নমোবাচং ক্রমো নয়নরমণীয়ায় পদয়ো-
স্তবাস্মৈ দ্বন্দ্বায় স্ফুটরুচিরসালক্তকবতে।

দিবসে চ বিশদৌ স্বচ্ছন্দরাগৌ। কমলং পরং কেবলং লক্ষ্যাঃ স্থানম্। তব পাদৌ প্রণয়িনাং সম্বন্ধে লক্ষ্মীং সৃজন্তৌ। হিমানীহন্তব্যমিতি কুত্রাপি পাঠঃ। তত্র হিমাণ্যা নাশ্যমিত্যর্থঃ ॥ ৮৫ ॥

নমোবাচমিতি। অস্মৈ তব চরণয়োর্দ্বন্দ্বায় নমোবাচং ব্রূমঃ নমস্কুর্ম্মঃ। কথম্ভূতায় ? নয়নরমণীয়ায়। ব্যক্তকান্তিদ্রবীভূতালক্তকযুক্তায়। যস্য চরণদ্বন্দ্বস্য অভিহননায় স্পৃহয়তে প্রহারং বাঞ্ছতে প্রমদবনস্থ কঙ্কেল্লিতরবে অশোকবৃক্ষায় পশূনামীশানঃ শিবঃ অত্যন্তমসূয়তি দ্বেষ্টি। অস্মিন্ কঠিনত্বচি অশোকবৃক্ষে অতিকোমলপাদয়োর্ব্বিক্ষেপাৎ কদাচিদ্ব্যথা

কমল নিশাকালে মুদ্রিত থাকে ; তোমার চরণকমল, কি রাত্রি, কি দিন, সর্ব্বদাই অম্লানকান্তি-সম্পন্ন। কমল একমাত্র লক্ষ্মীর আবাস ; তোমার চরণকমল হইতে ভক্তগণ সকলেই লক্ষ্মী প্রাপ্ত হইয়া থাকেন। অতএব সর্ব্বাংশেই হীন কমল যে ত্বদীয় চরণকমলের নিকট পরাজয় স্বীকার করিবে, তাহা আর বিচিত্র কি। ৮৫।

মাতঃ! প্রমদবনস্থিত অশোকবৃক্ষ তোমার যে চরণযুগলের অভিঘাতে স্পৃহান্বিত হওয়াতে ভগবান্ পশুপতি, কঠিন বৃক্ষে

টিপ্পনী।—ইহাদ্বারা জগদম্বার চরণযুগলের অনন্য-সাধারণ শোভা বর্ণিত হইল। টীকাকারের মতে "হিমানীহন্তব্যং" এই স্থলে "হিমানীহন্তীদং" এইরূপ পাঠ সমাদৃত হইয়াছে। অর্থ প্রায় একই প্রকার। ৮৫।

অসূয়ত্যত্যন্তং যদভিহননায় স্পৃহয়তে
পশূনামীশানঃ প্রমদবনকঙ্কেল্লিতরবে ॥ ৮৬ ॥
মৃষা কৃত্বা গোত্রস্খলনমথ বৈলক্ষনমিতং
ললাটে ভর্ত্তারং চরণযুগলং তাড়য়তি তে।

জায়ত ইতি ভাবঃ। অশোকবৃক্ষোহি কামিনীনাং পাদাঘাতমভিলষতি। তথা চ কামশাস্ত্রে "পাদাঘাতাদশোকো বদনমদিরয়া কেশরঃ কর্ণিকারঃ" ইত্যাদি। অতএব কালিদাসঃ। "রক্তাশোকশ্চলকিশলয়ঃ কেশরস্তত্র কান্তঃ প্রত্যাসন্নে কুরুবকবৃতের্ম্মাধবীমণ্ডপস্য। একঃ সখ্যাস্তব সহ ময়া বামপাদাভিলাষী কাঙ্ক্ষত্যন্যো বদনমদিরাং দোহদচ্ছদ্মনাস্যাঃ॥" নমো বা কিং ব্রূম ইতি কুত্রাপি পাঠঃ ॥ ৮৬ ॥

মৃষা ইতি। গোত্রস্খলনং মৃষা কৃত্বা কুলধর্ম্মস্খলনং ন ভবেদিতি কৃত্বা তব চরণযুগলং ভর্ত্তারং ললাটে তাড়য়তি। গোত্রং নাম্নি কুলে ক্ষেত্রে ইতি ধরণিঃ। ভর্ত্তারং কিম্ভূতম্? বৈলক্ষনমিতং বিশেষচ্ছদ্মতয়া নমিতং লজ্জা-

---

পদাঘাত করিলে পাছে ঐ কোমল পদতলে ব্যথা হয়, এই আশঙ্কায় অসূয়ান্বিত হয়েন, যাহা দ্রবীভূত অলক্তকরসে কমনীয় কান্তি ধারণ করিয়াছে, আমরা নতশিরা হইয়া সেই চরণে প্রণিপাত করিতেছি। ৮৬।

ভগবান্ ভূতনাথ, রহস্য করিবার অভিপ্রায়ে মিথ্যা গোত্রস্খলন করিয়া অর্থাৎ ভ্রান্তিনিবন্ধনই যেন অন্য কোন রমণীর নাম উচ্চারণপূর্ব্বক আহ্বান করিয়া লজ্জায়, অধোবদন অপ্রস্তুত ও অপ্রতিভ হইলে যখন তুমি কুপিতা হইয়া তাঁহার ললাটে চরণ-

---

টিপ্পনী।—কবিপ্রসিদ্ধি আছে যে, কামিনীদিগের পাদাঘাতে অশোক বৃক্ষ ও বদনমদিরায় কেশর বৃক্ষ মুকুলিত হইয়া থাকে। ৮৬।

চিরাদন্তঃশল্যং দহনকৃতমুন্মূলিতবতা
তুলাকোটিক্কাণৈঃ কিলকিলিতমীশানরিপুণা ॥ ৮৭ ॥
পদন্তে কান্তীনাং প্রপদমপদং দেবি ! বিপদাং
কথং নীতং সদ্ভিঃ কঠিনকমঠীকর্পরতুলাম্।

ধোমুখম্। বৈলক্ষং ছলিসন্মতমিতি ধরণিঃ। অথ এতস্মিন্নেব ঈশানরিপুণা কামেন তুলাকোটিক্কাণৈঃ নূপুরশব্দচ্ছলেন কিলকিলিতং চীৎকারিতম্। কিম্ভূতেন কামেন ? চিরাৎ দহনকৃতং দাহজনিতং অন্তঃশল্যমুন্মূলিতবতা উৎখাতয়তা। অতএব অদ্যাপি তত্তদেশীয়া বিবাহদিবসে বরাগমনমাত্রেণ ছদ্মনা কন্যামানীয় ললাটে চরণপ্রহারং কারয়িত্বা গৃহাভ্যন্তরং নয়েদিতি দেশাচারঃ ॥ ৮৭ ॥

পদন্ত ইতি। হে দেবি ! তে তব প্রপদং পাদাগ্রং সদ্ভিঃ পণ্ডিতৈঃ কঠিনকমঠীকর্পরতুলাং কথং নীতং ! কূর্ম্মকর্পরাকৃতিপৃষ্ঠোন্নতং পদং স্ত্রীণাং

প্রহার করিলে, তখন তোমার নূপুরধ্বনি হইল ; তাহাতে বোধ হইতে লাগিল যেন, শঙ্করবৈরী মদন, পূর্ব্বে হরকোপানলে দগ্ধ হওয়াতে তাহার হৃদয়ে চিরনিহিত যে শল্য ছিল, সেই শল্য এক্ষণে উন্মূলিত হইয়া গেল বলিয়া সে উচ্চৈঃস্বরে আনন্দ-কোলাহল করিয়া উঠিল। ৮৭।

দেবি ! তোমার চরণের অগ্রভাগ শোভা ও রূপলাবণ্যের আকর এবং বিপদের সংহারক। পণ্ডিতগণ কিরূপে কঠিন

টিপ্পনী।—ভগবতী পতির ললাটে পাদপ্রহার করিয়াছিলেন বলিয়া অদ্যাপি কোন কোন দেশে রীতি আছে যে, বিবাহের দিন বর আগমন করিবামাত্র কন্যাপক্ষীয়েরা কৌশলক্রমে গোপনে অগ্রে কন্যা বাহির করিয়া বরের ললাটে চরণপ্রহার করাইয়া পশ্চাৎ বরকে ভবনাভ্যন্তরে প্রবেশ করায়। ৮৭।

কথং বা বাহুভ্যামুপযমনকালে পুরভিদা
তদাদায় ন্যস্তং দৃশদি দয়মানেন মনসা ॥ ৮৮ ॥
নখৈর্নাকস্ত্রীণাং করকমলসঙ্কোচশশিভি-
স্তরূণাং দিব্যানাং হসত ইব তে চণ্ডি! চরণৌ।

প্রশস্যত ইতি ভাবঃ। কিম্ভূতং? কান্তীনাং পদং বিপদামপদমস্থানম্। কথং বা উপযমনকালে বিবাহকালে দয়াযুক্তেন চেতসা পুরভিদা শিবেন তৎ পদং বাহুভ্যামাদায় দৃশদি ন্যস্তমর্পিতম্। অতিকোমলস্য তব পাদাগ্রস্য কঠিনোপমানং কঠিনার্পণমপি ন যুজ্যত ইতি ভাবঃ ॥ ৮৮ ॥

নখৈরিতি। হে চণ্ডি! তব চরণৌ দিব্যানাং তরূণাং সম্বন্ধে নখৈ-র্হসত ইব। নখৈঃ কিম্ভূতৈঃ? দেবস্ত্রীকরপদ্মসম্পুটীকরণচন্দ্রৈঃ। তরূণাং কীদৃশানাং? স্বার্থিভ্যঃ কিশলয়করাগ্রেণ ফলানি দধতাম্। চরণৌ

কমঠপৃষ্টের সহিত ইহার তুলনা দিয়া থাকেন। ভগবান্ বৃষধ্বজ সদয়হৃদয় হইয়াও বিবাহের সময় কোন্ প্রাণে এই সুকোমল চরণযুগল হস্তদ্বারা ধারণ করিয়া কঠিন প্রস্তরের উপরি স্থাপন করিয়াছিলেন। ৮৮।

ভগবতি! দেবলোকস্থিত কল্পবৃক্ষ সমুদায় কিশলয়রূপ করাগ্রদ্বারা দেবগণকে অভিলষিত ফলপ্রদান করিয়া থাকে, তোমার এই চরণদ্বয়ও ভক্তগণকে অসামান্য সৌভাগ্যসম্পৎ প্রদানে ক্ষণমাত্রও বিরত নহে; এই কারণে, দেবাঙ্গনারা যে

টিপ্পনী।—সুকোমল চরণকমল কঠিন প্রস্তরে স্থাপন করিবার যোগ্য নহে। স্ত্রীজাতির চরণপৃষ্ঠ কূর্ম্মপৃষ্ঠাকার হইলে প্রশস্ত ও শুভলক্ষণ হয়, এই জন্য পণ্ডিতগণ কূর্ম্মপৃষ্ঠের সহিত ইহার তুলনা দিয়া থাকেন। ৮৮।

ফলানি স্বস্থেভ্যঃ কিশলয়করাগ্রেণ দধতাং
দরিদ্রেভ্যো ভদ্রাং শ্রিয়মনিশমহ্নায় দদতৌ ॥ ৮৯ ॥
কদা কালে মাতঃ! কথয় কলিতালক্তকরসং
পিবেয়ং বিদ্যার্থী তব চরণনির্ণেজনজলম্।

কিম্ভূতৌ? অহ্নায় ঝটিতি অনিশং সততং দরিদ্রেভ্যো ভদ্রাং শ্রিয়ং দদতৌ কল্পবৃক্ষাদপ্যভীষ্টদৌ তব চরণাবিতি ভাবঃ ॥ ৮৯ ॥

কদা ইত্যাদি। হে মাতঃ! কদা কালে কস্মিন্ সময়ে তব চরণ-নির্ণেজনজলং চরণোদকং বিদ্যার্থী জ্ঞানার্থী অহং পিবেয়ং তৎ কথয় ব্রূহি। কিম্ভূতং? কলিতং ব্যক্তীভূতমলক্তকরসং যত্র। যৎ পাদোদকং বাণী কর্ত্রী কবিতাকারণতয়া স্বভাবমূকানাং নতু কারণান্তরমূকানাং মুখকমলতাম্বূ-রচনামাধত্তে আদধাতি। যৎ পীত্বা স্বভাবমূকোপি মহাকবির্ভবতীতি ভাবঃ। যদাদত্তে বাণী মুখকমলতাম্বূলরসতামিতি কুত্রাপি পাঠঃ। তত্র তাম্বূলরসব্যাজেন স্বয়ং বাণী গৃহ্লাতীত্যর্থঃ ॥ ৯০ ॥

নখরূপ সুধাংশুর নিকট করকমল মুকুলিত করিয়া কৃতাঞ্জলি-পুটে দণ্ডায়মান থাকেন, সেই নখদ্বারা তোমার চরণযুগল কল্পবৃক্ষ-দিগকেই যেন উপহাস করিতেছে। ৮৯।

মাতঃ! কবে আমি বিজ্ঞানভিক্ষু হইয়া অলক্তকরসমিশ্র তোমার চরণোদক পান করিব, বলিয়া দাও। এই চরণোদক পান করিলে, যাহারা জন্মাবধি স্বভাবত মূক, তাহারাও অপূর্ব্ব-

---

টিপ্পনী।—তোমার চরণযুগল কল্পবৃক্ষ হইতেও অধিক পরিমাণে অভীষ্ট ফল প্রদান করে। যেমন সুধাংশু দর্শনে কমল মুকুলিত হয়, সেইরূপ তোমার নখসুধাংশু দর্শনমাত্র দেবাঙ্গনাদিগের করকমল পুটিত ও মুকুলিত হইয়া থাকে, এই তাৎপর্য্যে এরূপ বর্ণিত হইয়াছে। ৮৯।

প্রকৃত্যা মূকানামপি চ কবিতাকারণতয়া
যদাদত্তে বাণী মুখকমলতাম্বূলরসতাম্ ॥ ৯০ ॥
পদন্যাসক্রীড়াপরিচয়মিবালব্ধুমনস-
শ্চরন্তস্তে খেহলং ভবনকলহংসা ন জহতি।
স্ববিক্ষেপে শিক্ষাং সুভগমণিমঞ্জীররণিত-
চ্ছলাদাচক্ষাণং চরণকমলং চারুচরিতম্ ॥ ৯১ ॥

পদন্যাসেত্যাদি। ভবনকলহংসা রাজহংসাঃ খে আকাশে অলমত্যর্থং চরন্তোঽপি তব চরণকমলং ন জহতি ন ত্যজন্তি। কিম্ভূতাঃ? পাদবিন্যাস-রূপক্রীড়ায়াং পরিচয়মালব্ধুমনস ইব পাদবিন্যাসক্রীড়াং জ্ঞাতুকামা ইব। চরণকমলং কিম্ভূতম্? স্ববিক্ষেপে আত্মনো গমনে সুষ্ঠুমণিনূপুরশব্দচ্ছলাৎ শিক্ষামাচক্ষাণং নানাবিধগমনচাতুরীমুপদিশৎ। রাজহংসা নিয়তং তব পদানুযায়িনোঽপি ঈদৃক্ লীলাং ন জানন্তীতি ভাবঃ ॥ ৯১ ॥

কাব্যরচনা-শক্তিসম্পন্ন হইয়া উঠে; এই কারণে স্বয়ং বাগ্‌দেবী নিজ মুখকমলস্থিত তাম্বূলরসচ্ছলে ঐ চরণোদক পান করিয়া থাকেন। ৯০।

জননি! গৃহস্থিত কলহংসগণ আকাশমার্গে বিচরণ করিতে সমর্থ হইয়াও সুললিত পাদবিন্যাস-নৈপুণ্য শিক্ষা করিবার নিমিত্তই বোধ হয় তোমার চরণকমল সন্নিধান পরিত্যাগ করি-

---

টিপ্পনী।—ইহার তাৎপর্য্য এই যে, তোমার শ্রীচরণপ্রসাদে মূকও অদ্ভুত বাক্যবিন্যাস করিতে পারে, নিতান্ত অজ্ঞানও জ্ঞানী হইয়া উঠে। ৯০।

টিপ্পনী।—ইহার তাৎপর্য্য এই যে, ভগবতীর পাদবিহারকালে লীলাবিলাসদ্বারা যেরূপ অপূর্ব্ব ভাব প্রকাশ পায়, কলহংসগণের গমনকালেও সেরূপ অপূর্ব্ব ভাব দৃষ্ট হয় না, সুতরাং এই জগতে ইহার তুলনা দেওয়া যাইতে পারে না। ৯১।

অরালা কেশেষু প্রকৃতিসরলা মন্দহসিতে
শিরীষাভা গাত্রে দৃশদিব কঠোরা কুচতটে।
ভৃশন্তন্বী মধ্যে পৃথুরসি বরারোহবিষয়ে
জগত্রাতুং শম্ভোর্জ্জয়তি করুণা কাচিদরুণা ॥ ৯২ ॥

শ্রীমত্যাঃ সৌন্দর্য্যমুক্ত্বা রূপস্যানির্ব্বচনীয়ত্বমাহ, অরালা ইতি। শম্ভোঃ শিবস্য কাচিৎ অনির্ব্বচনীয়া করুণা কৃপারূপা অরুণবর্ণা মূর্ত্তির্জ্জগত্রাতুং জগতাং ত্রাণায় জয়তি। বিশেষণানাং বিরোধাভাসতয়া অনির্ব্বচনীয়ত্বমাহ। কিম্ভূতা? কেশেষু অরালা কুটিলা। মন্দহসিতে সহজসরলা। গাত্রে শিরীষাভা মৃদ্বী। কুচতটে শিলেব কঠোরা। মধ্যে অতিশয়ক্ষীণা। বরারোহবিষয়ে পৃথুতরা। দারেষপি গৃহাঃ শ্রোণ্যামপ্যারোহো বরস্ত্রিয়া ইত্যমরঃ। অত্র কুটিলসরলয়োর্ম্মৃদুকঠোরয়োঃ পৃথুক্ষীণয়োরেকত্বপ্রতিপাদনাৎ বিরোধাভাসালঙ্কারঃ। সর্ব্বত্র অবয়বভেদেনাবিরোধঃ। অত্র বাগ্ভবকূটং কামরাজমুদ্ধৃত্য অরুণবর্ণং ধ্যায়েদিতি সাম্প্রদায়িকাঃ ॥ ৯২ ॥

তেছে না। শিক্ষাদান-কৌশলসম্পন্ন ত্বদীয় চরণকমলও সুমনোহর মণিময়-মঞ্জীর রবচ্ছলে উচ্চৈঃস্বরে পদে পদে পদবিন্যাসের লালিত্যবিষয়ক উপদেশ প্রদানই যেন করিতেছে। ৯১।

জননি! তুমি কেশকলাপে অরালা অর্থাৎ কুটিলা, অথচ তুমি মন্দস্মিত বিষয়ে স্বভাবসরলা। তুমি শরীরাবচ্ছেদে শিরীষ-

---

টিপ্পনী।—বিরোধাভাসদ্বারা ভগবতীর অনির্ব্বচনীয় রূপ বর্ণিত হইল। ইহাদ্বারা সূচিত হইল, প্রথমত বাগ্ভব কূট ও কামরাজকূট উদ্ধৃত করিয়া অরুণবর্ণ ধ্যান করিবে। অন্য টীকাকার বলেন, কে শব্দে ককার ও একার। শিরীষশব্দে ঈকার। অরাল শব্দে লকার। হসিত শব্দে হকার। সরল শব্দে রেফ। তন্বী শব্দে ঈকার। ভৃশং শব্দে বিন্দু। ইহা দ্বারা ক এ ঈ ল হ্রীঁ এই বাগ্ভব কূট ধ্যান করিবার বিধি কথিত হইল। ৯২।

পুরারাতেরন্তঃপুরমসি ততস্ত্বচ্চরণয়োঃ
সপর্য্যামর্য্যাদা তরলকরণানামসুলভা।

শ্রীমত্যাঃ পূজায়াঃ পূর্ব্বং পীঠদেবতাদীনাং পূজায়া আবশ্যকত্বমাহ পুরা ইতি। পুরারাতেঃ শিবস্য অন্তঃপুরমসি ত্রিপুরজয়িনো মহিষী ভবসি ততঃ কারণাৎ ত্বচ্চরণয়োঃ সপর্য্যামর্য্যাদা পূজাপরিপাটী তরলকরণানাং চঞ্চলেন্দ্রিয়াণামসুলভা দুর্লভা। তৎ কথমিন্দ্রাদয়ঃ সিদ্ধা ইত্যাহ। এতে শতমখমুখা ইন্দ্রাদ্যা দেবাঃ তব দ্বারোপান্তে স্থিতির্যেষাং তৈরণিমাদ্যৈরতুলাং

কুসুমসদৃশ কোমলা; অথচ তুমি কুচতটভাগে শিলার ন্যায় কঠিনা। তুমি মধ্যদেশে ক্ষীণতরা, অথচ তুমি সুললিত জঘনে পৃথুতরা। এই জগতের রক্ষার নিমিত্ত শঙ্করের সাক্ষাৎ করুণা-রূপিণী ত্বদীয় অরুণবর্ণা অপূর্ব্বমূর্ত্তি বিরাজমান হইতেছে। ৯২।

জননি! তুমি ত্রিপুরবিজয়ী মহেশ্বরের অন্তঃপুর অর্থাৎ মহিষী; এই কারণে চঞ্চলেন্দ্রিয় জনগণের পক্ষে তোমার যথা-রীতি পূজাপরিপাটী অতীব দুর্ল্লভ। দেবরাজপ্রভৃতি দেবগণ যে

টিপ্পনী।—ভগবতীর পূজায় অধিকারী হইবার নিমিত্ত অগ্রে পীঠদেবতাদিগের পূজা করা কর্ত্তব্য। পীঠদেবতাদিগের পূজা করিলে তাঁহাদের কৃপায় মনের একাগ্রতা জন্মে পরে একাগ্রতা সহকারে বিশ্বমাতার পূজায় প্রবৃত্ত হইলে যথারীতি পূজা হইয়া থাকে। অন্য বিধ অর্থ যথা—জননি! তুমি শ্রীচক্রের অন্তর্গত বিন্দুরূপ শিবের অন্তঃপুর অর্থাৎ ত্রিকোণাত্মক রেখা ইত্যাদি। অথবা—জননি! তুমি সহস্রদল-কমলান্তর্গত বিন্দুরূপ পরম শিবের অন্তঃপুর অর্থাৎ অকথাদিরেখাময় ত্রিকোণ মণ্ডল ইত্যাদি। যাহাদের ইন্দ্রিয়-চাঞ্চল্য দূর হয় নাই, তাহারা তোমার পূজা করা দূরে থাকুক স্বরূপ-পরিজ্ঞানেই সমর্থ হয় না। মূলাধারপ্রভৃতিতে অন্যান্য স্থূলমূর্ত্তি ধ্যানপূর্ব্বক প্রত্যাহারবলে চিত্তস্থিরতা ও একাগ্রতা সহস্রারে বিন্দুরূপী শিবে অধিষ্ঠিত ত্বদীয় সূক্ষ্মমূর্ত্তি প্রত্যক্ষ হইতে পারে। ফলতঃ "ব্রহ্মা বিষ্ণুশ্চ রুদ্রশ্চ ঈশ্বরশ্চ সদাশিবঃ। ততঃ পরশিবশ্চৈব ষট্ শিবাঃ পরিকীর্ত্তিতাঃ॥"

তথা হেতে নীতাঃ শতমখমুখাঃ সিদ্ধিমতুলাং
তব দ্বারোপান্তস্থিতিভিরণিমাদ্যাভিরমরাঃ ॥ ৯৩ ॥
গতাস্তে মঞ্চত্বং দ্রুহিণহরিরুদ্রেশ্বরশিবাঃ
শিবঃ স্বচ্ছচ্ছায়াঘটিতকপটপ্রচ্ছদপটঃ।

সিদ্ধিং নীতাঃ। যদ্বা পুরারাতের্ব্বিন্দুরূপস্য অন্তঃপুরং ত্রিরেখাসি চক্রমধ্যস্থাসি তব চরণমিন্দ্রাদীনামপ্যগোচরমতএব অঙ্গাবরণদেবতাঃ পূজয়েদিতি ভাবঃ। তব ভূজা চঞ্চলেন্দ্রিয়াণামসুলভা দুর্লভা কিন্তু স্থিরেন্দ্রিয়াণাং চক্রভেদন-সমর্থানাং শুকাদীনাং সুলভা ইতি ধ্বনিঃ ॥ ৯৩ ॥

শ্রীমত্যাঃ পীঠমাহ গতা ইতি। ব্রহ্মবিষ্ণুরুদ্রেশ্বরদেবাঃ তে তব মঞ্চত্বং গতাঃ। তৎ কুতঃ সদাশিব ইত্যাহ। শিবঃ সদাশিবঃ স্বচ্ছচ্ছায়াঘটিতকপট

সিদ্ধি লাভ করিয়াছেন, তদ্বিষয়ে তোমার দ্বারোপান্তে স্থিত অণিমাদির উপাসনাদ্বারাই তাঁহারা কৃতকার্য্য হইতে এবং তোমার আরাধনায় অধীকারী হইতে সমর্থ হইয়াছেন। ৯৩।

জননি! ব্রহ্মা, বিষ্ণু, রুদ্র, ঈশ্বর ও সদাশিব, এই পঞ্চ শিব তোমার সিংহাসনের পাদপঞ্চকস্বরূপ হইয়া রহিয়াছেন। অনন্তর সিংহাসনের উপরি পরশিব, শয়ান থাকাতে বোধ হইতেছে যেন

এই ষট্‌চক্রে যে স্থূলরূপ ছয় শিব আছেন, তাঁহারা যে যে ত্রিকোণমণ্ডলের মধ্যে অবস্থিতি করিতেছেন, সেই সেই ত্রিকোণমণ্ডলও তোমা হইতে ভিন্ন নহে। এই স্থূলব্রহ্মাণ্ডও তোমার গর্ভে রহিয়াছে। জননি! তুমি ত্রিপুরবিজয়ী মহেশ্বরের অবরোধ, এজন্য চঞ্চলে-ন্দ্রিয় ব্যক্তি তোমার পূজা করিতে পারে না। ইহার তাৎপর্য্য এই যে, ত্রিপুরবিজয়ী যাঁহাকে অন্তঃপুরে রাখিয়াছেন, ত্রিপুরবিজয়ী না হইলে তাঁহার নিকট যাওয়া বা পূজার অধিকারী হওয়া দুর্ঘট। যে পর্য্যন্ত ইন্দ্রিয়চাঞ্চল্য থাকে, সে পর্য্যন্ত পুরত্রয় ভেদ হয় না। মণিপুরে ব্রহ্মগ্রন্থি, অনাহতচক্রে বিষ্ণুগ্রন্থি এবং আজ্ঞাচক্রে রুদ্রগ্রন্থি। যোগবলে এই ত্রিপুরাদেবীর নিকট গমন করিতে পারা যায়। ৯৩।

ত্বদীয়ানাং ভাসাং প্রতিফলনলাভারুণতয়া
শরীরী শৃঙ্গারো রস ইব দৃশাং দোগ্ধি কুতুকম্ ॥ ৯৪ ॥
কলঙ্কঃ কস্তূরী রজনিকরবিম্বং জলময়ং
কলাভিঃ কর্পূরৈর্ম্মরকতকরণ্ডং নিবিড়িতম্।

প্রচ্ছদপটঃ সন্ নির্ম্মলকান্তিযুক্ত-ছদ্মপ্রচ্ছদপটঃ সন্ বিগ্রহবান্ শৃঙ্গাররস ইব দৃশাং চক্ষুষাং কুতুকং দোগ্ধি প্রপূরয়তি। শৃঙ্গাররসস্য রজোগুণপ্রধানত্বাৎ অরুণত্বম্। সদাশিবঃ শুক্লস্তৎ কথং সারূপ্যমিত্যাহ ত্বদীয়ানাং ভাসাং প্রতিবিম্বলাভেন অরুণতয়া। এতেন সদাশিবস্যাপি ন শৃঙ্গারকর্ত্তৃত্বং পরমশিবকান্তাসীতি তাৎপর্য্যার্থঃ ॥ ৯৪ ॥

শ্রীমত্যাঃ পূজায়াং পাত্রাদিকং নিরূপয়তি কলঙ্ক ইতি। জলবজ্জলং চন্দ্ররশ্মিঃ পীযূষমিতি যাবৎ। জলময়ং পীযূষপূর্ণং রজনিকরবিম্বং চন্দ্রমণ্ডলং

তাঁহার শুদ্ধস্ফটিকসদৃশ নির্ম্মল কান্তিদ্বারা সুবিমল প্রচ্ছদপট প্রস্তুত হইয়াছে। ঐ পরশিবের উপরিভাগে ত্বদীয় শরীরকান্তি প্রতিফলিত হওয়াতে উহা রক্তবর্ণ হইয়াছে; সুতরাং তদ্দর্শনে সাক্ষাৎ শৃঙ্গাররস বলিয়া দর্শকদিগের মনের ভ্রান্তি ও কৌতুহল উৎপন্ন হইতেছে। ৯৪।

বিশ্বজননি! আমার বোধ হয়, বিধাতা তোমার পূজার নিমিত্ত চন্দ্রমণ্ডলরূপ মরকতমণিময় শ্যামবর্ণ অমৃতপাত্র প্রতিদিন

টিপ্পনী।—রজোগুণ রক্তবর্ণ। শৃঙ্গাররস রজোগুণ-প্রধান বলিয়া রক্তবর্ণ বলা হইয়াছে। পরশিবকে সাক্ষাৎ শৃঙ্গাররসস্বরূপ বলা হইল; ইহাদ্বারা তাহাতে শৃঙ্গার-কর্ত্তৃত্বের আরোপ হয় নাই কারণ সহস্রারস্থিত পরমশিবই ভগবতীর পতি। মূলাধারে ব্রহ্মা, স্বাধিষ্ঠানে বিষ্ণু, মণিপূরে রুদ্র, অনাহতচক্রে ঈশ্বর, বিশুদ্ধচক্রে সদাশিব, তদুপরি আজ্ঞাচক্রে পরশিব, তদুপরি সহস্রারে জগন্মাতা পরমশিবের সহিত বিহার করিয়া থাকেন। টীকাকার

অতস্তদ্ভোগেন প্রতিদিনমিদং রিক্তকুহরং
বিধির্ভূয়োভূয়ো নিবিড়য়তি নূনং তব কৃতে ॥ ৯৫ ॥

কলাভিঃ কর্পূরৈর্নিবিড়িতং চন্দ্রকলারূপকর্পূরৈঃ পূরিতং মরকতকরণ্ডং প্রতিদিনমিত্যস্মাভির্লক্ষ্যত ইত্যুহ্যম্। শরচ্চন্দ্রস্য শুক্লবর্ণতয়া মরকতমণেঃ কৃষ্ণবর্ণত্বাৎ উৎপ্রেক্ষ্যতে। কলঙ্কঃ কস্তূরী যত্র। তথা চ সৌগন্ধার্থং পূজাপাত্রাণি কস্তূর্য্যাদিভিঃ সংক্রিয়তে। অতঃ কারণাৎ ত্বদ্ভোগেন আত্মভোগার্থং শ্রীমত্যা নিরূপিতরিক্তকুহরং শূন্যগর্ভ মিদং মরকতকরণ্ডং নূনং নিশ্চিতং তব কৃতে যুষ্মদর্থং বিধির্ভূয়ো ভূয়ঃ পূরয়তি। তথাচোর্দ্ধাম্নায়ে, ব্রহ্মরন্ধ্রাদধোভাগে যচ্চান্দ্রং পাত্রমুত্তমম্। কলাসারেণ সম্পূজ্য তর্পয়েত্তেন খেচরীমিতি ॥ ৯৫ ॥

ভূয়োভূয় অমৃতপূর্ণ করিয়া অর্পণ করিতেছেন। এই পাত্রে রশ্মিপুঞ্জই অমৃতস্বরূপ ও কলঙ্কই সুগন্ধিদ্রব্য কস্তূরীস্বরূপ। ইহা কলারূপ কর্পূরখণ্ডদ্বারা পরিপূরিত হইয়া থাকে। তোমার ভোগদ্বারা এই পাত্র যেমন রিক্ত ও শূন্যগর্ভ হয়, বিধাতা অমনিই তোমার পূজার নিমিত্ত তাহা অমৃতাদিপূর্ণ করিয়া দিয়া থাকেন। ৯৫।

বলেন, ব্রহ্মা, বিষ্ণু, রুদ্র, ঈশ্বর, এই শিবচতুষ্টয় সিংহাসনের পাদচতুষ্টয়স্বরূপ হইয়াছেন। ভগবতী সদাশিবের উপরি অবস্থান করিতেছেন। তিনি সহস্রারে পরমশিবের সহিত বিহার করেন। এবিষয়ে আমাদের যাহা বক্তব্য, তাহা পূর্ব্বে বলা হইয়াছে। কোন কোন টীকাকার বলেন, ভগবতি ত্রিপুরাদেবীর সিংহাসন ষট্‌কোণ। এই ষট্‌কোণে ব্রহ্মা, বিষ্ণু, রুদ্র, ঈশ্বর, সদাশিব ও ইন্দ্র, ইহাঁরা পাদ স্বরূপ হইয়া রহিয়াছেন। প্রমাণ যথা—"ব্রহ্মা বিষ্ণুশ্চ রুদ্রশ্চ ঈশ্বরশ্চ সদাশিবঃ। ইন্দ্রশ্চ তে সদা দেবাঃ পূজ্যা মঞ্চাদধঃস্থিতাঃ ॥" ইতি। ৯৪।

টিপ্পনী।—চন্দ্রমণ্ডল মরকতমণিময় পাত্রের ন্যায় স্বভাবতঃ শ্যামবর্ণ পরন্তু কলারূপ কর্পূরখণ্ড এবং রশ্মিপুঞ্জরূপ অমৃতরাশি দ্বারা পূর্ণ হওয়াতে শ্বেতবর্ণ দেখায়। কলা ও রশ্মি

স্বদেহোদ্ভূতাভির্ঘৃণিভিরণিমাদ্যাভিরভিতো
নিষেব্যাং নিত্যে ! ত্বামহমিতি সদা ভাবয়তি যঃ।
কিমাশ্চর্য্যং তস্য ত্রিনয়নসমৃদ্ধিং তৃণয়তো
মহাসম্বর্ত্তাগ্নির্ব্বিরচয়তি নীরাজনবিধিম্ ॥ ৯৬ ॥

স্বদেহেতি। হে নিত্যে ! হে নিত্যস্বরূপে ! স্বদেহোদ্ভূতাভিঃ স্বশরীর-জাতাভির্ঘৃণিভিঃ অণিমাদ্যাভিঃ সিদ্ধিভিরভিতো নিষেব্যাং ত্বামহমিতি যঃ সদা ভাবয়তি সোঽহং ভাবেন যঃ সদা উপাস্তে ত্রিনয়নসমৃদ্ধিং তৃণয়তঃ শিবসম্পত্তিং তৃণীকুর্ব্বতস্তস্য মহাসম্বর্ত্তাগ্নির্মহাপ্রলয়াগ্নির্নীরাজনবিধিং নির্ম্মঞ্জনবিধিং বিরচয়তীতি কিমাশ্চর্য্যম্। সএব সদাশিব ইতি ভাবঃ ॥ ৯৬ ॥

নিত্যে ! যিনি, নিজদেহসম্ভূত রশ্মিবৃন্দদেবতারূপ অণিমাদি আবরণদেবতা কর্ত্তৃক সেব্যমান হইতেছেন, আমিই সেই ভগবতী ত্রিপুরাসুন্দরী। এইরূপ সোঽহংভাবে যিনি তোমাকে ভাবনা করেন, তাঁহার আশ্চর্য্য পরিণাম হয়। তিনি মহাদেবের অষ্টবিভূতিও তৃণজ্ঞান করেন। মহাপ্রলয়কাল উপস্থিত হইলে সর্ব্বসংহারক মহাপ্রলয়াগ্নিও তাঁহার নীরাজনকার্য্য সম্পাদন করিতে থাকে।৯৬।

ক্ষয় হইলে পুনর্ব্বার মরকতমণির ন্যায় শ্যামবর্ণ হইয়া পড়ে। উর্দ্ধাম্নায়ে উপদেশ আছে যে, ব্রহ্মরন্ধ্রের অধোভাগে যে চন্দ্রময় অমৃতপাত্র আছে, তাহার কলাদ্বারা বিশ্বমাতার পূজা করিয়া ঐ অমৃতদ্বারা তর্পণ করিবে। মন্ত্রপক্ষে কুস্তুরীশব্দে সকার ও ককার। কলঙ্কশব্দে কলকার। কুহরশব্দে হকার ও রেফ। নিবিড়শব্দে ঈকার। নূনশব্দে বিন্দু। এই মোহন-বীজ শুক্লবর্ণ ধ্যান করিতে হইবে। ৯৫।

টিপ্পণী।—যোনিমুদ্রা অবলম্বনপূর্ব্বক দেবীত্রিপুরা স্বরূপা কুণ্ডলিনীশক্তিকে সহস্রারে উত্তোলনপূর্ব্বক আমিই শক্তি, এরূপ ভাবনা করিয়া পরমশিবের সহিত একীভূত হইয়া সমরসানন্দভোগে প্রবৃত্ত হইলে যোগী অমর হয়েন, প্রলয়কালেও তাঁহার শরীরপাত হয় না। ৯৬।

কলত্রং বৈধাত্রং কতি কতি ভজন্তে ন কবয়ঃ
শ্রিয়ো দেব্যাঃ কো বা ন ভবতি পতিঃ কৈরপি ধনৈঃ।
মহাদেবং হিত্বা তব সতি! সতীনামচরমে!
কুচাভ্যামাসঙ্গঃ কুরুবকতরোরপ্যসুলভঃ॥ ৯৭॥

কলত্রমিতি। হে সতি! সতীনামচরমে! সতীনাং মধ্যে মহাদেবং হিত্বা তব কুচাভ্যামাসঙ্গঃ তবালিঙ্গনং কুরুবকতরোর্ঝিণ্ঠিবৃক্ষস্যাপি দুর্লভঃ। কুরুবকো নাম ঝিণ্ঠীবৃক্ষবিশেষঃ। তস্যালিঙ্গনেন স্ত্রীণাং কামবৃদ্ধির্ভবতি। তথাচ কামশাস্ত্রে কুরুবকতরুরালিঙ্গনাৎ সিন্ধুবার ইতি। মহাদেবস্য সর্ব্বাত্মকত্বাৎ শ্রীমত্যাঃ সর্ব্বাধারভূতত্বাৎ ক্রিয়াব্যভিচারো নাস্তীতি ভাবঃ। তথাচ ভারতে, "ন চক্রাঙ্কা ন পদ্মাঙ্কা ন বজ্রাঙ্কা জনাঃ কচিৎ। লিঙ্গাঙ্কাশ্চ ভগাঙ্কাশ্চ তেন মাহেশ্বরী প্রজা" ইতি। অন্যাসাং ক্রিয়াব্যভিচারমাহ বৈধাত্রং কলত্রং কতি কতি কবয়ো ন ভজন্তে অপি তু কাব্যসামর্থ্যমাত্রেণ বাগীশা ভজন্তি নতু মূর্খাঃ। শ্রিয়ো দেব্যাঃ লক্ষ্ম্যাঃ কৈরপি ধনৈর্ধনসম্পর্কমাত্রেণ কঃ পতির্ন ভবতি, অপিতু সর্ব্বএব ধনিনঃ লক্ষ্মীপতয়ঃ ন তু দরিদ্রা ইতি ভাবঃ॥ ৯৭॥

বামদেব-দেহার্দ্ধহারিণি! এই জগতে যে সমুদায় রমণী সতী বলিয়া বিখ্যাত আছে, তাহারা অন্ততঃ মদনোদ্দীপনের নিমিত্ত কুচকলসদ্বারা কুরুবক বৃক্ষকেও আলিঙ্গন করিয়া থাকে কিন্তু একমাত্র তুমিই অর্দ্ধাঙ্গহারী মহাদেবকে ছাড়িয়া কুরবক বৃক্ষকেও হৃদয়দ্বারা আলিঙ্গন কর না। দেখ, ব্রহ্মার পত্নী বাগ্দেবী, কোন্

টিপ্পনী।—কামশাস্ত্রে আছে যে, কুরুবক অর্থাৎ ঝিণ্টিবৃক্ষকে আলিঙ্গন করিলে স্ত্রীজাতির অনঙ্গোদ্দীপন হয়, এই নিমিত্ত সকল রমণীই কুরুবক বৃক্ষ আলিঙ্গন করিয়া থাকে। ৯৭।

গিরামাহুর্দ্দেবীং দ্রুহিণগৃহিণীমাগমবিদো
হরেঃ পত্নীং পদ্মাং হরসহচরীমদ্রিতনয়াম্।

গিরামিতি। হে পরংব্রহ্মমহিষি! আগমবিদো জ্ঞানিনঃ দ্রুহিণগৃহিণীং ব্রহ্মণঃ শক্তিং বাগীশ্বরীমাহুঃ বিদুষামধিষ্ঠাতৃত্বমাহুঃ। হরেঃ পত্নীং লক্ষ্মীমাহুঃ ধনিনামধিষ্ঠাতৃত্বম্। হরসহচরীং দুর্গামাহুঃ জ্ঞানিনামধিষ্ঠাতৃত্বম্। হে মহামায়ে! ত্বং পুনস্তুরীয়া এতত্রয়াতিরিক্তা কাপি অনির্ব্বচনীয়া। যতো বিশ্বং

কবির কণ্ঠগতা না হইতেছেন! বিষ্ণুর ভার্য্যার কথা কি বলিব, যাঁহার কিছু ধনসঞ্চয় হয়, তিনিই লক্ষ্মীপতি বলিয়া বিখ্যাত হইয়া থাকেন। ৯৭।

পরমব্রহ্মমহিষি! বেদবেদাঙ্গপারদর্শী জনগণ ব্রহ্মার পত্নীকে বাগ্দেবী বলিয়া থাকেন। ইনি ক্রিয়াশক্তি। ইনি পণ্ডিতগণের অধিষ্ঠাত্রী দেবতা। তাঁহারা বিষ্ণুর পত্নীকে লক্ষ্মী বলিয়া নির্দ্দেশ করেন। ইনি জ্ঞানশক্তি। ইনি ধনবান্‌দিগের অধিষ্ঠাত্রী দেবতা। তাঁহারা বলেন, অদ্রিতনয়া দুর্গা মহেশ্বরের সহচরী। ইনি ইচ্ছাশক্তি। ইনি জ্ঞানীদিগের অধিষ্ঠাত্রী দেবতা। মহামায়ে! ইচ্ছাশক্তি, ক্রিয়াশক্তি ও জ্ঞানশক্তি এই শক্তিত্রয় হইতে অতিরিক্তা

টিপ্পনী।—গোরক্ষসংহিতাতে কথিত আছে, "ইচ্ছা ক্রিয়া তথা জ্ঞানং গৌরী ব্রাহ্মী চ বৈষ্ণবী। ত্রিধা শক্তিঃ স্থিতা লোকে তৎপরং শক্তিরোমিতি॥" এই জগতে ইচ্ছাশক্তি ক্রিয়াশক্তি ও জ্ঞানশক্তি, তিন গুণ অনুসারে এই ত্রিবিধ শক্তি আছে। ইচ্ছাশক্তি দুর্গা, ক্রিয়াশক্তি সাবিত্রী এবং জ্ঞানশক্তি বিষ্ণুপত্নী। প্রণবে এই তিনটী শক্তি রহিয়াছে। অকার উকার ও মকার, এই বর্ণত্রয়যোগে ওঁ হইয়াছে। "অকারো বিষ্ণুরুদ্দিষ্ট উকারস্তু মহেশ্বরঃ। মকারেণোচ্যতে ব্রহ্মা প্রণবেন এয়ো মতাঃ।" অকার বিষ্ণু, উকার মহেশ্বর ও মকার ব্রহ্মা। তিন দেব, তিন শক্তি ও তিন গুণ প্রণবের প্রতিপাদ্য হইতেছেন। ভগবতী ত্রিপুরা-

তুরীয়া কাপি ত্বং দুরধিগমনিঃসীমমহিমা
মহামায়ে! বিশ্বং ভ্রময়সি পরংব্রহ্মমহিষি! ॥ ৯৮ ॥
সমুদ্ভূতস্থূলস্তনভরমুরশ্চারু হসিতং
কটাক্ষে কন্দর্পাঃ কতি চ ন কদম্বদ্যুতিবপুঃ।

ভ্রময়সি জগন্মোহয়সি। ত্বং কিম্ভূতা? দুরধিগমনিঃসীমমহিমা দুর্জ্ঞেয়োঽপরিমিতঃ মহিমা যস্যাঃ সত্ত্বরজস্তমসামতিরিক্তাসীত্যর্থঃ ॥ ৯৮ ॥

সমুদ্ভূতেতি। হে উমে! ভবত্যাং যে ভক্তাঃ অমীষামিয়ং পরিণতিঃ ফলপরিপাকঃ। তদ্দর্শয়ন্নাহ, মদনঃ কন্দর্পঃ হরস্য মনসি ত্বদ্‌ভ্রান্তিং জনয়ামাস ত্বামভেদেন ভজন্ আত্মনি ত্বদ্ভ্রান্তিং জনয়ামাস। মদনঃ কিম্ভূতঃ?

গুণত্রয়াতীতা চতুর্থী তুমি কে, আমরা তাহা নিরূপণ করিতে সমর্থ নহি। তোমার দুরধিগম্য মহিমার সীমা নিরূপিত হয় না। তুমি এই ব্রহ্মাণ্ডমণ্ডল ভ্রামিত করিতেছ এবং সকলকেই মোহনিদ্রায় অভিভূত করিয়া রাখিয়াছ। ৯৮।

জননি! মদন, মহেশ্বরের মনে এরূপ ভ্রান্তি জন্মাইয়া দিয়াছিলেন যে, তিনি মনে করিলেন, আমিই ভগবতী ত্রিপুরা; কারণ যখন তিনি অর্দ্ধনারীশ্বর হইলেন, তখন তাঁহার হৃদয়ে

সুন্দরী তিন দেব, তিন শক্তি ও তিন গুণের অতীত মুলপ্রকৃতি। মন্ত্রপক্ষে হরসুন্দরীশব্দে হকার ও সকার। তনয়াং শব্দে বিন্দু। কূটসমুদায়ের অন্তে এই বর্ণ যোগ করিয়া জপ করিলে তুরীয়াখ্য ব্রহ্মসাযুজ্য লাভ করা যাইতে পারে। ৯৮।

টিপ্পনী।—মহাদেব মদনপরতন্ত্র হইয়া ভগবতী ভবানীকে অভিন্নভাবে ভাবনা করিয়াছিলেন, তাহাতেই তিনি তাঁহার স্বরূপ প্রাপ্ত হইয়াছেন। ভক্ত একান্তভাবে যদি এরূপ ভাবনা করেন যে, আমিই দেবী ত্রিপুরা, তাহা হইলে তিনি দেবীর সারূপ্যরূপ মোক্ষ লাভ করিতে পারেন, এতদ্দ্বারা ইহাই সূচিত হইল। ৯৯।

হরস্যং ত্বদ্ভ্রান্তিং মনসি জনয়ামাস মদনো
ভবত্যাং যে ভক্তাঃ পরিণতিরমীষামিয়মুমে ! ॥ ৯৯ ॥
সরস্বত্যা লক্ষ্ম্যা বিধিহরিসপত্নো বিহরতে
রতেঃ পাতিব্রাত্যং শিথিলয়তি রম্যেণ বপুষা।

কদম্বদ্যুতিবপুঃ কদম্বপুষ্পবদ্দ্যুতিঃ শোভা যস্য বপুষঃ। তৎ কিং কৃতবানিত্যাহ। উরো বক্ষঃ সমুদ্ভূত-স্থূলস্তনভরং কৃতবান্ প্রাদুর্ভূতঃ স্থূলস্তনয়োর্ভরো যত্র। হসিতং চারু কৃতবান্। পূর্ব্বং প্রৌঢ়হাস্যমাসীৎ তদ্বিহায় মনোহরং কৃতবান্। কটাক্ষে কতি কন্দর্পা ন সন্তি, অপি তু সন্ত্যেব ॥ ৯৯ ॥

সরস্বত্যা ইতি। ত্বদ্ভজনবান্ ত্বদ্ভক্তো জনঃ বিধিহরিসপত্নঃ সন্ সরস্বত্যা লক্ষ্ম্যা সহ বিজয়তে বিধিহরিপ্রতিপক্ষমপি ত্বদ্ভক্তং সরস্বতী লক্ষ্মী চ ভজতে

আপীন পয়োধরমণ্ডল উদ্ভূত হইল। অট্টহাস্যের বিনিময়ে সুললিত মধুর হাস্য প্রকাশ পাইল। কটাক্ষে শতশত মদন অবস্থান করিতে লাগিল; শরীর কদম্বপুষ্পের ন্যায় শোভাসম্পন্ন হইয়া উঠিল। এরূপ হওয়া আশ্চর্য্যের বিষয় নহে, কারণ যাঁহারা তোমার ভক্ত, যাঁহারা তোমাকে অভিন্নভাবে ভাবনা করেন, তাঁহাদিগের এইরূপ গতিই হইয়া থাকে। ভক্তগণ যদি তোমাকে অভিন্নভাবে ভাবনা করেন, তাহা হইলে সারূপ্যমুক্তি লাভ করিতে পারেন, সন্দেহ নাই। ৯৯।

মাতঃ! যে সাধক ভক্তিসহকারে তোমার উপাসনা করেন, তিনি ব্রহ্মা ও বিষ্ণুর সপত্নী হইয়া সরস্বতী ও লক্ষ্মীর সহিত

টিপ্পনী।—তোমার উপাসনা বলে মানব কৃতবিদ্য,ঐশ্বর্য্যসম্পন্ন,নিরুপম রূপলাবণ্যশালী ও চিরজীবী হইয়া মুক্তিমার্গে অবস্থান পূর্ব্বক ব্রহ্মানন্দ উপভোগ করিতে থাকেন।১০০।

চিরং জীবন্নেব ক্ষয়িতপশুপাশব্যতিকরঃ
পরং ব্রহ্মাভিখ্যং রসয়তি রসং ত্বদ্ভজনবান্॥ ১০০ ॥
নিধে ! নিত্যস্মেরে ! নিরবধিগুণে ! নীতিনিপুণে !
নিরাঘাটজ্ঞানে ! নিয়মপরচিত্তৈকনিলয়ে ! ।

ইত্যর্থঃ। রম্যেণ বপুষা আত্মনঃ সৌন্দর্য্যেণ রতেঃ পাতিব্রাত্যং শিথিলয়তি। ব্রহ্মাণ্ডে মম পতিঃ সুন্দর ইতি রত্যা অতিনির্ব্বন্ধং দূরীকরোতি। ভক্তঃ কিম্ভূতঃ ? ক্ষপিতপশুপাশব্যতিকরঃ দূরীকৃতঃ অজ্ঞানরূপঃ পাশো যেন স তথা চিরং বহুকালং জীবন্নেব ব্রহ্মাভিখ্যং রসং রসয়তি আস্বাদয়তি জীবন্মুক্তো ভবতীত্যর্থঃ ॥ ১০০ ॥

নিধে ইতি। নিধীয়তে অস্মিন্ বিশ্বমিতি বিশ্বাধারভূতে ! নিত্যং প্রতিক্ষণমানন্দহাস্যং যস্যাঃ, হে নিত্যস্মেরে ! নির্গতোঽবধিরিয়ত্তা গুণানাং যস্যাঃ। হে নীতৌ নিপুণে ! যথোচিতনিগ্রহানুগ্রহপরে ! নিরাঘাটমপরিমিতং জ্ঞানং যস্যাঃ, হে নিরাঘাটজ্ঞানে ! নিগমপরা বেদান্তবাদিনস্তেষাং চিত্তমেব প্রধানং স্থানং যস্যাঃ। নিয়তিঃ শুভাশুভং কর্ম্ম তথা শুভাশুভকর্ম্ম-

---

বিহার করিতে থাকেন। বিশেষতঃ তিনি কন্দর্প অপেক্ষাও রমণীয়তর শরীর ধারণপূর্ব্বক রতির পতিব্রতাধর্ম্ম শিথিলিত করিয়া ফেলেন। ঈদৃশ সাধক চিরজীবী হইয়া অজ্ঞানপাশ উন্মোচনপূর্ব্বক পরমব্রহ্মানন্দ ভোগ করিতে থাকেন। ১০০।

জননি ! তুমি নিখিল জগতের আধারস্বরূপ। তুমি নিরন্তর আনন্দহাস্যে মগ্ন রহিয়াছ। তোমার গুণের ইয়ত্তা নাই। তুমি যথোচিত নিগ্রহানুগ্রহে নিয়তনিরত। তোমার জ্ঞান অপ্রতিহত। তুমি, যমনিয়ম-পরায়ণ জনগণের চিত্তে নিয়ত অবস্থান করিয়া

টিপ্পনী।—স্তব সমাধানান্তে অভিপ্রেত বর প্রার্থনা করা হইল। ১০১।

নিয়ত্যা নির্ম্মুক্তে নিখিলনিগমান্তস্তুতপদে!
নিরাতঙ্কে! নিত্যে! নিগময় মমাপি স্তুতিমিমাম্ ॥১০১॥
প্রদীপজ্বালাভির্দ্দিবসকরনীরাজনবিধিঃ
সুধাসূতেশ্চন্দ্রোপলজললবৈরর্ঘ্যরচনা।

হীনে! অপর্য্যাপ্তবেদান্তে স্তুতং পদং স্থানং যস্যাঃ, হে নিখিলনিগমান্ত-স্তুতপদে! নির্গতমাতঙ্কমিদং কর্ত্তব্যমিদমকর্ত্তব্যমিতি চিত্তচাঞ্চল্যং যস্যাঃ, হে নিরাতঙ্কে! হে নিত্যে! ইমাং মমাপি স্তুতিং নিগময় বেদবৎ কুরু। যথা বেদঃ প্রমাণং তথা কুর্ব্বিত্যর্থঃ। নিশময় ইতি পঞ্চাননঃ ॥ ১০১ ॥

প্রদীপেতি। হে বাচাং জননি! ইয়ং স্তুতিস্ত্বদীয়াভির্ব্বাগ্‌ভির্ব্বির-চিতা নাত্র মম কর্ত্তৃত্বমিতি ভাবঃ। অত্র দৃষ্টান্তমাহ প্রদীপেত্যাদি। যথা প্রদীপজ্বালাভির্দ্দিবসকরস্য নির্ম্মঞ্জনবিধিঃ বিশ্বব্যাপকস্তেজসা স্বল্পতেজোঽনু-ভবিষ্যতীত্যর্থঃ। যথা সুধাসিন্ধোশ্চন্দ্রস্য চন্দ্রোপলশ্চন্দ্রকান্তমণিবিশেষঃ।

থাক। তোমাকে শুভাশুভ কর্ম্মের ফল ভোগ করিতে হয় না। তুমি কর্ম্মফলের অধীন নহ। নিখিল বেদান্তে নিরন্তর তোমার পদ স্তূয়মান হইয়া থাকে। বৈধ বা অবৈধ কোন কর্ম্ম করণেই তোমার শঙ্কা নাই। নিত্যানন্দময়ি! মৎকৃত এই স্তব নিগমসদৃশ প্রমাণিক করিয়া দাও। ১০১।

বিশ্বজননি! যিনি নিজ তেজোরাশিদ্বারা জগন্মণ্ডলব্যাপী হইয়া রহিয়াছেন, তাদৃশ দিবাকরকে সামান্য দীপশিখাদ্বারা নীরাজিত করিলে যেরূপ হয়, সুধার আকর চন্দ্রের পূজার নিমিত্ত চন্দ্রকান্তমণি-নিঃসৃত অমৃত বিন্দুদ্বারা অর্ঘ্য রচনা করিলে

টিপ্পনী।—ইহাদ্বারা প্রতিপন্ন হইতেছে, তুমি পূজ্য ও তুমিই পূজক। তোমা ভিন্ন জগতে আর কিছুই নাই। ১০২।

স্বকীয়ৈরম্ভোভিঃ সলিলনিধিসৌহিত্যকরণং
ত্বদীয়াভির্ব্বাগ্‌ভিস্তব জননি! বাচাং স্তুতিরিয়ম্ ॥ ১০২ ॥
মঞ্জীরশোভিচরণং বলিশোভিমধ্যং
হারাভিরামকুচমম্বুরুহায়তাক্ষম্।

তস্মাদ্‌যদমৃতং স্রবতি তদমৃতেনার্ঘ্যরচনা। যথা স্বকীয়ৈরম্ভোভিঃ সমুদ্রোত্থিত-বারিভিঃ সলিলনিধেঃ সমুদ্রস্য সৌহিত্যকরণং প্রীতিজননমিত্যর্থঃ ॥ ১০২ ॥

যেরূপ হয়, সমুদ্রসলিলদ্বারা সলিলরাশি সমুদ্রের তর্পন করিলে যেরূপ হয়, সেইরূপ তুমি বাক্যসমুদায়ের জননী বলিয়া আমি তোমার বাক্যদ্বারাই তোমার স্তব করিলাম। ১০২।

যাঁহার চরণযুগল মণিময় মঞ্জীরে শোভমান হইতেছে, যাঁহার মধ্যদেশ ত্রিবলি-পরিশোভিত, যাঁহার স্তনতট তারহারে অপরূপ রূপ ধারণ করিয়াছে, যাঁহার লোচনত্রয় বিদলিত কমলদলের ন্যায় আয়ত, যিনি লীলাময়ী, এই নিখিল জগৎ যাঁহার ক্রীড়া-

---

টিপ্পনী।—মায়ার মলিন অংশ পৃথক্‌কৃত হইয়া অবিদ্যাশব্দে অভিহিত হইয়া থাকে মায়ার শুদ্ধসত্ত্ব অংশে অর্থাৎ নির্ম্মল অংশে চৈতন্যস্বরূপ ব্রহ্ম অনুপ্রবিষ্ট হইলেই সেই বিশুদ্ধ মায়াবচ্ছিন্ন চৈতন্য মায়া, দেবী, জগজ্জননী, বিশ্বমাতা, চৈতন্যময়ী ইত্যাদি শব্দে অভিহিত হয়েন। শিবও এইরূপ মায়াবচ্ছিন্ন চৈতন্য। প্রদীপ বলিলে যেরূপ দীপশিখা সমেত প্রদীপ বুঝায় মায়া বলিলেও সেইরূপ চৈতন্যবিশিষ্ট মায়ার বোধ হইয়া থাকে। প্রদীপ ও বর্ত্তি ব্যতিরেকে যেমন শূন্যে দীপশিখার উপলব্ধি হয়না, সেইরূপ মায়া ব্যতি-রেকে ব্রহ্মের অস্তিত্ব লক্ষিত হইতে পারে না। মায়া ও ব্রহ্ম উভয়কে পরস্পর পৃথক করা যায় না কিন্তু যদি পৃথক্ করিবার সম্ভাবনা থাকিত, তাহা হইলে উভয়ের মধ্যে কাহারও অস্তিত্ব লক্ষিত হইত না। আমরা যে শক্তির উপাসনা করি, তিনিই মায়া-প্রতিফলিত চৈতন্য, সুতরাং তিনি ব্রহ্ম হইতে অভিন্ন, অথবা তিনিই স্বয়ং ব্রহ্ম, তদ্বিষয়ে সংশয়মাত্র নাই। ১০৩।